Roll No.: 125



Member
Johorul Haque
Roll No.: 219



Member
Zakia Islam Jonas
Roll No.: 332



Member
Md. Bakhtiar Rana Hasmi
Roll No.: 403



Member
Rafiqul Islam
Roll No.: 412

Writeup

মা, তোমাকে বলা হয়নি

এ,এইচ,এম, সেলিম রেজা

রোল: ১১৩

মা,
আজ চিঠি এল।
২৭তম বিসিএসের চিঠি,
তোমার স্বপ্নের চিঠি,
তোমার উচ্ছ্বাসভরা গর্বের চিঠি।


হাতে নিয়ে প্রথমে দৌঁড়াতে চেয়েছিলাম—
যেখানে তুমি বসতে,
পানের বাটা রেখে বলতে:
“যা বাপ, এখন ঘুমা, অনেক রাত হয়েছে।”

দৌড়েছিলাম তোমার ঘরের দিকে।
চাপা কষ্টে আর্দ্র হয়ে উঠেছিল চোখ।
ঝাপসা অন্ধকারে দেখেছিলাম—
ধূসরিত খালি খাঁট, পানের বাটা,
একটুকরো ওড়নার কাপড়, অব্যবহৃত তেলের শিশি।

সটান পাতা তোমার বিছানা, বালিশটায়
তখনো তোমার শরীরের ঘ্রাণ মেশানো।

তুমি জানো মা,
আমি তোমার শেষ সময়টাতে কিছুই করতে পারিনি।

হাসপাতালের বিছানায় শুয়েও তুমি বলেছিলে:
“তোর চাকরিটার কী খবর রে বাপ? আর কতদিন?”



আমি তোমাকে সান্ত্বনা দিয়েছিলাম?
“আর একটু অপেক্ষা,মা, আর কটা দিন।
প্রায় সবশেষ, শীঘ্রই তোমার আশায় রঙ লাগবে,
গর্বে স্ফীত হবে তোমার বুক।
আর কটা দিন, মা।

আমি হেসেছিলাম।
তুমিও হেসেছিলে।
অনেক কষ্টের হাসি— দম ফুরিয়ে যাচ্ছিল, তোমার।

তুমি চলে গেলে।
সুখবরের প্রত্যাশায় রাত জেগে জেগে
কী যেন রোগ বাঁধিয়েছিলে তুমি।

টেনেটেনে শ্বাস নিতে,অনেক কষ্ট, বসে থাকতে সারারাত,
ওষুধ চলত, অক্সিজেন চলত—ছটফট করতে,
কী এক দুর্বিষহ সংগ্রাম!

আজ তোমার স্বপ্ন সত্যি হয়েছে, মা।
কিন্তু গ্রামসুদ্ধ মিষ্টি বিলানোর পড়েনি কোন ধুম,
শুভ্র শাড়িটা কোমরে জড়িয়ে প্রচণ্ড দৌরাত্মে
কেউ মাড়ায়নি তোমার আঙিনা;
কেউ হল্লা করে মাতিয়ে তুলেনি তোমার প্রিয় বসার ঘর।

তোমার নম্বরটা ডায়াল করতে গিয়ে
থমকে গিয়েছিল আঙুলটা।
শূন্যতার মহাস্রোতে ভেসে গিয়েছিলাম অজান্তেই।

জানো, মা?
আঠারো বছর লাগলো।
বঞ্চনার আবর্ত ছেড়ে বেরিয়ে এসেছে সত্য সুমহান।

আঠারোটা বসন্ত ঝরে গেছে।
তোমার চুলের শুভ্রতায়—
আমার অপেক্ষার সিঁড়িতে।

তোমাকে আর বলা হয়নি।
তোমাকে আর বলা হবে না।।

আমার আত্মজাঃ
আমিই পরমনির্ভরতা

(প্রিয় রামিসা ও আছিয়া, এই অধম বাবাদের তুমি ক্ষমা করো)

মোহাম্মদ মাহফুজুর রহমান সরকার

রোল: ৩৪১



আমি পরমনির্ভরতা; আমি অভয়ারণ্য। মানুষের জীবনে আমার আগমন ঘটে নিঃশব্দে, কিন্তু আমার প্রভাব গভীর। অনেকেই আমাকে দুর্বলতা মনে করে, আবার কেউ কেউ আমাকে ভালোবাসা ও বিশ্বাসের অন্য নাম বলে। আমি এক অদৃশ্য বন্ধন, যা মানুষকে মানুষের সঙ্গে যুক্ত করে রাখে।

একদিন এক বাবা তাঁর ছোট্ট কন্যার হাত ধরে পথ চলছিলেন। কন্যাটি বারবার হোঁচট খাচ্ছিল, কিন্তু বাবার হাত শক্ত করে ধরে থাকায় সে পড়ে যাচ্ছিল না। কন্যাটি বাবাকে বলল, "বাবা, আমি যদি তোমার হাত ছেড়ে দিই?" বাবা মৃদু হেসে উত্তর দিলেন, "তুমি ছেড়ে দিলেও আমি তোমাকে ছেড়ে দেব না।" সেই ছোট্ট কন্যাটিই ছিল আমার আত্মজা। তার চোখে ছিল বিশ্বাস, মনে ছিল নির্ভরতা।

সে জানত, তার পাশে একজন আছে, যার ওপর ভরসা করা যায়। সেই ভরসাই তাকে সাহস জুগিয়েছিল সামনে এগিয়ে যেতে।

বছর কেটে গেল। কন্যাটি বড় হলো। জীবনের নানা চড়াই–উতরাই পেরিয়ে সে বুঝতে শিখল যে পরমনির্ভরতা মানে অক্ষমতা নয়; বরং প্রয়োজনের সময় একজন আরেকজনের পাশে দাঁড়ানো। মানুষ একা বাঁচে না। পরিবার, বন্ধু, সমাজ—সবাই কোনো না কোনোভাবে একে অপরের ওপর নির্ভরশীল। একদিন বৃদ্ধ বাবা অসুস্থ হয়ে পড়লেন। এবার কন্যাটি বাবার হাত ধরে বলল, "বাবা, তুমি ভয় পেও না। যেমন তুমি একদিন আমাকে ধরে রেখেছিলে, আজ আমি তোমাকে ধরে রাখব।" বাবার চোখে জল এসে গেল। তিনি উপলব্ধি করলেন, পরমনির্ভরতার যে বীজ তিনি একদিন তাঁর কন্যার মনে রোপণ করেছিলেন, আজ তা ভালোবাসা ও দায়িত্বের মহীরুহে পরিণত হয়েছে।

> তখন আমি, পরমনির্ভরতা, নীরবে হাসলাম। কারণ আমি জানি, সত্যিকারের নির্ভরতা মানুষকে ছোট করে না; বরং পারস্পরিক বিশ্বাস, মমতা ও দায়িত্ববোধের মাধ্যমে মানুষকে আরও মানবিক করে তোলে। আর সেই মানবিকতার সবচেয়ে সুন্দর প্রতিচ্ছবিই হলো— আমার আত্মজা। রামিসা ও আছিয়ারা হোক পৃথিবীর সকল বাবার আত্মজা;পরম নির্ভরতা ও নিরাপত্তার অভয়ারণ্য।



বাবার শূন্যতা...

মো: ইকবাল হোসেন

রোল: ১০২

এক অদ্ভুত আঁধার ঝেঁকে বসেছে আমার চোখের
তারায়
খোলা চোখে তাই কিছুই দেখি না
যা কিছু প্রিয় তার সবই হারিয়ে গেছে
একজোড়া বন্ধ চোখের মায়ায়।

আমি দেখি স্নিগ্ধ সুন্দর এক পৃথিবী
একটি ভীষণ হাসিমাখা মুখ, মায়াময় এক বটবৃক্ষ যেন
শীতল পাটি বিছিয়ে আমি শুয়ে আছি
তার নরম কোমল ছায়ায়।

আমি শুনতে পাই অদ্ভুত সুন্দর এক কণ্ঠস্বর
আমাকে বাজান বাজান বলে ডাকছে
খুব কাছে এসে আমাকে জড়িয়ে ধরছে
নিবিড় মমতায়।

চোখ খুললেই আমি দেখি ধুসর এক পৃথিবী
ছায়াহীন মায়াহীন বিরান এক মরুভূমি
একলা আমি, শূন্য আমি ভীষণ তৃষ্ণার্ত
চলছি অজানা গন্তব্যে।

বাবা, আমার বাবা আপনি কোথায়!
এক অদ্ভুত আঁধার ঝেঁকে বসেছে আমার চোখের
তারায়
আমার ঘরে, আমার আঙিনায়
আমার মনের মনিকোঠায়।

27, A Reshape of Hope

Dr. Md. Abu Shahadat Hossain


Roll: 103

Twenty-seven, a flower in bloom,
Eighteen years asleep in its room,
On August fifth you found relief,
At twenty-six, you came to peace.

Your blossoming will be complete
When farmers' yards you softly meet,
In fields of crops, in fairs of grain,
In service halls, in tech domains,
Where knowledge flows, and wisdom reigns.

Twenty-seven, a traveler true,
You'll be the farmers' kin anew,
A friend in battles with blight and pest,
A torch-bearer to guide their quest,
In solving woes, you'll stand beside.

You dress yourself, yet more you do—
You dress the farmer's dreams in hue.
By giving all, you brightly show,
Your colors in their lives will grow.





হে নতুন বাংলাদেশ

শেখ তানভীর
রোল: ২৪০

হে নতুন বাংলাদেশ,
এসো—
ভোরের শিশির হয়ে মুছে দাও
অসহায় মানুষের কপালের ক্লান্তি;
ধুয়ে দাও অপেক্ষার ধুলো,
বঞ্চনার নোনা দাগ।

এই দেশ শুধু পতাকার সবুজ নয়,
শুধু মানচিত্রের রেখা নয়;
এই দেশ এক মায়ের দীর্ঘশ্বাস,
এক কৃষকের রোদে পোড়া কপাল,
এক শিশুর না–পাওয়া বইয়ের স্বপ্ন।
যার উঠোনে রাষ্ট্র আসে—
দেরিতে, অল্পে,
অসম্পূর্ণ আশ্বাস নিয়ে।

হে নতুন বাংলাদেশ,
তুমি কি শুনতে পাও—
চরের ক্ষুধা,
হাওরের কান্না,
পাহাড়ি শিশুর বিদ্যালয়ের প্রার্থনা?
শেষ মানুষের বুকের ভেতর
ন্যায়ভিত্তিক রাষ্ট্রের আকাঙ্ক্ষা?

আমরা যাব—
কাদামাটির পথ পেরিয়ে,
নদীভাঙা ঘর পেরিয়ে,
শুনব তাদের কথা,
যাদের বেদনা লেখা হয়নি কোথাও।

সেবাই হোক পরিচয়,
সততাই হোক পথের প্রদীপ,
মানবতাই হোক রাষ্ট্রের ভাষা।
ক্ষমতা নয়—
মানুষের আস্থাই হোক ঠিকানা।

আর একদিন—
চর, হাওর, পাহাড়, গ্রাম, শহর
একই কণ্ঠে বলবে:
বাংলাদেশ শুধু মানচিত্র নয়,
বাংলাদেশ মানুষের মুখে ফিরে
পাওয়া
সম্মান, অধিকার, স্বপ্ন
ও ভালোবাসার নাম।

ছোটগল্প

মোহাম্মদ ইকবাল হোসেন

রোল: ১১৪



সময়টা ২০০৬ সালের মার্চ মাস। ২৭তম বিসিএস লিখিত পরীক্ষা। কেন্দ্র খুলনার হাজী মহসিন কলেজ।

পরীক্ষার ঘণ্টা পড়ে গেছে বেশ কিছুক্ষণ। ঠিক সেই সময়েই তড়িঘড়ি করে এক তরুণ ঢুকে পড়ল পরীক্ষার হলে। দ্রুত রোল নম্বর খুঁজে নিয়ে বসতেই তার চোখ আটকে গেল সামনের বেঞ্চে বসা এক মেয়ের দিকে। মেয়েটি গভীর মনোযোগে খাতার ওপর রোল নম্বর লিখছে।

প্রথম দেখাতেই অদ্ভুত এক ভালো লাগা জাগল ছেলেটির মনে। মেয়েটির চেহারায় ছিল এক ধরনের স্নিগ্ধতা—যা সহজে চোখ এড়িয়ে যায় না।

হঠাৎ ফ্যানের বাতাসে মেয়েটির এডমিট কার্ড উড়ে এসে পড়ল ছেলেটির হাতে। কার্ডটি ফেরত দিতে গিয়ে নাম-ধাম চোখ বুলিয়ে নিল সে। নিজ জেলার নাম দেখে কৌতূহল সামলাতে না পেরে প্রশ্ন করল, আর কথার ফাঁকে নিজের জেলার কথাও জানিয়ে দিল—একই জেলা তাদের দুজনের।

তবু মেয়েটির মধ্যে তেমন কোনো ভাবান্তর দেখা গেল না। সে নিজের মতো করে পরীক্ষায় মন দিল। ছেলেটিও বিসমিল্লাহ বলে লেখা শুরু করল।

একটি পরীক্ষা, তারপর আরেকটি—দিনগুলো কেটে যেতে লাগল। ছেলেটি নানা অজুহাতে কথা বলতে চাইল, প্রশ্ন করল, আশা করল মেয়েটিও কিছু জিজ্ঞেস করবে। কিন্তু না—মেয়েটি যেন দূরত্বটুকু বজায় রেখেই চলল। মাঝে মাঝে পাশের পরীক্ষার্থীর সাথে কথা বললেও, তার সাথে নয়।

পরীক্ষা শেষে তারা পাশাপাশি বের হতো, একসাথে হাঁটতও—তবু যেন অদৃশ্য এক দেয়াল রয়ে যেত তাদের মাঝে।

অবশেষে এলো গণিত পরীক্ষার দিন। মেয়েটি ইংরেজি সাহিত্যের ছাত্রী—স্বভাবতই অঙ্কে একটু দুর্বল। সেদিন ছেলেটির পরীক্ষা আগে শেষ হয়ে যায়। একটু সাহস করে সে জিজ্ঞেস করল—

“ম্যাডাম, কেমন চলছে?”

মেয়েটি হালকা হাসি দিয়ে বলল—

“এখনও দুটো বাকি...”

ছেলেটি কিছুটা সাহায্য করল। হয়তো সেই ছোট্ট সহযোগিতাই ভাঙল বরফের দেয়াল।

শেষ পরীক্ষার দিন, যখন মেয়েটি আর আসবে না—সাহস করে ছেলেটি তার মোবাইল নম্বর চাইল। মেয়েটি কিছুক্ষণ ভেবে নম্বরটা দিয়ে দিল।

এরপর শুরু হলো ফোনালাপ।

“আজ হলে গিয়ে আপনাকে খুব মনে পড়ছিল... রুমটা যেন ফাঁকা লাগছিল...”

ওপাশে নরম হাসি—

“তাই নাকি?”

কথার পর কথা, অচেনা থেকে ধীরে ধীরে পরিচিত হয়ে ওঠা।

পহেলা বৈশাখে দেখা করার প্রস্তাব এলো, কিন্তু মেয়েটির দ্বিধা কাটল না। ছেলেটি অভিমানে ফোন কমিয়ে দিল। তখনই মেয়েটির মনে হলো—একটা শূন্যতা যেন তাকে গ্রাস করছে।

অবশেষে একদিন দেখা করার সিদ্ধান্ত।

কলেজের গেটে অপেক্ষা করছিল ছেলেটি। দূর থেকে আসতে থাকা মেয়েটিকে প্রথমে চিনতেই পারেনি। না, বদলে যায়নি সে—কেবল একটু সাজগোজ, আর তাতেই যেন নতুন রূপ।

“অনেকক্ষণ এসেছেন?”—হেসে জিজ্ঞেস করল মেয়েটি।

“না... এইমাত্র।”

তারপর কলেজের পেছনের পুকুরপাড়ে, এক কৃষ্ণচূড়া গাছের নিচে বসা। কথা যেন এগোয় না—চোখের ভাষাই হয়ে ওঠে প্রধান। মেয়েটি লজ্জায় চোখ নামিয়ে নেয়, আর ছেলেটি হারিয়ে যায় তার চোখের গভীরে।

বিকেল গড়িয়ে যায় অজান্তেই।

সেই দিন থেকে শুরু—ফোনে কথা, সপ্তাহে একদিন দেখা। সম্পর্ক ধীরে ধীরে গভীর হতে থাকে।

একসময় মেয়েটির বিয়ের কথা ওঠে। ছেলেটি নিজের একটি সিভি তৈরি করে মেয়েটির হাতে দেয়। মেয়েটি গোপনে তা তার ভাবীর হাতে তুলে দেয়।

তারপর সবকিছু যেন দ্রুত এগিয়ে যায়। দুই পরিবার দেখা করে, পছন্দ করে—আর সেদিনই সিদ্ধান্ত, সেদিনই বিয়ে।

রাতের অন্ধকারে, চোখভরা জল নিয়ে, পরীক্ষার হলের সেই মেয়েটি পা রাখে নতুন জীবনে—বউ হয়ে।

বন্ধুরা বাসরঘর সাজায়, ফুলে ভরে ওঠে ঘর। বাইরে আকাশও যেন আবেগ সামলাতে পারে না—ঝরে পড়ে বৃষ্টির ধারায়।

ভালোবাসার সেই গল্প আজও থেমে নেই।

জীবনের প্রতিটি দিনে, নতুন নতুন পরীক্ষার মধ্য দিয়ে—

তারা আজও রয়ে গেছে

পরীক্ষার্থী আর পরীক্ষার্থিনী হয়ে।

রঙ্গ-ব্যাঙ্গ

আনোয়ারুজ্জামান
রোল: ৪১৬

এক.

আমি আর আমার ২৭ বিসিএসের খুব কাছের বড় ভাই মিলে কোন এক বিকেলে গাউছিয়া মার্কেট দিয়ে হাঁটছিলাম। হঠাৎ করে থ্রি পিসের দোকানের এক কর্মচারী আমাদের দুজনকে টেনে ভিতরে ঢুকিয়ে ফেলল।

বলল, ভালো মানের সালোয়ার কামিজ আছে। আমরা বললাম, এগুলো দিয়ে আমরা কী করব? দোকানদার বলল– কেন, ভাবির জন্য নিয়ে যাবেন। আমার বড় ভাই বলল, আমি তো বিয়েই করিনি। দোকানদার বলল, বিয়ে করেননিতো কী হয়েছে, যখন করবেন তখন তা পরাবেন। বড় ভাই সাথে সাথে রাজি হয়ে সালোয়ার কামিজ কিনে ফেলল।

আজ ১৮ বছর হতে চললো! ভাইয়ের জন্য অনেক মেয়ে দেখেছি। ১১ টা বিয়ে প্রায় চূড়ান্ত হয়ে গিয়েছিল। কিন্তু পরে সে বিয়ের সানাই আর বাজেনি।

কেন জানেন?

কারণ, জামার সাইজ তো মিলে না!

দুই.

কোন এক গরমের দিনে দুপুর বেলা আমরা দুই বন্ধু মিলে হোটেলে খেতে গিয়েছিলাম। হোটেলে ঢুকেই দেখি বাংলা খাবার ও চাইনিজ খাবারের আলাদা দুটো দরজা। বন্ধু বললো, সব সময় তো বাংলা খাবার খাই, আজকে না হয় চাইনিজ খাব। আমিও রাজী হয়ে চাইনিজ খাবারের দরজা দিয়ে ঢুকে পড়লাম।

এবার চাইনিজ রুমে ঢুকে দেখি আরো দুটো দরজার উপরে লিখা আছে– এসি এবং নন এসি। যেহেতু বাহিরে খুব গরম তাই দুজনেই রাজি হয়ে গেলাম এসি রুমে ঢুকবো।

এবার এসি রুমে ঢুকে আবারো দুটো দরজার উপরে লিখা আছে বাকী/নগদ। বন্ধু বললো, সব সময় তো নগদ খাই, আজকে না হয় বাকি খাই। আমিও সাথে সাথে রাজি হয়ে গেলাম। কিন্তু বাকির দরজা দিয়ে ঢুকেই দেখি আমরা দুজনই রাস্তায় চলে এসেছি!

বোধদয়

আ. ফ. ম. তড়িৎ হোসেন খান
রোল: ৩২৬

বয়সেই বেড়েছো
বুদ্ধিতে বাড়োনি,
তাই দেখি এখনও
ন্যাঁকামিটা ছাড়োনি!

কাজ কম কথা বেশি
বিরক্ত সবেতে,
ভাঁড়ামিটাও গেলো নাতো
সব কথা মালাতে!

চালাকিতে মাস্টারি
ছাড়োনাকো একচুল,
বুঝে যায় সকলেই
নেই তাতে কোন ভুল!

চুল পেঁকে হলে বুড়ো
শ্বাসেতেও নেই দম,
চাঁপাবাজি ছাড়োনাকো
চলছে তা হরদম!

দেখে দেখে এই হাল
ছাড়ি শুধু নিঃশ্বাস,
চিরকালই হারিয়েছো
জনে জনে বিশ্বাস!

ভাল কাজে সাথে থেকে
সামনে এগোতে হয়,
দেখে দেখে ছাড়ি হাল
কবে হবে বোধদয়?



রুম নাম্বার ৪০৬

তারানা চৌধুরী

রোল: ২২৪



রুম নাম্বার ৪০৬, নিউ বিল্ডিং, বি পিএটিসি, আমার বর্তমান ঠিকানা। হ্যাঁ ঠিকই ধরেছেন, আমি ট্রেনিং করছি। ৮০' তম বুনিয়াদি প্রশিক্ষণ, "২৭" তম বিসিএস। অবাক লাগছে তাই না? দীর্ঘ সতের বছর প্রতীক্ষার পর, অনেক আশা নিরাশার দোলাচল পেরিয়ে আমরা আজ গেজেটেড কর্মকর্তা। পথটা অনেক দীর্ঘ ছিল। কঠিন ছিল। কিন্তু তারপরও আমরা পেরেছি ইতিহাসের একটা বিরল ঘটনার অংশ হতে।

২০০৭" সাল, সদ্য বিশ্ববিদ্যালয়ের গন্ডি পেরিয়ে "২৭" তম বিসিএসে উত্তীর্ণ। মেডিকেল, পুলিশ ভেরিফাই সব শেষ। অপেক্ষা কেবলমাত্র জয়েন করার। কিন্তু হঠাৎ করে সব যেন এলোমেলো হয়ে গেল, অর্জন করে নেয়া মূল্যবান কিছু দিয়ে সেই প্রাপ্যতা কেন যেন জোর করে ছিনিয়ে নেয়া হলো। প্রথম ভাইবা বাতিল, দ্বিতীয়বার ভাইবা দিতে হবে। কারন হিসেবে বলা হল, কর্তৃপক্ষের মনে হয়েছে "স্বচ্ছতার অভাব ছিল।" কেবলমাত্র মনে হবার ভিত্তিতে একটা প্রাপ্য অধিকার নিয়ে খেলা। দ্বিতীয় ভাইবা হলো, প্রথম ভাইবায় উত্তীর্ণ হওয়া ১১৪৭ জন বাদ! কেউবা আবার পূর্বের চেয়ে ভাল ক্যাডার পেলো, কেউবা আবার তুলনামূলক ভাবে একটু কম জনপ্রিয় ক্যাডার পেল। এক বিসিএস কে যেন টুকরো টুকরো করে কয়েক ভাগে ভাগ করে ফেলা হলো। সকালবেলার পত্রিকায় যেদিন প্রথম ভাইবা বাতিল সংক্রান্ত নিউজ এসেছিল, সেদিন যেন থমকে গিয়েছিল আমার এবং আমার মতো বাদ পড়ে যাওয়া সবার।

এবার যে একটু পিছনে ফিরে যেতে হয়। সবারই একটা গল্প থাকে। আমারও একটা গল্প আছে। আমার এই পথচলাটা খুব একটা মসৃণ ছিল না।

আমার বিয়ে হয় ১৯৯৮ সালে, না প্রেম করে নয়, সম্পূর্ণ পারিবারিক ভাবে। আমি সবেমাত্র এইচ এস সি দিয়েছি। রেজাল্টও হয়নি। স্বামী জাহাজের কাপ্তান। আট মাস জলে তো চার মাস ডাঙ্গায়। বিয়ের পর বিদেশ ঘুরতে গিয়ে আর ভর্তি কোচিং করা হয়নি। সবাই যেখানে পড়ছে আমি তখন ঘুরছি। পরবর্তীতে ফিরে এসে নিজেই পড়াশোনা শুরু করি। এতোটুকু শুধু মাথায় ছিল পড়া যেভাবেই হোক শেষ করতে হবে। যে মেয়ের অনেক স্বপ্ন ছিল বিদেশে পড়ার, বিদেশ তো দূরের কথা, পড়তে হবে পাবলিক ইউনিভার্সিটি। খুব ল' পড়ার ইচ্ছা ছিল। তখন ভুইয়্যা একাডেমির বেশ নামডাক, সেটাতেও ভর্তি হতে দেয়া হলো না। মূহুর্তের মধ্যে জগতের সবকিছু যেন সীমিত হয়ে গেল। 'না' শুনতে না পারা মেয়েটি হঠাৎ করে অনেক 'না' এর মধ্যে পড়ে গেল। বিবাহিত মেয়েদের জন্য নাকি অনেক কিছুতে 'না'!

সবকিছুর চাপে আমার স্বপ্নও সীমিত হয়ে গেল। শুধু একটা জেদ ছিল পড়াশোনা শেষ করতে হবে। যদিও পড়াশোনার কোন শেষ নেই। তবুও সাধারণ অর্থে যা বোঝায় সেই পর্যন্ত আমাকে যেতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় "খ" এবং "ঘ" দুই ইউনিট, আর ইডেনে ভর্তি পরীক্ষা দেই। তিনটাতেই চান্স পাই। কিন্তু ল' আর পেলাম না। আর যেই সাবজেক্টই পছন্দ করতে যাই, মা ছিলেন সাথে, বললেন বিয়ে হয়ে গিয়েছে, সহজ কিছু নাও, ল' না পাবার কষ্টে কেমন জানি রোবটের মতো কাজ করলাম। সমাজ বিজ্ঞানে ভর্তি হলাম। আগেই ক্ষমা চেয়ে নিচ্ছি সমাজবিজ্ঞানকে আমি ছোট করে দেখছিনা, আমার পছন্দ ছিল ভিন্ন রকমের। এরকম কোন বিষয়ে পড়া যা কেবল নিজের কিছু করার, নিজের ব্যক্তিত্বকে প্রকাশ করার সুযোগ থাকে।

ক্লাস টেনে সাতকাহন উপন্যাস পড়েছিলাম। তখন মনে হয়েছিল, এটা তো যে সময়ে লেখা হয়েছিল সে সময়ের প্রেক্ষাপটে মেয়েদের স্বনির্ভরতা, আত্মমর্যাদা প্রতিষ্ঠা করা কঠিন ছিল। এই যুগে হলে এই উপন্যাসের জন্ম হতো না। বুঝতে পারিনি আমার জীবনেও সাতকাহন উপন্যাসের পুনরাবৃত্তি ঘটতে চলছে।

আমরা তিন বোন। ছেলে ছিল না বলে বাবা মায়ের কোন আক্ষেপ দেখিনি। বাবার ধমক জীবনে খাইনি। পরিবারের মেজ সন্তান ছিলাম। মেজো সন্তানের জেদ বেশী কথাটা আমার মতে ভুল না। কারন মেজ সন্তান মাঝে পড়ে একধরনের বিপাকে পড়ে। সবকিছু আদায় করে নিতে হয়। বাবা প্রচন্ড আহ্লাদ দিতেন। যা চাইতাম তাই দিতেন। রাগ উঠলে চশমা ভাঙ্গতাম, তাই সবসময় কয়েক জোড়া চশমা বানিয়ে রাখতেন। পরবর্তীতে কাঁচের মগ কিনে এনেছিলেন। শুনতে অবাক লাগছে তাই না, হ্যাঁ অবাক হবারই মতো। রেগে গেলেই বাবা মগ নিয়ে আসতেন, ভাঙ্গার জন্য। মা এটার বিপক্ষে ছিলেন। কিন্তু বাবা যেন এটাতেও এক ধরনের সুখ পেতেন। আমরা সরকারি বাসভবনেই বেশি সময় কাটিয়েছি। আমার বাবা এডমিন ক্যাডারে ছিলেন। আমি ছয়বার স্কুল পরিবর্তন করা মেয়ে।

তখন আমরা সরকারি বাসায় থাকতাম। সবচেয়ে ভাল রুমটা আমার জন্য বরাদ্দ দিতেন। আমার একার রুম। আর দুই বোন এক রুমে। আমার বাবার যুক্তি ছিল নিতু অনেক পড়াশুনা করে আর রুম গুছিয়ে রাখে ওর একা রুমে থাকলেই ভাল। হ্যাঁ, আমার ডাক নাম "নিতু।"

লেখা ফাস্ট ফরওয়ার্ড করি। বড় লেখা এখন আর কেউ পড়তে চায় না। বাবার এতো ভালবাসার জন্যই হয়তো বাবার পছন্দ করা পাত্রে না বলতে পারিনি। বাবা তাঁর অতি আদুরে কন্যাকে খুব অল্প বয়সে আরেকজনকে সপে দিয়েছিল। সপে

দেয়াই বলবো, কেননা আমি আমার ২৩ বছরের মেয়েকে এখনও বিয়ে দেয়ার চিন্তা মাথাতেও আনতে পারি না।

আমি যখন সেকেন্ড ইয়ারে উঠি তখন আমার ছেলে জন্মগ্রহণ করে। আমার "সাহাজ।" আমার কাছে জীবন্ত পুতুল। আমি কিন্তু ছেলেবেলায় পুতুল নিয়ে খেলিনি। ছেলে মেয়েকে আলাদা ভাবে দেখা হয়– হয়তো তখনই বুঝতে পেরেছিলাম। সাহাজকে যখন গর্ভে ধারণ করি তখন যাত্রাটা সহজ ছিল না। বেড রেস্টেই কেটেছে পুরোটা সময়। এরমধ্যে ফার্স্ট ইয়ার ফাইনাল এসে পড়ে। ডাক্তার বলে, একটা চুজ কর, হয় পরীক্ষা না হয় বাচ্চা! জীবনের প্রথম সিক বেডে পরীক্ষা দেই। একটা একটা সিঁড়ি বেয়ে নামতাম। এরমধ্যে জীবনের সবচেয়ে ভয়ংকর ঘটনা ঘটলো– আমার বাবার ক্যান্সার ধরা পড়লো। থার্ড স্টেজ। সিঙ্গাপুরে সময় বেঁধে দিলেন। চিকিৎসা



শুরু হলো। আম্মা পুরোটা সময় বাবাকে নিয়ে ব্যস্ত। আমার বড় বোনেরও তখন ছেলে হয়েছে।

আমি ডাক্তার একা দেখাই, আল্ট্রাসাউন্ড একা করাই। যেহেতু বয়স বোঝা যেত না, সেহেতু অদ্ভুত সব প্রশ্নের সম্মুখীন হতাম।

যাই হোক, ২০০০ সালের ৩০শে' নভেম্বর আমার ছেলে এই পৃথিবীতে আসে। আমি সেকেন্ড ইয়ারে ততদিনে উঠে গিয়েছি। এলিফ্যান্ট রোডে থাকি। ক্লাস করি, বাসায় আসি, বাচ্চার সবকিছু করি আমি।

আমার কলাভবনে আড্ডার কোন স্মৃতি নেই। নেই কোন বিশ্ববিদ্যালয় জীবনের ছবি। নেই পহেলা বৈশাখে মঙ্গল শোভাযাত্রা দেখা কিংবা নিরব হোটেলে খেতে যাওয়া! বাচ্চা, সংসার, পড়াশোনা, এই তিনটার মধ্যেই জীবন সীমিত।

বাবাকেও কোন সেবা করতে পারিনি। সেই কষ্ট আজীবন তাড়া করে বেড়ায়। এরমধ্যে আব্বার পোস্টিং যুক্তরাষ্ট্রে নিউইয়র্কে হয়। আব্বা, আম্মা, ছোটবোন চলে যায়। চতুর্থ বর্ষে আবার আমি মা হবার সৌভাগ্য অর্জন করি। আমার ছোট্ট পরীর তখন জন্ম হয়। আমার মা' সাহিরা। যখন এমএসএস দেই, ছেলে স্কুলে যায়।

কিভাবে সবকিছু ম্যানেজ করেছি, সত্যিই জানি না।

কিন্তু সময় পার হয়ে যায়। মাস্টার্স পরীক্ষার সময় ২৭ তম বিসিএস এর পরীক্ষা ছিল।

বিসিএসে উত্তীর্ণ হয়ে এতো খুশি হয়েছিলাম, যে আল্লাহ সবকিছু কত সহজ করে দিয়েছে। কিন্তু সহজ আর সহজ থাকলো না। সবকিছু মূহুর্তে তছনছ।

যে মেয়ে ঘর থেকে খুব কম বের হয় সেও শহীদ মিনারে, কোর্টে যায়, আরও কত জায়গায় গেল। মানববন্ধনও করলো, কিন্তু ফলাফল শূন্য।

পরবর্তীতে ২০১২ এর জানুয়ারীতে সোনালী ব্যাংকে জয়েন করি।

এরপর ঘটনার দশবছর পরে চলে আসি। ২০২২ সালে আমার পোস্টিং হয় সোনালী এক্সচেঞ্জ নিউইয়র্কে। জীবনের ৩৬০° তে ঘুরে ২৪ বছরের সংসারকে গুটিয়ে চলে যাই নিউইয়র্কে। প্রথমে আমি একাই যাই। বাসা নেয়া থেকে শুরু করে আসবাব কেনা, সুই থেকে সুতা সবকিছু অর্থাৎ নতুন করে আবার সংসার সাজাই। সম্পূর্ণ একা। ছেলে তখন যুক্তরাষ্ট্রের বোস্টনে আর মেয়ে আসে তিন মাস পর নিউইয়র্কে এবং বর আসেন ছয়মাস পড়ে।

সেখানে সবকিছু নিজেরই করতে হয়। দেশে কখনও রান্না করার প্রয়োজন হয়নি। বিদেশে সবকিছুই করতে হতো। এভাবে দেখতে দেখতে সাড়ে তিন বছর পার হয়ে যায়। হঠাৎ করে ২৭ আবার মাথাচাড়া দিয়ে উঠলো। প্রথমে ভাবলাম নাহ্, একদম মাথায় নিবো না। কিন্তু পরবর্তীতে মনে হলো কেন নিবো না? আমার প্রাপ্য অধিকার, আমার সম্মান, আমার নিজেকে প্রমাণ দেয়ার প্রয়াস। তারপর আসলো ১৮' ই ডিসেম্বর। আমরা আমাদের বিসিএস ফেরত পাই। জয়েন করার ঠিক একদিন আগে আবার ৩৬০° তে ঘুরলাম। সবচেয়ে বেশি প্রেরণা হিসেবে কাজ করেছে আমার সন্তান। যাদের আমি বলি, এখন ওরা আমার বাবা – মা'য়ের ভূমিকায় অবতীর্ণ। আমার মেয়ে বললো একটা সিনেমার ডায়লগ, " যা সিমরান যা, জিলে আপনি জিন্দেগী।" ওরা এখন পর্যন্ত একবারের জন্যও বলেনি, মা কবে আসবা, কষ্ট হচ্ছে? উল্টো বলে, "মা' তুমি পারবে, আমরা হলেও পারতাম না।" এরচেয়ে বেশী অনুপ্রেরণামূলক বাক্য একটা মা'য়ের জন্য আর কি হতে পারে?

প্রতিদিন অনেকের প্রশ্নের সম্মুখীন হতে হয়, আমেরিকা ছেড়ে, সেটেল্ড লাইফ ছেড়ে, বাচ্চাদের রেখে কেন আসছি দেশে? আমি তাদের উদ্দেশ্যে বলি, আমি আমার নিজের দেশে এসেছি। আমি আমার প্রাপ্যতা বুঝে নিতে এসেছি, আমি আমার সন্তানের বিশ্বাসকে অটুট রাখতে এসেছি।

২৭ আমার জেদ, ২৭ আমার প্রাপ্য অধিকার, ২৭ আমার জীবন থেকে কেড়ে নেয়া ১৭ বছরের প্রতিদান। ২৭ আমার জীবনের সাথে মিশে থাকা এক অমূল্য অধ্যায়। আমি হারতে শিখিনি। মাথা নত কেবল সৃষ্টিকর্তার কাছেই করবো। একমাত্র উনি'ই দিতে পারেন, আবার নিতেও পারেন। এই একটি বিশ্বাসের উপর নির্ভর করে আজ আমি এই অবস্থানে।

সিদ্ধান্ত ভুল না সঠিক, সময়ই বলে দিবে। এখন থেকে বিশ্বাস করি, মনে লালন করি না শুধু, ধারণও করি, "মূহুর্তে বাঁচো। যদি তোমার বর্তমান ঠিক থাকে তবে তোমার আগামী মূহুর্তও ঠিক থাকবে যদি আল্লাহ চায়।"

লেখা এতোটুকুই থাক, আমাদের প্রতিটি ২৭', যারা আমরা এই অসাধ্যকে সাধন করেছি, তাদের কে বলি, আমাদের মতের অনেক অমিল থাকতে পারে, কিন্তু ২৭" এর ক্ষেত্রে আমরা কেবল এক এবং একমাত্র।

২৭" একটা শক্তি। পরিশেষে না বললেই নয়,"Where there is hope, there is faith. Where there is faith, Miracles Happen."

আমাকে আপনি পাবেন না

খন্দকার সাবরিনা আমীন দিশা

রোল: ১০৯

আমাকে আপনি পাবেন না—
হৈ-হট্টগোলে,
একগাদা মানুষের ভিড়ে,
ট্রেন্ডের পেছনে দৌড়ে,
চাকচিক্যের প্রতিযোগিতায়,
হিংসার প্রসারে,
প্রতিশোধের স্পৃহায়—
আমি নেই।

গুজবে, রটনায়, পরনিন্দায়,
পরচর্চার গসিপে—
আমাকে পাবেন না।
বিশ্বাসঘাতকতায়,
ফেলে যাওয়ার দলে,
অবহেলা আর
ভুলে যাওয়ার ভুলে—
আমি নেই।

আমি নেই—
আজ আছি, কাল নেই,
এই যাযাবর দলে।

আমাকে পাবেন—
নিবিড় বন্ধুত্বে,
ছোট্ট কোনো নির্জন বৃত্তে,
একলা কোনও বেঞ্চের কোণে,
অন্যায়ের প্রতিবাদের জোর
আওয়াজে।

আমাকে পাবেন—
বৃষ্টি ভেজা কোনো ফুলগাছের পাশে,
কুয়াশা মাখা পাহাড়ের চূড়ায়,
বিকেলের স্নিগ্ধ আলোয়,
পুরনো দিনের গানের সুরে।

আমাকে পাবেন—
থেকে যাওয়ার দৃঢ়তায়,
মায়ায়, পিছুটানে,
অন্তহীন এক অপেক্ষায়।
কখনও বিরক্ত না করে—
নীরব ভালোবাসায়,
অভিমানে, নিঃশব্দতার ছায়ায়,
আজীবন বন্ধুত্বের বন্ধনে।

কারো কারো কাছে
আমি কখনও কখনও সহজলভ্য।
তবু মনে রাখবেন—
আমি আসলে
মারাত্মক দুর্লভ।



Our Environment Our Thought

Md. Fouad Hossain Sarker
Roll No.: 133

Abu Salah Md. Yousuf
Roll No.: 145

Farjana Bilkis
Roll No.: 423

Introduction

Environment has become one of the most serious issues worldwide in the twenty-first century. Climate change, biodiversity loss, pollution, deforestation and unsustainable consumption of resources all threaten ecological balance and human well-being. Civil servants are the future administrators and policy makers and their role in the shaping of environmental governance and implementation of sustainable development policies and dissemination of environmental awareness among citizens is critical. With this responsibility in mind, the celebration of World Environment Day 2026 at Bangladesh Public Administration Training Centre (BPATC) was an opportunity to explore the environmental perceptions of trainee civil servants. A qualitative study was conducted to explore participants' perspectives among 178 participants of 80th Foundation Training Course (FTC) with one common question. The question was 'What do you concern about the environment?' Participants made short reflective statements that were thematically analyzed. The results show high awareness with respect to environmental degradation, climate change, pollution, afforestation, sustainable development, and common responsibility. Such perceptions offer useful insights into the environmental consciousness of future public administrators of Bangladesh.




Figure 1: Word Cloud Generated from Participants' Responses on Our Environment Our Thought.

The word cloud (Fig. 1) generated based on the answers of the participants graphically shows the most used words and concepts. Majority of the words are environment, pollution, save, trees, future, awareness, protection, climate change, clean, green, nature, and generation indicating their importance in the participants' perception of environmental issues. The importance of trees and plantation terms indicates a high perception that afforestation is one of the most useful measures for environment conservation. Similarly, the frequent mentions of pollution, waste management, plastic reduction and clean environment reflect the participants' concerns about the increasing environmental degradation. The ongoing invocation of future generations suggests an intergenerational dimension, as if the participants conceive of environmental protection not only as a present necessity, but also a moral obligation towards future citizens.

Theme 1: Environment as the Foundation of Human Survival

The primary theme in the responses is that the environment is seen as the fundamental basis of life and human existence. Participants repeatedly cited the environment as important to clean air, safe water, fertile soil, healthy ecosystems and health and well-being. Many respondents pointed out the



interdependence of human survival and environmental protection and ecological balance. This viewpoint shows an understanding of the link between humans and nature. The respondents identified the direct effect of environmental degradation on health, livelihood, food security and social stability. Such views are common knowledge among civil service trainees that environmental protection is not only an ecological issue but also a developmental and governance issue.

Theme 2: Growing Concern over Pollution and Environmental Degradation

Another crucial theme is pollution and the degradation of the environment. Air pollution, water contamination, soil degradation, industrial waste, plastic pollution, and improper waste disposal were frequently raised by participants as environmental concerns. Some of the respondents pointed out industrial effluents, plastic overuse, brickfields and unmanaged waste as serious threats to the environmental sustainability. These observations are a realistic assessment of the current environmental challenges in Bangladesh. The answers show that the participants are aware of the complicated nature of pollution and its negative impacts on the ecosystem, public health and the quality of life. Some of the participants also stressed the need for strict enforcement of the environmental laws and regulations to effectively combat environmental degradation.

Theme 3: Climate Change and Environmental Vulnerability

Another major concern was climate change. Cyclones, floods, droughts, landslides, rising temperatures, greenhouse gas emissions and global warming were cited by participants as indicators of heightened environmental vulnerability. Carbon emissions and unsustainable human behavior were cited by many respondents as the causes of these phenomena. The results indicate a high level of awareness of vulnerability of Bangladesh to climate-related hazards. Participants agreed that climate change poses significant risks to livelihoods, food security, biodiversity and socio-economic development. Many answers emphasized the need for climate-resilient policies, green technologies and sustainable development practices as necessary approaches to meet these challenges.

Theme 4: Afforestation and Conservation as Key Solutions

The most frequently mentioned solutions were tree plantation and forest conservation. The participants consistently called for planting more trees, stopping deforestation, increasing green spaces, promoting rooftop gardening and maintaining biodiversity. The forests were seen as not just carbon sinks but also as essential resources for ecological balance and climate change mitigation. The heavy emphasis on afforestation is a practical and concrete form of environmental

caretaking. Participants saw tree plantation as collective responsibility of government agencies, communities and individual citizens. This finding implies that future public servants regard afforestation projects as a providential event from both social and environmental perspectives.

Theme 5: Environmental Awareness and Behavioral Change

Participants identified human actions as the main drivers of environmental degradation including over-consumption, inappropriate waste disposal and non-sustainable use of resources. As a result, there were many calls for public education campaigns, community outreach, and environmental awareness programs. Environmental conservation is more than technology or government legislation, and the focus on behavioral change is a recognition of this. The participants agreed that there is a need to develop environmentally responsible attitudes and activities among the citizens. This is a very good fit for today's participation, education and social responsibility-based sustainability initiatives.

Theme 6: Collective Responsibility and Sustainable Governance

The responses also highlighted the importance of collective action for environmental sustainability. Responsibility for protecting the environment is not only with governments, but requires the participation of individuals, communities, industries and international actors, participants said. A number of respondents called for stronger policies, sustainable industrial practices, green infrastructure and better environmental governance. The theme is particularly relevant in the context of the respondents' professional background as future public administrators. They value policy interventions, regulatory enforcement, sustainable development planning, and institutional collaboration and thus understand the governance aspects of environmental management. These views are encouraging for the future integration of environmental aspects into public administration and policy making.

Conclusion

The qualitative findings of the 178 people who participated in the 80th Foundation Training Course reflect a high degree of environmental awareness and a great willingness to protect the environment and to be sustainable. Participants



view the environment as the foundation for human survival and recognize the grave dangers it faces from pollution, climate change, deforestation and unsustainable practices. The word cloud analysis and the thematic findings imply that the key components of their environmental understanding are afforestation, pollution control, waste management, environmental awareness, sustainable development and collective responsibility. Most importantly, the answers show that future civil servants consider environmental sustainability as a personal responsibility and a challenge of governance. They advocate a holistic approach to environmental management, focusing on policy enforcement, behavioral change, community involvement, and climate resilience. Bangladesh continues to face increasing environmental and climate challenges and it is important that public officials are aware of such issues to encourage sustainable development and a resilient future for the coming generations.



যেখানে বসন্ত থামে, তুমি শুরু হও

আক্তারুজ্জামান সোহেল

রোল: ৪০৮

প্রিয় বসন্তের প্রভাতে,
যে আলো আর রোদ
চুপিসারে ঢুকেছে আমার ঘরে—
সে তো তোমারই শরীর থেকে খসে পড়া
এক টুকরো মাত্র।
প্রিয় বসন্তের প্রভাতে,
যে বাতাস প্রিয়তমা মানুষের মতো
আমার অবয়বে বুলিয়েছে পরশ—
এই তো মাত্র ক'দিন আগে
নীরব এবং ভয়ার্ত একটি ভোরে
তোমার আলগা চুল
আমার উষ্ণ শরীরে
যেভাবে গড়াগড়ি খেল,
ঠিক তারই মতো।
প্রিয় বসন্তের
প্রভাতের দরজা খুলতেই
হলুদ শাড়ি আর গাঁদা ফুল—
সে তো তোমারই অঙ্গে।
তোমাকে মোহনীয় করতে
আমার কী ইচ্ছে করে না—
শিমুলের কাছ থেকে রং এনে
আল্পনা এঁকে দিই তোমাকে!
অথবা
পলাশের বুক থেকে
রক্তাক্ত পাপড়ি এনে
সারা শরীর আবৃত করে দিই তোমার,
সঙ্গে আমের মুকুলের একটিমাত্র
লাগাই তোমার কপালে।
তারপর—
তারপর আনন্দে উদ্বেলিত
অনেকের মতো
আমরাও—
হাতে হাত রেখে
হাঁটতে হাঁটতে গাইব
বসন্তের প্রিয় গান—
"আহা আজি এ বসন্তে....."
শেষমেশ
টিএসসি, রমনা ঘুরে
সবুজ মাঠ পেরিয়ে
একুশের ভোরে অযত্নে পড়ে থাকা
একটি শহীদ মিনারে
"মা, মাতৃভাষা, মাতৃভূমি—
কী ব্যবধান, আমি জানি না"—
গাইতে গাইতে জমা দেব আমরা
আমাদের সবটুকু সঞ্চিত ভালোবাসা।

বৃক্ষের আদর্শ

আবু সাইদ মোঃ নিজাম উদ্দিন

রোল: ৪০৪

বৃক্ষের আদর্শে বিশ্বাসী আমি
তোমার আদর্শে নই;
বৃক্ষরূপ দিয়েছি তোমায় হৃদয়ের আলিঙ্গন
তুমি কি দেবে আমায়? মনের উচ্চাসন!

বরফ মহাদেশ এন্টার্কটিকায়

ফারজানা হামিদ

রোল: ১৩৮



২০২৪ সালের সম্ভবত ফেব্রুয়ারি মাসের দিকে বাংলাদেশের ভ্রমণজগতের পরিচিত মুখ তানভির তার ফেসবুকে একটা পোস্ট দিল। তারা বাংলাদেশ থেকে একটি গ্রুপ নিয়ে এন্টার্কটিকা মহাদেশে যেতে চায়। আগ্রহীরা যেন যোগাযোগ করে। মেসেঞ্জারে তার সাথে যোগাযোগ করে যাওয়ার আগ্রহ প্রকাশ করলাম। সে মোটামুটি আমার একটা ইন্টারভিউ নিয়ে ফেলল। তারপর বলল, ঠিক আছে আপু আপনাকে আমাদের গ্রুপে এড করে নিচ্ছি, নিয়মিত যোগাযোগ রাখবেন। তবে সে এন্টার্কটিকা ভ্রমণের যে খরচের অংক উল্লেখ করল তা শুনে সারা রাত আমি ঘুমাতে পারলাম না। আমার সারা জীবনের সমস্ত সঞ্চয় একত্র করার পরেও আরো চার–পাঁচ লাখ টাকার ঘাটতি থাকে। এতগুলো টাকা ম্যানেজ করে ভবিষ্যতে কোন আর্থিক প্রয়োজনের বড় ঝুঁকি নিয়ে এন্টার্কটিকা যাব কিনা সেটা শুধু ওই রাতেই চিন্তা করলাম। তারপর সিদ্ধান্ত নিলাম আমি যাবো। পরদিন আমার হাজব্যান্ড রাহাদকে আমার যাওয়ার বিষয়ে জানালাম। শুনে তার মুখ পাংশু হয়ে গেল! এত টাকা খরচ করে যাবা? কিছুদিন পর টাকা জমিয়ে গেলে হয় না? আমি বললাম, আমার মা–বাবা, ছোট ভাই সবাই তো অল্প বয়সে মারা গেছে। যদি আমিও মরে যাই? হয়তো টাকা জমা হবে কিন্তু তখন যদি যেতে না পারি! রাহাদ সাথে সাথেই রাজি হল। এটা হল রাহাদকে ইমোশনাল ব্ল্যাকমেইলিং করে রাজি করানো! এবার ছেলেমেয়েদের পালা। আমাদের সম্ভাব্য যাত্রার সময় ডিসেম্বর মাস। যখন তাদের পরীক্ষা থাকবে। আমি না থাকলে তারা ঠিকমতো পড়বে কিনা, থাকতে পারবে কিনা এই বিষয়ে আলোচনা হলো। আমার যাওয়ার কথা শুনে তারা অতি আনন্দে রাজি হয়ে গেল। শুধু শর্ত একটাই, অনেক চকলেট আনতে হবে।

এরপর শুরু হলো প্রস্তুতি। বাংলাদেশ থেকে ৬ জন মেয়ে সহ ১৩ জন এবং প্রবাসী বাংলাদেশী সহ মোট ২৭ জন বাংলাদেশী একসাথে এন্টার্কটিকায় পদযাত্রার এটি একটি ইতিহাস। আমাদের টিম লিডার ছিলেন বিমান বাহিনীর সাবেক কর্মকর্তা ইনাম আল হক ভাই।

আমাদের যাত্রা শুরু হল পহেলা ডিসেম্বর ২০২৪ তারিখে। আমরা ছয় জন একসাথে প্রথমে তুরস্ক গেলাম, তারপর সেখান থেকে আর্জেন্টিনা। দীর্ঘ ১৭ ঘন্টা ফ্লাইট এবং ২০ ঘন্টা যাত্রার বিরতিতে আর্জেন্টিনা পৌঁছে আমরা এতটুকুও ক্লান্ত হইনি। রাতের বুয়েনেস এইরেস (ওরা এভাবেই উচ্চারণ করে) দেখতে দেখতে আমরা হোটেলে পৌঁছে গেলাম।

পরদিন সকালে আর্জেন্টিনার রাজধানী দেখতে দেখতে কিছু প্রয়োজনীয় কেনাকাটা শেষ করলাম।

৪ ডিসেম্বর খুব ভোরে পৃথিবীর সবচেয়ে দক্ষিণের শহর উশাইয়ার উদ্দেশ্যে যাত্রা শুরু করলাম। ফ্লাইটে সাড়ে তিন ঘণ্টা সময় লেগেছে। উশাইয়া প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর একটি গোছানো শহর। প্রথম দিন আমরা ঢাকা থেকে বুকিং করে যাওয়া হোটেলে উঠলাম। পাঁচ তারিখে ট্রাভেল এজেন্সি থেকে আমাদের থাকার ব্যবস্থা করা হলো খুব সুন্দর একটি হোটেলে।

পরদিন ছয় ডিসেম্বর আমাদের জীবনের সবচেয়ে আকাঙ্খিত এবং এডভেঞ্চারাসপূর্ণ এন্টারটিকা এক্সপেডিশন শুরু হল!

দুপুরের পরে আমাদেরকে শিপে বোর্ডিং করতে হলো। চার বেডের একটা রুম আমরা পেলাম। লাগেজ রুমে রেখে আমি উপরের বেডটা বেছে নিলাম। সবার বোর্ডিং শেষ হলে আমাদেরকে ওরিয়েন্টেশন দেওয়া হলো। সি সিকনেস এড়ানোর জন্য সবাইকে প্রথমে প্যাচেস দিয়ে দেওয়া হলো। এটা কানের পেছনের দিকে লাগাতে হয়। শিপ ছেড়ে দিল বিকেল পাঁচটায়। একপাশে আন্দিজ পর্বতমালার মার্টিয়াল মাউন্টেন রেখে বিগল চ্যানেল দিয়ে জাহাজ এগিয়ে চলল। সাধারণত টুরিস্টরা আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরের মিলনস্থল কুখ্যাত ড্রেক প্যাসেজ পাড়ি দিয়ে এন্টারটিকা পেনিনসুলায় পৌঁছায়। তবে আমাদের রুট ছিল ফকল্যান্ড– সাউথ জর্জিয়া– এন্টার্কটিকা পেনিনসুলা– ড্রেক প্যাসেজ পাড়ি দিয়ে উশাইয়া ফিরে আসা। রাতে ২৭ জন বাঙালি সহ শিপের সব সহযাত্রী একসাথে ডিনার করলাম। হোটেল ছেড়ে আসার পর এখনো পর্যন্ত বাসায় যোগাযোগ করা যায়নি। ইন্টারনেট কিনতে হবে। ২৫ ইউরো দিয়ে ১০ এমবি কেনা যায়। বাংলাদেশে যে আমরা কতটা সস্তা এবং আরামে থাকি এটা বিদেশে না গেলে বোঝা যায় না! ঘুমানোর ঘণ্টাখানেক পরেই শুরু হল জাহাজের দুলুনি । আজকে তো আমাদের ড্রেক প্যাসেজে আসার কথা না। তাহলে এত দুলছে কেন! আমি ভয়ে আমার রুমমেটকে ডাকলাম। জাহাজ এত দুলছে কেন? কারণ সমুদ্রে ঝড় উঠেছে। বিশাল বিশাল ঢেউ। প্রায় ভোরের দিকে আবহাওয়া ঠিক হয়ে এলো। পুরো দুইটা দিন জাহাজ চলার পর আমরা ফকল্যান্ডের স্ট্যানলিতে পৌঁছালাম। এই দুই দিনে আমাদেরকে বিভিন্ন সময় এই

অভিযান সম্পর্কে ওরিয়েন্টেশন দেওয়া হয়েছে। এছাড়া প্রত্যেককে বিশেষ বুট ও জ্যাকেট সংগ্রহ করতে হয়েছে। দ্বীপে নামারও কিছু নিয়মকানুন রয়েছে। এসব নিয়মকানুন আমাদের বার বার স্মরণ করিয়ে দেয়া হচ্ছে।

জাহাজ নোঙ্গর ফেলার পর অভিযাত্রীদের ছোট ছোট জোডিয়াকে করে দ্বীপে নিয়ে যাওয়া হবে। জোডিয়াক হচ্ছে এক ধরনের রাবারের তৈরি স্পিড বোট এর মত। বুট, জ্যাকেট, লাইফ জ্যাকেট তার নিচে তিন প্রস্থ জামা কাপড় পড়ে আমরা জীবনের প্রথম জোডিয়াকে উঠলাম। সমুদ্রের ঢেউয়ে জোডিয়াক দুলছে! এর মধ্যে একটু উনিশ বিশ হলে যে কেউ সোজা পানিতে পড়ে যাবে! তাই সবাইকে খুব সতর্কতার সাথে জোডিয়াকে চড়তে হয়! আমি মনে মনে দোয়া দরুদ পড়তে পড়তে রওনা হলাম।আমরা প্রথমে ওয়েস্ট পয়েন্ট আইল্যান্ডে নামলাম। সমুদ্রের নীল পানি, দ্বীপের অ্যালবেট্রস, ছোট ছোট পেঙ্গুইন দেখে ভাষা হারিয়ে ফেললাম। কে এত সুন্দর করে প্রকৃতিকে বানিয়েছে? পৃথিবী এত সুন্দর হয় কিভাবে! মজার ব্যাপার হলো এখানে নাকি দুজন ব্রিটিশ ১৯৬০ সালের দিকে বসবাস করতে এসেছিলেন। তাদের আধুনিক পৃথিবী ভালো লাগে না। তাই তারা বেছে নিয়েছিলেন জনমানব শূন্য এই প্রাকৃতিক পরিবেশকে। মাসে একবার হেলিকপ্টারে করে তাদের রসদ দিয়ে যাওয়া হতো। এরপর আমরা গেলাম সন্ডার্স দ্বীপে। এখানে পেঙ্গুইনের সংখ্যা অনেক বেশি। পরদিন আমরা স্ট্যানলিতে পৌঁছালাম। ছোট্ট ছিমছাম একটি শহর। এখানে ঐতিহাসিক চার্জ, মিউজিয়াম, ফকল্যান্ড যুদ্ধে ব্রিটিশ সৈন্য মারা যাওয়ার স্মরণে ভাস্কর্য রয়েছে। প্রাকৃতিক দ্বীপগুলোর মধ্যে স্ট্যানলি যেন মনোরম ছোট্ট ছিমছাম একটি আধুনিক শহর।

ফকল্যান্ডের যাত্রা শেষ করে আমাদের জাহাজ এগিয়ে চলল সাউথ জর্জিয়ার দিকে। সাউথ জর্জিয়া হচ্ছে সিল ও পেঙ্গুইনের অভয়ারণ্য। রাইট হোয়েল বে আর সলিসবারি দ্বীপে ৫ লক্ষ পেঙ্গুইনের একটি কলোনি রয়েছে। সে এক অভাবনীয় দৃশ্য বটে! লক্ষ লক্ষ পেঙ্গুইনের মাঝে আমরা কিছু মানুষ মেহমান! পেঙ্গুইনগুলোর কোন ভয় ডর নাই। তারা আমাদের দেখে হেলে দুলে কাছে এগিয়ে আসে। কেউ কেউ দৌড়ে সমুদ্রের পানিতে নামে সাঁতার কাটার জন্য। একদল পানিতে নামছে, আরেক দল পানি থেকে উঠে দ্বীপের দিকে আসছে! পেঙ্গুইনের কাছ থেকে অন্তত ৪ ফিট দূরে থাকার নিয়ম। বার্ড ফ্লু'র প্রকোপ থেকে এদের জীবন রক্ষা করার জন্য। মাঝে মাঝে এরা যখন নিজেরাই কাছে এগিয়ে আসে, তখন আমাদেরকে দূরে সরে যেতে হয়। তারা মানুষের ভাব বা আদরের ডাক বোঝে। আমার খুব কাছাকাছি চলে আসা একটা পেঙ্গুইনকে জাদুমনি বলে ডেকে সেলফি তুলেছি। চলে যাওয়ার সময় আমার ডাক শুনে সে আবার ফিরে এসে আমার সাথে সেলফি তুলেছে! কি, বিশ্বাস হচ্ছে না? কিন্তু এটাই সত্যি!

১৩ তারিখ জোডিয়াকে করে গেলাম গ্রিটভিকেন। এটি ঐতিহাসিক তিমি শিকারি স্টেশন। এখানে রয়েছে বিখ্যাত মেরু অভিযাত্রী আর্নেস্ট শ্যাকলটনের সমাধি। উনার সমাধি ক্ষেত্রে যাওয়ার সময় এক সীল আমাকে তাড়া করল। ভয়ে পড়ি মরি করে দিয়েছিলাম দৌড়! এখানে একটি মিউজিয়াম আর চার্চও রয়েছে। আর রয়েছে পৃথিবীর সর্ব দক্ষিণের পোস্ট অফিস। এটাকে পেঙ্গুইন পোস্ট অফিসও বলা হয়। ছেলে, মেয়ে আর ওদের বাবার জন্য পোস্ট কার্ড পাঠালাম পৃথিবীর সর্ব দক্ষিণের পোস্ট অফিস থেকে! প্রতিটি কার্ডে মাত্র ২ ইউরোর স্টাম্প দিতে হয়েছিল। আমি ফিরে আসার আগেই এই পোস্ট কার্ড বাসায় পৌঁছে গিয়েছিল!

সাউথ জর্জিয়ায় বৈচিত্র্যময় প্রাণীকুলের এক্সপেডিশন শেষে স্কোশিয়া সাগর পাড়ি দিয়ে আমরা রওনা দিলাম এন্টার্কটিকা পেনিনসুলার দিকে। পথে দেখা মিলল এন্টার্কটিকা থেকে বিচ্ছিন্ন হওয়া সবচেয়ে বড় আইসবার্গ A23a।

এ সময় স্কোশিয়া সাগরে ভাসতে ভাসতে আমরা আমাদের বিজয় দিবস উদযাপন করলাম। যেটির খবর বাংলাদেশের প্রথম সারির দৈনিক পত্রিকাগুলোতে ছাপা হয়েছিল।

অবশেষে ১৯ তারিখে পেনিনসুলার কাছাকাছি জাহাজ নোঙ্গর ফেলল। শান্ত সমুদ্রে জোডিয়াকে করে আমরা প্রথম প্রবেশ করলাম বরফ মহাদেশের জগতে! এটা কি পৃথিবী? এটা কি বেহেস্তের কোন অংশ? এই পরাবাস্তব মনোমুগ্ধকর দৃশ্য কি আমি দেখছি? সেই মুহূর্তে আমার মনে হল জীবনে যতগুলো সিদ্ধান্ত আমি নিয়েছি, এটা ছিল সবচেয়ে সেরা। ক্যামেরায় কখনো এ দৃশ্য ধরা যাবে না। আমার চোখ আর জীবন ধন্য হলো সৃষ্টিকর্তার অপার এই সৌন্দর্য দেখে!

এন্টার্কটিকা পেনিনসুলার পোর্টাল পয়েন্টে আমরা ২০ ডিসেম্বর পা রাখলাম। আমাদের জাতীয় পতাকা এবং এন্টার্কটিকা মহাদেশের পতাকা নিয়ে ছবি তোলা হল। বুটের সাথে বরফের উপর চলার জন্য এক ধরনের লোহার তৈরি জুতা দেয়া হয়েছিল। এটা পরে একবার আছাড় খেলাম। কয়েক স্তরের পুরু জামা পরা ছিল নইলে সেদিন হাড় ভাঙতাম!

২১ ডিসেম্বর ছিল আমাদের জন্য একটি স্মরণীয় দিন। এদিন ফয়েন হারবারে আমরা একসাথে ৮০টির মতো হাম্পব্যাক তিমি দেখেছিলাম। যেন আমাদের দেখেই তারা সবাই একসাথে খেলা দেখাচ্ছিলো। একটা তিমি আমাদের জোডিয়াকের নিচ দিয়ে চলে গেছে! সে এক অবিশ্বাস্য, শ্বাসরুদ্ধকর মুহূর্ত!

এ যাত্রায় আরো দেখতে পেয়েছি বিরল প্রজাতির ওয়েডেল সীল! কখনো কোন পাহাড়ি দ্বীপে হাইকিং করেছি, কোথাও বা পাড় হয়েছি পেঙ্গুইনের খরস্রোতা নদী! কখনো ঝাকে ঝাকে পেঙ্গুইন আমাদের জোডিয়াকের চারপাশে সাঁতার কেটেছে, কখনো দেখেছি দ্বীপজুড়ে সীলের হাঁকডাক আর পেঙ্গুইন শিকারের ব্যর্থ প্রয়াস!

২২ তারিখে গেলাম Deception আইল্যান্ডে। এটি একটি জীবন্ত আগ্নেয়গিরি। এখানে ট্র্যাকিং শেষে দক্ষিণ মহাসাগরে ডুব দিলাম। এই ডুব দেয়াকে পোলার প্লানজ বলে। দক্ষিণ মহাসাগরের হিমশীতল পানিতে মনে হচ্ছিল কে যেন আমার পায়ের আঙ্গুলগুলো ছুরি দিয়ে কেটে দিয়েছে! গ্রুপের কেউ কেউ আমাকে বকাও দিয়েছে কেন আমি এই ঝুঁকি নিতে গেলাম! রাতে আমার সত্যি সত্যি জ্বর চলে এলো।

২৩ তারিখ ডিনারের সময় জাহাজ নোঙ্গর ফেলল উইলহেলমিনা বে–তে। যেটাকে স্বর্গ বলে ভ্রম হতে পারে! এখানে একটু দূরে কিং পেঙ্গুইনের দেখা পেলাম! পৃথিবীতে মোট আট প্রজাতির পেঙ্গুইন রয়েছে। এই যাত্রায় সবগুলো প্রজাতির পেঙ্গুইনই আমাদের দেখা হয়েছে!

অবশেষে স্বর্গরাজ্য ছেড়ে আমরা রওনা দিলাম আমাদের পৃথিবীর দিকে। সামনে ড্রেক প্যাসেজ। আবহাওয়া খুবই ভাল ছিল। তারপরেও কেন জানি ড্রেক প্যাসেজে জাহাজ প্রবেশ করা মাত্র আমার বমি শুরু হল! সে কি ভয়ংকর অবস্থা! মনে হচ্ছিল নাড়ি ভুড়ি সব উল্টে আসবে। পুরা ২৪ ঘন্টা ফ্ল্যাট হয়ে শুয়ে ছিলাম। পানি পর্যন্ত খেতে পারিনি।

সেদিন জাহাজে আমাদের শেষ লাঞ্চ ছিল। আমি ইনাম ভাইয়ের টেবিলে বসলাম। উনি আমাকে স্যুপ আর আপেল খেতে বললেন। নিজের জন্য আনা আপেল আমার দিকে এগিয়ে দিলেন। আমি তার কথায় পিতৃস্নেহ খুঁজে পাচ্ছিলাম! তিনি নিজে গিয়ে আমার জন্য আবার আপেল নিয়ে আসলেন!

আমি কখন এরকম একজন মহৎ মানুষের স্নেহ অর্জন করলাম– টেরও পাইনি!

সৃষ্টিকর্তা আমাকে এক জীবনে অনেক কিছু দিয়েছেন! তার অপার সৌন্দর্য দেখার সুযোগ থেকে শুরু করে মানুষের অন্তরের নিঃস্বার্থ স্নেহ ভালোবাসা পর্যন্ত!

অবশেষে জাহাজ যখন ড্রেক প্যাসেজ অতিক্রম করে বিগল চ্যানেলে পড়লো, তখন আমি পুরোপুরি সুস্থ! ২৫ ডিসেম্বর ২০২৪ তারিখ ভোরে জাহাজ নোঙ্গর ফেলল উশাইয়ার বন্দরে।

শেষ হলো জীবনের সবচেয়ে অভিনব রোমাঞ্চকর অভিযাত্রা!



পল্লীসুধা

মোঃ কামরুল ইসলাম

রোল: ২১৫

মেঠো পথ ধরে চলিতে চলিতে,
ধুলি মাখি সারা গায়;
কলসি কাঁখে গাঁয়ের বধুরা,
ফিরিতেছে নিরালায়।

পাখি সব নীড়ে, ফিরে ধীরে ধীরে,
সুরে সুরে সুর বাঁধি;
পথের দু'ধারে, সারি সারি গাছে,
সবুজের মাখামাখি।

মেলে দু'টি আঁখি, প্রাণভরে দেখি,
কৃষকের গৃহে ফেরা;
করে কোলাহল, হাঁসেদের দল,
ফিরিবারে দিশেহারা।

আমি একা চলি, পথে পথে খেলি,
সবুজের রং মেখে;
রবির কিরণ, অদ্ভুত মিলন,
গাছের পাতার ফাঁকে।

রাখালের দলে, গোরু নিয়ে চলে,
আমারই শরীর ঘেষে;
এ যেন স্বপন, করেছি বপন,
পল্লী বালার কেশে।

ছোট গাঁও খানির গাছের ছায়ারা,
জড়ায়ে আদরে ওরে,
ঝিঁঝিপোকারা ঘুম পাড়াবে,
গান গেয়ে গেয়ে মোরে।

অনেক আবেগের ২৭

তনিমা মোস্তফা

রোল: ১৪৪

বিশ্ববিদ্যালয় পড়ার সময় থেকেই শিক্ষক হওয়ার স্বপ্ন ছিল। প্রথম বর্ষের রেজাল্ট মোটামুটি প্রথমদিকে থাকায়, আমার প্রিয় বিভাগ প্রাণিবিদ্যায় শিক্ষক হওয়ায় স্বপ্নটা আরেকটু জোরদার হয়। আমরা যখন মাস্টার্সের শিক্ষার্থী, সে সময় বিভাগে ৬–৭ জন শিক্ষক নিয়োগ হয়। সুতরাং, বিভাগে শিক্ষক নিয়োগে বেশকিছু দিনের বিরতি। এমনিতেই বিশাল সেশন জট, ২০০০–২০০১ এর সেশনে থেকেও বের হলাম ২০০৫ এ, জীবন থেকে ৪ বছরের ঘাটতি, তার উপর সেসময় অল্পসংখ্যক চাকরির বিজ্ঞপ্তি ছিল। মোটামুটি ভালো রেজাল্ট নিয়েও চাকরির অপেক্ষায় অনেকটা সময়। যদিও মাস্টার্সের রেজাল্টের আগেই বারডেম রিসার্চ ডিভিশনে রিসার্চ ফেলো হিসেবে যোগ দান করি। কিন্তু চাকরিটা কোনো স্থায়ী পদের না হওয়ায় এবং স্থায়ী হওয়ার কোনো সম্ভাবনা না থাকায় তেমন সন্তুষ্টির কিছু ছিল না।

বিশ্ববিদ্যালয় শিক্ষক নিয়োগের অপেক্ষায় থেকে অতঃপর বিসিএস দেবো মনস্থির করলাম, আসলে বলতে গেলে আমার স্বামীর ইচ্ছাতেই প্রস্তুতি নেওয়া। প্রিলির জন্য পড়লাম ২–২.৫ মাস আর রিটেনের জন্য ১৫–২০ দিন।সেসময় এতটুকু সময় বের করাই আমার জন্য অনেক কষ্টকর ছিল। সারাদিন বারডেম থেকে এসে সংসার, বাচ্চা সামলিয়ে তার ফাঁকে পড়া। বারডেমের ডেস্কে জার্নালের নিচে বিসিএস এর বই লুকিয়ে লুকিয়ে পড়েছি, বাসে বসে, হাঁটতে হাঁটতে, বাসায় ফিরে রান্না করতে করতে, বাচ্চাকে কোলে নিয়ে, বাচ্চাকে ঘুম পাড়াতে পাড়াতে, ঘুম পারিয়ে অনেক রাত জেগে পড়াশোনা করেছি। আল্লাহর কাছে শুকরিয়া, আমার বাবার বাড়ি ও শ্বশুরবাড়ি পরিবার সকলের সহযোগিতা পেয়েছি। আলহামদুলিল্লাহ, কষ্টের ফল আল্লাহ দিয়েছেন, ট্যাক্স ক্যাডারে মেধায় আমি সুপারিশপ্রাপ্ত হই।

আজকেও সেই দিনটি আমার স্মৃতিতে অমলিন। আমার হাজব্যান্ড সন্ধ্যায় রেজাল্ট নিয়ে ফিরেছেন। সেই কী আনন্দ, প্রশান্তি, ভবিষ্যৎ নিশ্চিন্ত সুন্দর জীবনের পরিতৃপ্তি। মনে হলো চাকরিতে তো জয়েন করবো কিছুদিনের মধ্যেই, মেডিক্যাল চলছে। সংসার ও বাচ্চাকে সময়ই দেওয়া হলো না– তাই বারডেমের চাকরিটা ছেড়ে দিলাম। নতুন চাকরির প্রস্তুতি চলছে, সরকার বদল হলো। একদিন সন্ধ্যায় নামাজ শেষে জায়নামাজে বসা, টিভির নিউজে ২৭ তম বিসিএস এর ভাইভা বাতিল এর ঘোষণা কানে বাজলো, অতঃপর কোন সুনির্দিষ্ট কারণ ছাড়াই বাদ দেওয়া হলো ১১৩৭ জনকে। কত নির্ঘুম রাত, কত আল্লাহর দরবারে ফরিয়াদ। হাইকোর্ট থেকে আমাদের পক্ষে রায় আসার পরও আমাদের নিয়োগ হলো না। আমাদের মধ্যে অনেকের পারিবারিক জীবন তছনছ হয়ে গেল, কয়েকজন প্রচণ্ড মনঃকষ্ট ও অভিমানে দুনিয়া ছেড়ে চলে গেলেন– সামাজিকভাবে হেয় প্রতিপন্ন হলাম আমরা সবাই।

জীবন থেমে থাকে না, সবাই যার যার যোগ্যতায় পথ চলতে শুরু করলো। দেশে ও বিদেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও সম্মানজনক প্রতিষ্ঠানে নিজেদের যোগ্যতায় আবারও পরিচয় দিল।

আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আমার শিক্ষকতা জীবন শুরু করলাম। এক্ষেত্রে আব্বা খুব খুশি হলেন, তাঁর আদরের মেয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হবে, Ph.D. করবে সেটা তিনি চাইতেন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে আমার সন্তানতুল্য ছাত্রছাত্রী ও প্রিয় সহকর্মীদের মাঝে দিনগুলো খুব সুন্দর কাটছিল। কিন্তু ২৭ এর কথা আমি কখনও ভুলতে পারিনি। মনের গহিনে ছিলই। কেন থাকবে না? মিথ্যা অপবাদের যে অপমান সেটা ফিরিয়ে দেওয়ার তীব্র অপেক্ষা মনের ভিতর লালিত ছিলই। জুলাইয়ে আমাদের সন্তানদের রক্তের বিনিময়ে পরিশুদ্ধ বাংলাদেশে আমরা ফিরে পেলাম আমাদের সম্মান। অনেকের মনে প্রশ্ন জাগে আমি আমার স্বপ্নের শিক্ষকতা ছেড়ে কেন এসেছি? আমিও নিজেকে প্রশ্ন করি। সদ্য পাশ করা একজন তরুণীর অনেক স্বপ্ন নিয়ে নিজের যোগ্যতা ও পরিশ্রমে অর্জিত সফলতা যখন অন্যায়ভাবে কেড়ে নেওয়া হয় তখন হৃদয়ে যে ক্ষত সৃষ্টি হয়, তা কি কখনও মুছে ফেলা যায়? আমার সেই প্রিয় কর্মস্থল, আমার শিক্ষকতা, আমার ছাত্র, আমার সহকর্মীদের ফেলে আসতে যে প্রচণ্ড



কষ্ট হয়েছে। একই সাথে অনেক আবেগের জায়গা ২৭ কে ফিরিয়ে দেওয়া আমার পক্ষে সম্ভব ছিল না। কেননা এর সাথে জড়িয়ে আছে আমাদের ১১৩৭ জন এবং ১১৩৭ টি পরিবারের অনেক অনুভূতি। কত নির্ঘুম রাত, কত চোখের পানি, কত আল্লাহর কাছে ফরিয়াদ, ১১৩৭ জনের একসাথে এতটা দিন পথ চলা। নিজেদের যোগ্যতায় প্রাপ্ত অর্জনকে পুনরায় প্রতিষ্ঠিত করার জন্য, প্রিয় ২৭ তোমাকে ফিরিয়ে দেওয়া আমাদের পক্ষে সম্ভব ছিল না।

ইনশাআল্লাহ, ২৭ এর আমরা আবারও নিজ নিজ যোগ্যতার প্রমাণ দিয়ে দেশের জন্য এমন কিছু করবে যা উদাহরণ হয়ে থাকবে।

শেষ ঠিকানা

সোনিয়া তামান্না

রোল: ১০৪

মিথ্যে এই জগৎটাকে বড় করতে চাই না
নীল আকাশের মাঝে তাই কালো মেঘ চাই না;
লক্ষ তারার মাঝে কেন শুকতারা খুঁজে পাইনা
আমি আমার আকাশটাকে বড় করতে চাই না।

দেখতে চাই দিগন্ত রেখা–ছুঁতে চাই তার সীমা
সেখানেই আমার ভালোবাসার হোক পরিসীমা।

আমার জীবন আমার জগত ছোট্ট পরিসর;
থাকবে যেথা শিকড় আমার
ছোট্ট মায়ার ঘর।
দুদিন পরে শেষ ঠিকানা
সাড়ে তিন হাত মাটি;
সেথায় হবে জীবন আমার
রঙিন পরিপাটি।



আমার তুমি

কাজী ওয়াহিদুজ্জামান

রোল: ৩২৯

তুমি সুন্দর, তুমি সুন্দরী, তুমি সুন্দরতম
তুমি প্রিয়া, তুমি প্রেয়সী, তুমি প্রিয়তম,
তুমি মধুর, তুমি মাধবী, তুমি মধুরতম
তুমি নিঃশ্বাস, তুমি বিশ্বাস, তুমি অন্যতম।

তুমি জান, তুমি জায়া, তুমি জল্পনা
তুমি মিষ্টি, তুমি সৃষ্টি, তুমিই কল্পনা,
তুমি আদর, তুমি উদার, তুমি উদ্দীপনা
তুমি কাম্য, তুমি কামনা, তুমিই উন্মাদনা।

তুমি প্রেম, তুমি প্রেমিকা, তুমি প্রেমময়ী
তুমি ছন্দ, তুমি আনন্দ, তুমি আনন্দময়ী,
তুমি আবেগ, তুমি আবেদন, তুমি আবেদনময়ী
তুমি লাজ, তুমি লাজুক, তুমি লাস্যময়ী।

তুমি কবিতা, তুমি কাব্য, তুমি কাব্যকলা
তুমি ছায়া, তুমি ছলনা, তুমি ছলাকলা,
তুমি পথ, তুমি পাথেয়, তুমিই পথচলা
তুমি মায়া, তুমি মানবী, তুমিই মনের মেলা।

Role of Non-State Actors in the Latest Global Scenario and Bangladesh



Md. Rejaul Hoque

Roll: 220



Non-state actors play a significant role in international relations even though they do not hold sovereign power over any territory. They shape policies, economies, revolutions and wars. The world is no longer run only by statesmen sitting in capital cities today. It is also run by transnational corporations, armed groups, civil society organizations and International Non-Governmental Organization (INGOs) operating across borders.

Non-state actors come in many types. Multinational corporations like Amazon or Apple Inc. influence the economic decisions of entire governments. International organizations like the UN or IMF set the rules of the global order. INGOs like Amnesty International or Oxfam shape human rights discourse. Armed non-state actors like Hezbollah, Hamas or Islamic Resistance fight wars without wearing the uniform of any recognized state. Terrorist organizations and drug cartels also fall into this category.

The rise of non-state actors did not happen overnight. It is a long historical process rooted in the very foundation of the modern state system. The modern international order began with the Peace Treaty of Westphalia in 1648. The world was not organized around sovereign states before that. The Catholic Church, trading guilds, mercenary armies and tribal confederations all competed for power alongside kings and emperors. Westphalia tried to fix that chaotic situation. It gave states supreme authority within their borders and made sovereignty the central principle of world order.

This system worked reasonably well for few centuries. States dominated diplomacy, war and trade. But there were some anomalies. The British East India Company was a non-state actor during its inception that eventually colonized entire subcontinents. Pirates controlled sea routes. Missionary organizations followed flags into Asia and Africa to preach Christianity. Non-state actors never truly disappeared.

The real comeback began in the twentieth century. Two World Wars destroyed the old empires and world order. Decolonization created dozens of weak states that could not fully control their own territories. The Cold War pushed both America and the Soviet Union to fund armed non-state actors as proxy forces. The Mujahideen in Afghanistan, the Contras in Nicaragua and various

liberation movements across Africa were all products of this era. States were essentially weaponizing non-state actors against each other.

Globalization made the situation more complex and chaotic after the cold war. Borders became porous. Money, ideas, weapons and people moved faster than any government could monitor. The internet gave small groups enormous reach. September 11, 2001 showed the world that a non-state actor could strike the most powerful country on earth. The age of non-state actors revealed in the most glaring fashion.

The role of non-state actors is clearly visible today in the ongoing US-Iran tension. Iran is a geopolitically lonely country. It had only one ally that was Syria during Assad regime. Knowing that it does not have the military capacity to confront America directly, Iran built an alternative strategy. It created and sustained a network of non-state actors across the Middle East. This is what Iran calls the Axis of Resistance against US coinage Axis of Evil.

Hezbollah in Lebanon is the most sophisticated example of a non-state actor. It is a political party, a social welfare organization and a military force at the same time. It has more firepower than many national armies. Hamas in Gaza is another classic example. The Houthis in Yemen disrupted global shipping lanes from the Red Sea. The Islamic Resistance in Iraq attacked American bases repeatedly. Iran uses all of them as strategic tools without directly going to war.

America responded with sanctions, drone strikes and military pressure. It is constantly using decapitation technique to defang Iran! It had killed Qasem Soleimani, the architect of this proxy network in 2020. But the network survived. This shows how resilient non-state actors can be. They are not dependent on one leader or one capital city. They are decentralized, ideologically motivated and deeply embedded in local people.

Israel's war in Gaza after October 7, 2023 brought this dynamic to global attention again. Hamas launched a large-scale attack. Hezbollah opened a second front from the north. The Houthis blocked Israeli-linked ships. Iran-backed groups across the region activated simultaneously. It was a coordinated non-state actor offensive that no traditional military doctrine had fully anticipated.



The lesson from the US-Iran tension is clear. Non-state actors are not secondary players in the present world. They are primary instruments of geopolitical competition.

Bangladesh has entered this conversation in a significant way in the last two to three years. The political upheaval of 2024 brought non-state actor dynamics into sharp focus domestically and regionally.

Student-led mass movements played a decisive role in the political transition of 2024. These were not organized political parties. They were loosely networked, leaderless in the conventional sense and yet proved extraordinarily effective. They functioned as non-state actors that reshaped state power- the same pattern seen in the Arab Spring.

The geography of Bangladesh makes it a zone of interest for various transnational non-state actors beyond domestic politics. Rohingya armed groups operating from Cox's Bazar camps present a security challenge. There are documented concerns about extremist networks using Bangladesh as a transit or recruitment zone. Regional powers including India and China are not only engaging with the Bangladeshi state but also with political movements, civil society and economic networks that are themselves non-state actors.

The influence of INGOs and development organizations in shaping policy agenda of Bangladesh is also important. External non-state actors have a direct hand in domestic governance from climate finance to domestic policy. This is soft power through non-state channels.

The age of Westphalia gave us the state. The age of globalization gave non-state actors their second life. From the bank of Litani river to the streets of Dhaka, non-state actors are writing history alongside governments. So, the role of non-state actors is going to increase in the coming days to shape the national and international affairs more than ever.

হে সুদীপ্ত সাতাশ

মোঃ ইউনুস আলী

রোল: ২২৭

হে সুদীপ্ত সাতাশ!
তুমি এসেছিলে শৌর্য– বীর্যের
প্রত্যয় নিয়ে
অদম্য বীর কেশরীর ন্যায়
পেয়েছিলাম আবাল বৃদ্ধ বণিতার সালাম
প্রেয়সীর আবেগঘন আলিঙ্গন।

তুমি চলে গেলে অভিমানে
নিরবে,নিভৃতে
আশা আর নিরাশার দীর্ঘশ্বাস হয়ে।
পেরিয়ে গেল সতেরোটি বছর
শিয়াল শকুন–রূপি মীরজাফরের বিচারালয়ে পরাজিত
সিরাজ।
এক, দুই, তিন ... পেরুলো আঠারো বছর
অবহেলায় অনাদরে, অপমানে।
প্রেয়সির কঠিন আঁখিতে নামলো বর্ষা অবিরাম
তারপর ...

বসন্ত এলো নাকি!
আঠারো বছর পর
বিচারালয়ের উঁচু প্রাসাদ
মৃদু হেসে বললেন :
তুমি সাতাশ বুঝি !!
আজিকার সেরা উপহার শুধু তোমারি
বিষাদের পেয়ালায় অমৃত এলো
সম্মান মর্যাদা ভালবাসা
আঠারোটি বসন্ত স্যালুট জানালো :
নতুন গতিতে সোচ্চার হও
তোমাকে সালাম
হে সুদীপ্ত সাতাশ!!

তোমাকে দিলাম প্রিয়

সাদিয়া শারমীন আঁখি

রোল: ৩১৮

তোমাকে দিলাম প্রিয়
হৃদয়ের সব অহংকার,
পৃথিবীর সব স্বপ্ন স্মৃতি মায়া আনন্দ অপার।
তোমাকে দিলাম প্রিয়
হৃদয়ের আলো আশা গান, প্রণয়ের আলো–আনো,
দাও এনে নতুন আহ্বান।
প্রেমে আনো সৃজনের ছন্দ আর নিবিড় বন্ধন,
শত জনমের স্বপ্নে মুকলিত আমার ভুবন।
আমার জাগ্রত দিন ফুল বন গল্প অবিরাম,
সেই জ্যোৎস্না মাখা মন এ জীবন তোমাকে দিলাম।



অন্বেষণ

মোঃ ছাইফুল ইসলাম
রোল: ১০৫



২০২২ সালের মাঝামাঝি বদলি আদেশ পেলাম।যোগদান করলাম একটি বাণিজ্যিক ব্যাংকের শাখা প্রধান হিসেবে।নতুন শাখা উদ্বোধন করতে হবে আমাকেই। শাখাটি ছিল ঢাকার অদূরে পদ্মার তীরবর্তী একটি জেলায়। শাখাটিকে লাভজনক ইউনিট হিসেবে গড়ে তোলা ছিল সাংঘাতিক চ্যালেঞ্জের। দোকানপাট, হাট–বাজার, স্কুল–কলেজ, গ্রামগঞ্জ ও পথে–প্রান্তরে চষে বেড়াতে হতো। জনসংযোগ করতে হয়েছে বিভিন্ন শ্রেণি–পেশার মানুষের সঙ্গে।ফলে খুব দ্রুতই এলাকার মানুষের সঙ্গে পরিচিত হয়ে উঠার একটা সুযোগ তৈরি হলো।

নির্ধারিত সময়ে শাখা উদ্বোধন এর কাজ সম্পন্ন হলো। অফিসে গ্রাহকের আসা–যাওয়া শুরু হলো। প্রথমদিকে কম হলেও ক্রমান্বয়ে বাড়তে থাকে সেবাগ্রহীতার সংখ্যা। আমার সহকর্মীবৃন্দ গ্রাহক সেবায় সিদ্ধহস্ত হয়ে উঠলেন।এভাবে অফিসের কাজে সময় গড়িয়ে যাচ্ছিল ভালোই।

একদিন সকাল বেলার নাস্তা শেষে চা পান করছিলাম অফিসকক্ষে। মাঝে মধ্যে চোখ রাখছিলাম অফিসের প্রধান ফটকের দিকে।সেখানে নিরাপত্তা প্রহরী দায়িত্ব পালন করছেন। এমন সময় দেখতে পেলাম এক বৃদ্ধ , পরনে লুঙ্গী ও সাদা সুতীর পাঞ্জাবি। হাতে একটি ছাতা।বয়স সত্তর ছুঁইছুঁই করছে।শরীর সামনের দিকে কিছুটা ন্যুব্জ। চোখে গোলাকৃতির চশমা।পায়ে চামড়ার স্যান্ডেল।বেশ পুরনো।চুলে পাক ধরেছিল বহু আগেই। সাদা দাড়ি, ঘাম ঝরছিল ফোটায় ফোটায়। একতলা ও দোতলা সিড়ি ভেঙ্গে ওপরে উঠেছেন। হাঁপাতে হাঁপাতে প্রধান ফটকের সামনে এসে ধপ করে বসে পড়লেন। কিছুক্ষণ দম নিয়ে, কপালে জমে থাকা ঘাম হাতের উল্টো পিঠে মুছে নিলেন।সলজ্জ হাসি আর একটা লম্বা শ্বাস নিয়ে এক পা দুপা করে এসে বসে পড়লেন আমার সোফায়।

আমি অন্য সেবাগ্রহীতার সঙ্গে কথা বলছিলাম। একফাঁকে তাঁর দিকে তাকিয়ে কুশলাদি বিনিময়



করলাম। নাম জানতে চাইলাম। জবাবে তিনি বললেন, মজিদ– মজিদ সিপাই। তিনি পানি খেতে চাইলেন। অফিসের পিয়ন তাকে খাওয়ার পানি দিল। লক্ষ্য করলাম, তিনি আমার দিকে অপলক তাকিয়ে আছেন। তাঁর চাহনিতে মনে হল, তিনি সম্ভবত কিছু খুঁজছেন। মনে মনে বিড়বিড় করে কিছু একটা বলছেন। খানিক পরে তিনি আবার উঠে চলেও গেলেন।সেদিন ব্যস্ততার কারণে তাঁর সঙ্গে বাক্যবিনিময় আর বেশিদূর এগোয়নি।

কিছুদিন পর তিনি আবার এলেন।আমার রুমের দরজায় নক করলেন।আমি সম্মতিসূচক মাথা নাড়িয়ে ভেতরে প্রবেশ করতে বললাম। দরজার হাতলে ধাক্কা দিয়ে প্রবেশে বেশ কষ্ট হচ্ছিল। আমি উঠে সাহায্য করলাম। তাঁর হাতে একটি কাপড়ের ব্যাগ।ব্যাগের মধ্যে পাকা আম। টকটকে হলুদ, মিষ্টি ঘ্রাণে পুরো রুম ভরে গেছে। আমার রুমের এককোণে রাখলেন। বললাম, এগুলো কী? কী করছেন আপনি? জবাবে বললেন, আমার গাছের আম। গতকাল প্রথম পেড়েছি।

আরেকদিন ব্যাগে করে নিয়ে এলেন গাছ থেকে সদ্য পেড়ে আনা কাঁচা–পাকা পেয়ারা। তার কিছু দিন পর আবার এক দুপুরে হাজির হলেন একদম গাছপাকা একটা পেঁপে নিয়ে।

আমি একদিন হেসেই ফেললাম, আবার কিছুটা অস্বস্তিও অনুভব করছিলাম, বললাম "চাচা, আপনি তো আমাকে ঋণী করে ফেলছেন। এভাবে প্রতিদিন আনলে তো হবে না। আজকে এগুলোর দাম নিতে হবে। দাম দেওয়ার কথা শুনেই বৃদ্ধের ফর্সা মুখটা মুহূর্তে কালো হয়ে গেল।তিনি এমনভাবে আমার দিকে তাকালেন, যেন আমি তাঁকে ভীষণ বড় একটা আঘাত করেছি।তিনি একটা দীর্ঘ শ্বাস নিলেন।অস্ফুট স্বরে তিনি বললেন, "ঠিক আছে বাবা, তুমি পর ভাবলে আর কোনদিন কিছু আনব না।

তাঁর সেই অভিমান ও সজল চোখ দেখে আমি আর কথা বাড়াতে পারিনি। কিন্তু মজার ব্যাপার হলো, তার সেই অভিমান স্থায়ী হতো বড়জোর কয়েকদিন। পরের সপ্তাহে ঠিকই আবার হাসিমুখে আমার রুমে ঢুকত। তার ব্যাগ থেকে বের হতো আমার জন্য নিয়ে আসা কোন না কোন ফল।

আমার রুম থেকে বের হয়ে তিনি আমার সহকর্মীদের সাথে গল্প করতেন। গল্পের পুরো অনুসঙ্গই ছিল তার বড় ছেলে। আমার সঙ্গে তিনি গল্পে করতেন তার মেজ ছেলের বিষয় নিয়ে। তিনি প্রবাসী, আর্জেন্টিনার এক অসাধু চক্রের খপ্পরে পড়ে সর্বস্বান্ত হয়েছেন– সেই কষ্টের গল্প তিনি আমার সাথে করতেন, নিজেকে হালকা করার জন্য। কিন্তু সহকর্মীদের নিকট তিনি বলতেন অন্য কথা। বলতেন, 'জানেন, স্যারকে দেখলে আমার সাগরের কথা মনে পড়ে। উনি যখন আমার দিকে চোখ তুলে তাকান, আমার মনে হয় আমার সাগর আমার দিকে তাকিয়ে আছে'।

সাগর ছিল ওনার বড় ছেলে। ভীষণ মেধাবী। সবেমাত্র উচ্চমাধ্যমিক পাস করেছে। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে। বুকভরা স্বপ্ন , সীমাহীন বিশ্বাস। বিশ্বাসে ভর করে স্বপ্ন জয়ের জন্য উদগ্রীব হয়ে থাকে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য বাবা–মা ও প্রতিবেশীদের দোয়া নিয়ে রওয়ানা হয় ঢাকার উদ্দেশ্যে। সেই সময় পদ্মা পাড়ি দেয়ার জলযান ছিল ফেরি ও ইঞ্জিনচালিত নৌকা। বিলম্বের শংকায় সাগর চেপে বসল ইঞ্জিনচালিত নৌকায়।

জৈষ্ঠ্যমাসের শেষদিকে নদীতে ভীষণ স্রোত।মাঝ নদীতে উথাল পাথাল ঢেউয়ে নৌকা প্রবলভাবে দুলতে থাকে, সবাই ভয়ে চিৎকার করে ওঠে। সর্বনাশা পদ্মার প্রলয়ঙ্করী ঢেউয়ে তলিয়ে যায় নৌকা। অন্য নৌকার সহযোগিতায় কিছু সংখ্যক যাত্রী উদ্ধার করা সম্ভব হলেও সাগরকে আর খুঁজে পাওয়া যায়নি। চিরদিনের জন্য নদী গর্ভে হারিয়ে যায় সাগর। সেই যে সাগর হারিয়ে গেল, মজিদ সিপাই এর হৃদয়ও তখন থেকে পদ্মার জলে ডুবে রইল। তিনি আমার মাঝে তাঁর হারিয়ে যাওয়া সাগরকে খুঁজতেন। বাড়িতে তার সহধর্মিণীর সঙ্গে এই নিয়ে গল্পও করতেন। তিনি তাকে বলেছিলেন "একদিন তোমাকে একটা অফিসে নিয়ে যাব, সেখানে আমাদের সাগরকে দেখাবো।" কিন্তু তার সহধর্মিণী কখনো অফিসে আসেননি।

এভাবে দেখতে দেখতে কেটে গেল প্রায় দুটো বছর। ব্যস্ততা, ফাইলের স্তুপ আর নাগরিক জীবনের ইঁদুরদৌড়ে আমি অভ্যস্ত হয়ে গেলাম। আর মজিদ সাহেবের আসা–যাওয়াটাও আমার জীবনের অলিখিত নিয়ম হয়ে দাঁড়িয়েছিল।

কিন্তু হঠাৎ করেই নিয়মে ছেদ পড়ল।বেশ কিছুদিন ধরে সেই বৃদ্ধ মানুষটির চেনা পায়ের আওয়াজ পাওয়া যাচ্ছিল না।ফটকের মুখে কেউ আর হাঁপাতে হাঁপাতে বসে থাকে না।ব্যস্ততার কারণে খোঁজ নেওয়ার ফুরসত পাইনি।

রোববার, কর্মদিবসের প্রথম দিন। সেবাগ্রহীতার সংখ্যা অন্য যেকোন দিনের চেয়ে বেশি। কাজের ভীষণ চাপ। এক গ্রাহক আমার কক্ষে প্রবেশ করলেন। বললেন, "স্যার , খবর জানেন?" তার দিকে চোখ তুলে তাকাতেই বললেন, "মজিদ চাচা, গত শুক্রবারে মারা গেছেন"।

খবরটা শোনার পর বুকের ভিতরটা কেমন যেন খালি হয়ে গেল। চারপাশের চেনা অফিস কক্ষটা মুহূর্তের জন্য স্তব্ধ মনে হলো। নিজেকে ভীষণ অপরাধী মনে হলো–কেনো শেষ দিনগুলোয় তার একবার খোঁজও নিলাম না? কেন জিজ্ঞেস করলাম না, "চাচা আপনি, কেমন আছেন"? তিনি তো ফল নিয়ে আসতেন, তাঁর সাগরকে দেখতে, তাঁর হারিয়ে যাওয়া সাগরকে খুঁজতে।

টেবিলের ওপর ফাইলগুলো ঝাপসা হয়ে আসতে লাগল। শ্বাস ভারী হয়ে এল। দুফোঁটা তপ্ত অশ্রু গড়িয়ে পড়ল টেবিলের কাঁচের উপর। মনে হলো এই অশ্রুটুকুই হয়তো সেই ঋণের ক্ষুদ্র অংশ, যা টাকা দিয়ে শোধ করা যায়না। স্বচ্ছ কাঁচের ওপর পড়া সেই অশ্রুবিন্দুতে যেন ভেসে উঠল একজোড়া সজল চোখ আর বৃদ্ধের পরম মমতাময় হাসি।

সলোমনের পরমগীত (কাব্যানুবাদ) দ্বিতীয় পুস্তক

মোঃ তৌহিদুল ইসলাম

রোল: ২২১



প্রেমকুঞ্জে সখিগন সাথে অপেক্ষমান প্রেমিকা–

সজনি আমার, সাথী রে আমার, ও আমার সখি ভগিনী;
কুঞ্জে আমার এনেছি সাজায়ে, সুমদির মোর রসের পাত্রখানি;
আমি মৌ ভরা চাক সাবাড় করেছি, দুধে–শরাবে করেছি পান।
বন্ধুরা সব, ভরপুর খাও; পান করো ভরে প্রাণ।

তন্দ্রালু প্রেমিকা যেন দেখছে প্রেমিক এসেছে–

দেহ যবে মোর ঘুমিয়ে গিয়েছে, হিয়া মোর জেগে রয়;
ওই যেন মোর প্রিয়তম এলো, করাঘাত যেন হানিলো দরজায়;
যেন সে বলিছে– "প্রেয়সী আমার, অর্গল খুলে দাও!
বুলবুলি মোর, নিষ্পাপ মোর, আঁখি মেলে তব চাও!!
হেরো মোর শির পথের শিশিরে ছাওয়া,
কেশপাশ মোর রাতের ধারায় নাওয়া!"

ঘুমকাতর প্রেমিকা প্রেমিকের দেখা পেলো না–

আঙরাখা মোর খুলে রেখেছিনু, কোন মনে তারে আবার ফিরায়ে পরি?
পা–দু'খানি মোর ধুয়ে রেখেছিনু; কেমনে পুনঃ ধুলায় মলিন করি?
প্রিয়তম যবে হস্ত প্রসারি পরশ করে দ্বার,
তার তরে মোর চঞ্চল হিয়া আকুলায় বারেবার
আলস্যে উঠে দরজা খুলিতে হাতলে দিলাম হাত,
হাত ভরে গেলো পুষ্পাসবে, বাতাস করিল মাত।
দ্বার খুলে তার কমল চরণে, সঁপিতে গেনু যে শুভ লগনে
বিস্ময়ে হেরি, প্রিয়তম আর কুঞ্জদ্বারে নাই!
ডেকেছিল যবে প্রিয়তম হায়, সাড়া দিলোনা এ ব্যর্থ হৃদয়
প্রাণের মানুষ ফিরে গেলো আজ, আমারই অবহেলায়!
এবার পাগল হয়ে কানন গিরি, যতই তারে খুঁজে ফিরি
কোথায় গেলেন হৃদয়–হরণ, হদিস নাহি পাই!

প্রেমিকার হতাশ খোঁজাখুঁজি–

রাত্রি নিশিতে নগর প্রহরী, দেখিল আমায়– কোথা কোথা ঘুরি
উন্মাদ ভেবে ধরিয়া আমারে,
আহত করিল নিঠুর প্রহারে
তারা অহংকারের আরু আমার ছিনাইয়া নিল জোরে!
জেরুসালেমের কন্যা কামিনী, বিনয় করি তোমাদেরে আমি
একবার শুধু মোরে কথা দাও, দেখো যদি তারে কখনও কোথাও
অব্যিশ করি বলিও গো তায়,
তার প্রেমজ্বরে পেড়েছে এ আমায়!

সখীগণের প্রশ্নবান–

সুন্দরীতমা, বিনয় করো মিছে! এই না নগরে আরও তো নাগর আছে!
নাগর তোমার গুনে মানে বলে ফেলেছে কাহারে পিছে?
কি এমন বলো মহিমা তাহার,
কিসের গরিমা বলো আমাদের কাছে!

প্রেমিকার জবাবে প্রেমিকের রূপ বর্ণনা–

রূপে গুনে এই ধরাতলে তার তুলনা বিরল,
সোনার আলোয় তনুখানি তার শুভ্র–সমুজ্জ্বল!
নাক মুখ আর চিবুক রেখায় বিদ্যুতেরই খেলা,
উজ্জ্বল ওষ্ঠাধর যেন লাল সে শাপলা।
অযুত জনের সাথেও আমার প্রিয়তম হন জয়ী,
নিযুত জওয়ান এক হাঁকে তার লুটায় ভূতলশায়ী!
মস্তকে তার মিশকালো কেশ
ঘন কুঞ্চিত, যেন আঁকা পরিপাটি!
স্রোতস্বিনীকূলে দুটি ঘুঘু যেন
দুধে ধোয়া তার শান্ত আঁখিদুটি!

প্রেমিকার জবাব শেষাংশ–

নীলকান্তমণি ক্ষোদিত গজদন্ত যেন
নধর দেহটি তার সর্বাঙ্গ শোভন!
চুনিপান্নায় শোভিত তার হস্ত সে যেন নয়,
দুইটি সোনার কাঠি হইবেক নিশ্চয়!
সোনার বেদিতে রাখা দুখানি চরণ
স্তম্ভিত মর্মর যেন লভেছে জীবন!
লেবানন পর্বতসম চেহারা সমুজ্জ্বল
সেডার বৃক্ষসম দৃঢ় চরিত্র–বল!
মুখ–মন্দাকিনিতে বহে মিছরি প্রস্রবণ,
সর্বাঙ্গ সুন্দর তিনি, সর্ব বিলোভন
জেরুজালেমের তন্বী–তরুণী, এইবেলা নাও শুনে
এমনি আমার প্রেমাস্পদ, অতুল রূপে গুনে!

আত্মকথা

স্বপ্ন পূরণের নিরন্তর যাত্রা

মোঃ সাইদুর রহমান
রোল: ১০৮



মানুষের জীবনে কিছু স্বপ্ন থাকে, যা কখনো সময়ের কাছে হার মানে না। দীর্ঘ প্রতীক্ষা, ব্যর্থতা, কষ্ট কিংবা জীবনের কঠিন বাস্তবতাও সেই স্বপ্নকে নিভিয়ে দিতে পারে না। আমার জীবনও তেমনই এক স্বপ্ন, সংগ্রাম এবং প্রত্যাবর্তনের গল্প। একজন সাধারণ মানুষ হিসেবে পথচলা শুরু করলেও জীবনের প্রতিটি বাঁকে আমি শিখেছি,পরিশ্রম, সততা ও ধৈর্য মানুষকে একদিন তার গন্তব্যে পৌঁছে দেয়।

২০০৪ সালের ১লা ডিসেম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিতে আমার কর্মজীবনের সূচনা হয়। প্রথম চাকরি, নতুন দায়িত্ব, নতুন পরিবেশ—সবকিছুই ছিল অনন্য অনুভূতির। খুব দ্রুতই এই প্রতিষ্ঠান আমার জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে ওঠে। এটি কেবল একটি কর্মস্থল ছিল না; বরং ছিল আমার স্বপ্ন, দায়িত্ব এবং আত্মপরিচয়ের এক বিশাল ক্ষেত্র।

পল্লী বিদ্যুতের কাজ মানেই ছিল মানুষের জীবন আলোকিত করার সংগ্রাম। ঝড়–বৃষ্টি, গভীর রাত কিংবা প্রতিকূল পরিবেশ, সবকিছুর মাঝেও বিদ্যুতের সেবা সচল রাখতে কাজ করতে হয়েছে। প্রত্যন্ত গ্রামের মানুষের ঘরে আলো জ্বলে উঠলে তাদের মুখের হাসি দেখে মনে হতো, আমার শ্রম সার্থক। মানুষের ভালোবাসা ও বিশ্বাসই ছিল আমার কাজের সবচেয়ে বড় প্রেরণা। এই দীর্ঘ কর্মজীবনে অসংখ্য মানুষের সঙ্গে পরিচয় হয়েছে, অসংখ্য স্মৃতি জমেছে হৃদয়ে। সহকর্মীরা হয়ে উঠেছিলেন পরিবারের মতো। সুখ–দুঃখ, ব্যস্ততা, দায়িত্ব,সবকিছু মিলিয়ে পল্লী বিদ্যুৎ সমিতি আমার জীবনের একটি আবেগময় অধ্যায় হয়ে আছে। তবুও হৃদয়ের গভীরে আরেকটি স্বপ্ন নীরবে বেঁচে ছিল,বিসিএস ক্যাডার হওয়ার স্বপ্ন।

চাকরির পাশাপাশি সেই স্বপ্নকে আঁকড়ে ধরে আমি ২০০৫ সালে ২৭তম বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করি। দিনভর অফিসের দায়িত্ব পালন করে রাতে পড়ার টেবিলে বসতাম। কখনো ক্লান্ত শরীর হার মানতে চাইত, কিন্তু মন হার মানেনি। কারণ আমি বিশ্বাস করতাম, মানুষের সত্যিকারের স্বপ্ন তাকে কখনো স্থির থাকতে দেয় না।জীবনের এক আশ্চর্য অধ্যায় শুরু হয় ঠিক সেই সময়ে। বিসিএস পরীক্ষা ও সন্তানের আগমনী বার্তা ও স্বপ্নের বেড়ে উঠা একসাথে।২০০৬ সালের ১৫ই জুলাই আমার ছেলের জন্ম হয়। প্রথমবার তাকে কোলে নেওয়ার অনুভূতি ভাষায় প্রকাশ করার মতো নয়। মনে হয়েছিল, জীবনের সমস্ত ক্লান্তি, ব্যর্থতা আর অনিশ্চয়তার মাঝেও নতুন এক আলো আমার জীবনে এসে জ্বলে উঠেছে। আজও মনে হয়, আমার ছেলের জন্ম আর বিসিএসের স্বপ্ন যেন একই সুতোয় বাঁধা ছিল। একদিকে নতুন জীবনের আনন্দ, অন্যদিকে ভবিষ্যতের স্বপ্ন দুটি অনুভূতি একসঙ্গে আমার হৃদয়ে জায়গা করে নিয়েছিল।

পরবর্তীতে ২৭তম বিসিএসের ফলাফল প্রকাশিত হয় এবং গেজেটও বের হয়। সেই মুহূর্তে মনে হয়েছিল, বহুদিনের অপেক্ষার অবসান হতে চলেছে। বুকের ভেতরে নতুন আশার আলো জ্বলে উঠেছিল। আমি ভাবতে শুরু করেছিলাম, হয়তো

এবার জীবনের নতুন অধ্যায় শুরু হবে। পরিবার, সহকর্মী এবং শুভাকাঙ্ক্ষীদের মুখেও আনন্দের ছাপ দেখতে পেয়েছিলাম।কিন্তু ভাগ্যের নির্মম বাস্তবতা কখনো কখনো মানুষের স্বপ্নকে কঠিন পরীক্ষার মুখোমুখি দাঁড় করায়। কিছুদিন পর সেই গেজেট বাতিল হয়ে যায়। জীবনের সেই মুহূর্তটি আজও আমার হৃদয়ে গভীর বেদনার স্মৃতি হয়ে আছে। মনে হয়েছিল, বহু কষ্টে ধরা দেওয়া স্বপ্নটি আবার হাতছাড়া হয়ে গেল।

সেই সময়ে আমার ছোট্ট সন্তানকে কোলে নিয়ে আমি প্রায়ই ভাবতাম—জীবন এত কঠিন কেন? একদিকে সন্তানের নিষ্পাপ হাসি, অন্যদিকে নিজের অপূর্ণ স্বপ্নের দীর্ঘশ্বাস,এই দুই অনুভূতির মাঝখানে দাঁড়িয়ে নিজেকে নতুন করে গড়ে তুলতে হয়েছে। হয়তো অনেকেই সেই কষ্ট বুঝতে পারেনি, কিন্তু আমি জানতাম, ভেঙে পড়লে চলবে না। কারণ একজন বাবা কখনো শুধু নিজের জন্য বাঁচে না; সে তার সন্তানের ভবিষ্যতের জন্যও বাঁচে।তাই আমি আবার নিজেকে কাজে নিমগ্ন করেছি। পল্লী বিদ্যুৎ সমিতির দায়িত্ব পালন করেছি নিষ্ঠার সঙ্গে। মানুষের সেবা করার মধ্যেই নিজের শক্তি খুঁজে নিয়েছি। জীবনের এই দীর্ঘ পথচলায় আমি উপলব্ধি করেছি, ব্যর্থতা মানুষকে থামিয়ে দেওয়ার জন্য আসে না; বরং আরও দৃঢ় করে তোলার জন্য আসে।

সময়ের স্রোত অনেক দূর গড়িয়ে যায়। বহু বছর কেটে যায় কর্মব্যস্ততার মাঝে। কিন্তু হৃদয়ের গভীরে বিসিএসের সেই স্বপ্ন কখনো নিভে যায়নি। অবশেষে আল্লাহর অশেষ রহমতে বিসিএস (গণপূর্ত) ক্যাডারে যোগদানের সুযোগ আসে। সেই মুহূর্তে আমার মনে হয়েছিল, দীর্ঘ প্রতীক্ষার পর জীবনের একটি অসমাপ্ত অধ্যায় পূর্ণতা পেল।

তবে এই অর্জনের আনন্দের মাঝেও ছিল গভীর আবেগ। কারণ এর অর্থ ছিল আমার দীর্ঘ দিনের ভালোবাসার প্রতিষ্ঠানকে বিদায় জানানো। বিদায়ের সেই মুহূর্তগুলো আজও মনে পড়ে। সহকর্মীদের ভালোবাসা, শুভকামনা এবং আবেগ আমাকে বুঝিয়েছিল, জীবনের সবচেয়ে বড় অর্জন পদ নয়, মানুষের হৃদয়ে জায়গা করে নেওয়া।

বর্তমানে আমি বিপিএটিসিতে প্রশিক্ষণরত একজন নবীন কর্মকর্তা (বয়সে প্রবীণ)। দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতা থাকলেও এখানে এসে নিজেকে আবার নতুন শিক্ষার্থী মনে হচ্ছে। নতুন সহকর্মী, নতুন পরিবেশ, নতুন দায়িত্ব, সবকিছু আমাকে নতুনভাবে ভাবতে শিখাচ্ছে। বিপিএটিসির প্রতিটি দিন আমাকে মনে করিয়ে দেয়, শেখার কোনো শেষ নেই। একজন সরকারি কর্মকর্তা হিসেবে শুধু প্রশাসনিক দক্ষতা নয়, মানবিক মূল্যবোধও সমান গুরুত্বপূর্ণ। আমি বিশ্বাস করি, জনগণের সেবা কেবল দাপ্তরিক দায়িত্ব নয়; এটি একটি নৈতিক



অঙ্গীকার।

তবে এই অর্জনের আনন্দের মাঝেও ছিল গভীর আবেগ। কারণ এর অর্থ ছিল আমার দীর্ঘ দিনের ভালোবাসার প্রতিষ্ঠানকে বিদায় জানানো। বিদায়ের সেই মুহূর্তগুলো আজও মনে পড়ে। সহকর্মীদের ভালোবাসা, শুভকামনা এবং আবেগ আমাকে বুঝিয়েছিল, জীবনের সবচেয়ে বড় অর্জন পদ নয়, মানুষের হৃদয়ে জায়গা করে নেওয়া।

বর্তমানে আমি বিপিএটিসিতে প্রশিক্ষণরত একজন নবীন কর্মকর্তা (বয়সে প্রবীণ)। দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতা থাকলেও এখানে এসে নিজেকে আবার নতুন শিক্ষার্থী মনে হচ্ছে। নতুন সহকর্মী, নতুন পরিবেশ, নতুন দায়িত্ব, সবকিছু আমাকে নতুনভাবে ভাবতে শিখাচ্ছে। বিপিএটিসির প্রতিটি দিন আমাকে মনে করিয়ে দেয়, শেখার কোনো শেষ নেই। একজন সরকারি কর্মকর্তা হিসেবে শুধু প্রশাসনিক দক্ষতা নয়, মানবিক মূল্যবোধও সমান গুরুত্বপূর্ণ। আমি বিশ্বাস করি, জনগণের সেবা কেবল দাপ্তরিক দায়িত্ব নয়; এটি একটি নৈতিক অঙ্গীকার।

আজ যখন পেছনে তাকাই, তখন মনে হয় জীবনের প্রতিটি ব্যর্থতা, প্রতিটি অশ্রুবিন্দু এবং প্রতিটি সংগ্রাম আমাকে আরও শক্তিশালী করেছে। ২৭তম বিসিএসের হারিয়ে যাওয়া গেজেট, সন্তানের জন্মের আবেগ, দীর্ঘ কর্মজীবনের দায়িত্ব,সবকিছু মিলিয়েই আজকের আমি তৈরি হয়েছি। আমার জীবনের গল্প কোনো অসাধারণ মানুষের গল্প নয়; এটি একজন সাধারণ মানুষের স্বপ্নপূরণের গল্প। যে মানুষটি বহুবার হতাশ হয়েছে, কিন্তু আশা হারায়নি। যে মানুষটি জীবনের কঠিন বাস্তবতার মাঝেও বিশ্বাস করেছে একদিন না একদিন পরিশ্রমের মূল্য মিলবেই।

আজ আমার ছেলের দিকে তাকালে মনে হয়, সে শুধু আমার সন্তান নয়; সে আমার জীবনের দীর্ঘ সংগ্রামের নীরব সাক্ষী। তার জন্মের সময় যে স্বপ্ন অপূর্ণ ছিল, বহু বছর পর সেই স্বপ্ন পূর্ণতার আলো খুঁজে পেয়েছে। আজ বিসিএস সংক্রান্ত বিষয় ছেলের নখদর্পণে, প্রশিক্ষণে কি শিখায় তাও জানে, বলা যায় পরামর্শ দাতা এবং আমাদের অনেকের প্রোফাইল তার জানা। কর্মময় জীবনে পরম যত্নে মানুষের ঘর আলোকিত করেছি, অবশেষে সেই আলো ভাসিয়েছে আমাকেও, উচ্ছ্বসিত করেছে কিশোর সন্তানদের মন।

জীবনের এই নতুন অধ্যায়ে আমার একটাই প্রত্যাশা,সততা, নিষ্ঠা এবং মানবিক মূল্যবোধকে ধারণ করে দেশ ও মানুষের কল্যাণে কাজ করে যাওয়া। কারণ শেষ পর্যন্ত মানুষ তার পদবির জন্য নয়, তার কর্ম ও মানবিকতার জন্যই স্মরণীয় হয়ে থাকে।

রবীন্দ্রনাথ কি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরোধিতা করেছিলেন?

মোহাম্মদ আবু সালেহ
রোল: ১৩০

গত কয়েক বছর ধরে বিভিন্ন মহল থেকে রবীন্দ্রনাথ ঠাকুরের বিরুদ্ধে অভিযোগ উঠছে, তিনি নাকি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় সরাসরি বিরোধিতা করেছিলেন। ২০২০ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষে পদার্পণ উপলক্ষে এ বিষয়টি আবারও জোরালোভাবে আলোচনায় উঠে আসে। ২০২১ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় তার গৌরবোজ্জ্বল একশো বছর পূর্ণ করছে। বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ও ব্লগে কোনো রেফারেন্স ছাড়াই রবীন্দ্রনাথের বিরুদ্ধে ঢালাওভাবে বলা হচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে তিনি নাকি বিরোধিতা করে বলেছেন, 'মূর্খদের দেশে আবার কিসের বিশ্ববিদ্যালয়? এরা তো ঠিকমতো কথাই বলতে পারে না!'



রবীন্দ্রনাথ সম্পর্কে যারা জানেন এবং যারা তার লেখা ও কর্মের সঙ্গে পরিচিত তারা নিশ্চয়ই স্বীকার করবেন এ ধরনের মন্তব্য কবিগুরুর ব্যক্তিত্বের সঙ্গে যায় না। রবীন্দ্রনাথের সমস্ত সাহিত্যকর্ম ও বক্তৃতার কোথায় এ মন্তব্য করেছেন, এমন কোনো তথ্যসূত্র কেউ উল্লেখ না করেই অপবাদ দিয়ে তাঁর বিরুদ্ধে বিষোদগার ছড়াচ্ছেন।

বক্ষ্যমাণ নিবন্ধে আলোচিত ও বিতর্কিত এ বিষয়টি আণুবীক্ষণিক চোখ দিয়ে গবেষকের দৃষ্টিতে অনুসন্ধানের মাধ্যমে অত্যন্ত নিরপেক্ষ, নৈর্ব্যক্তিক ও নির্মোহভাবে ঘটনার সত্যতা যাচাইয়ের চেষ্টা করা হয়েছে।

রবীন্দ্রনাথের বিরুদ্ধে অভিযোগের কারণ

- বঙ্গভঙ্গের সময় (১৯০৫) রবীন্দ্রনাথ ছিলেন উগ্র জাতীয়তাবাদী, সে কারণে তিনি বাংলা ভাগ চাননি। কিন্তু ১ম বিশ্বযুদ্ধের পরে তিনি জাতীয়তাবাদের কুফল বুঝতে পেরে ক্রমশ আন্তর্জাতিকতাবাদের দিকে ঝুঁকে পড়েন।
- রবীন্দ্রনাথ মনে প্রাণে অসাম্প্রদায়িক ছিলেন। কিন্তু তিনি সাম্প্রদায়িকতা ঘৃণা করলেও সাম্প্রদায়িক দলগুলোর বিরুদ্ধে রুখে দাঁড়ানোর মতো দৃঢ়তা দেখাতে পারেননি।
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাকালীন রবীন্দ্রনাথ ভারতের বড়লাট লর্ড হার্ডিঞ্জের কাছে হিন্দু-অধ্যুষিত বোলপুরে বিশ্বভারতীকে বিশ্ববিদ্যালয়ের সনদ দেওয়ার জন্য অনুরোধ করেন। সুতরাং স্বাভাবিকভাবেই প্রতিদ্বন্দ্বী হিসেবে রবীন্দ্রনাথ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে মৌন ছিলেন।
- রবীন্দ্রনাথ বারবার স্বীকার করেছেন যে, সরকারি চাকরিতে মুসলমানরা ইংরেজি শিক্ষা গ্রহণ না করায় বঞ্চিত হয়েছে এবং এ বৈষম্য আস্তে আস্তে দূর করা দরকার। কিন্তু কম যোগ্য মুসলমান অনগ্রসর হওয়া সত্ত্বেও কোটা প্রথায় চাকরি পাবে আর যোগ্য হিন্দু প্রার্থীরা কোটার কারণে বেকার থাকবে— তাই তিনি

মুসলমানদের জন্য কোটা মানতে চাননি। মুসলমানদের জন্য সরকারি চাকরিতে কোটা বাতিলের পক্ষে তার অনিচ্ছাসত্ত্বেও তাকে স্বাক্ষর করতে হয়েছে। সুদূরপ্রসারী চিন্তা থেকে রবীন্দ্রনাথ মনে করতেন দীর্ঘমেয়াদে হিন্দু মুসলমান সম্পর্ক কোটা দিয়ে সমাধান হবে না, মুসলমানদের হিন্দুদের সমকক্ষতা অর্জন করতে হবে।

- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় যারা বিরোধিতা করেছিলেন তাদের মধ্যে অন্যতম প্রধান ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য স্যার আশুতোষ মুখার্জি, ড. রাশবিহারী ঘোষ ও রাজনীতিবিদ সুরেন্দ্রনাথ ব্যানার্জি। এদের সঙ্গে রবীন্দ্রনাথের ওঠাবসা ছিল। কোনোপ্রকার তথ্য প্রমাণ ছাড়াই এ থেকে কেবল ধারণা করা হয়, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরোধিতা করেছিলেন।
- শুধুমাত্র ধর্মীয় পরিচয়ের কারণে রবীন্দ্রনাথের লেখা না পড়েই তাকে মুসলিমবিদ্বেষী ভাবা হয় ও তার বিরুদ্ধে পৌত্তলিকতার অভিযোগ আনা হয়। অথচ রবীন্দ্রনাথ ছিলেন একেশ্বরবাদী ব্রাহ্ম ধর্মের অনুসারী। তাঁর লেখায় পৌত্তলিকতা স্থান পায়নি।

আমার লেখা 'ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও রবীন্দ্র-বিতর্ক' নামে আগামী প্রকাশনী থেকে ২০২২ সালে অমর একুশে বইমেলায় প্রকাশিত গ্রন্থ থেকে বক্ষ্যমাণ নিবন্ধটি তুলে ধরা হয়েছে।

গবেষক হিসেবে অত্যন্ত বস্তুনিষ্ঠতার সঙ্গে এ কারণগুলো পর্যালোচনা করার চেষ্টা করেছি।

রবীন্দ্রনাথের বিরুদ্ধে অভিযোগ ও তার খণ্ডন

সর্বপ্রথম ২০০০ সালে আহমদ পাবলিশিং হাউস থেকে প্রকাশিত সাবেক এনএসআই প্রধান ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা মেজর জেনারেল এম এ মতিনের লেখা 'আমাদের স্বাধীনতা সংগ্রামের ধারাবাহিকতা এবং প্রাসঙ্গিক কিছু কথা' নামক বইয়ে উল্লেখ করা হয়, '১৯১২ সালের ২৮ মার্চ কলিকাতার গড়ের মাঠে কবি রবীন্দ্রনাথ ঠাকুরের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিবাদে এক বিশাল জনসভার আয়োজন করা হয়। এখানে বলা প্রয়োজন যে কবি রবীন্দ্রনাথ ঠাকুরের মতো ব্যক্তিত্বও সেদিন ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরোধিতা করেছিলেন। কারণ হিসেবে বলা যেতে পারে যে, রবীন্দ্রনাথ তখন ছিলেন হিন্দু সমাজ তথা হিন্দু মনমানসিকতা ও হিন্দু চেতনা ও হিন্দু ভাবধারায় উদ্বুদ্ধ একজন হিন্দু স্বভাবকবি।'

এ তথ্য প্রকাশিত হওয়ার পর এ জেড এম আবদুল আলী সমকাল পত্রিকায় এ বক্তব্যের সত্যতা চ্যালেঞ্জ করে রেফারেন্স বা তথ্যসূত্র জানতে চান, কিন্তু কোনো জবাব পাওয়া যায়নি। ২০১৪ সালে অক্টোবর মাসে বই পত্রিকায় অধ্যাপক বিশ্বজিৎ ঘোষ 'ঢাকা বিশ্ববিদ্যালয় ও রবীন্দ্র প্রসঙ্গ' নামে একটি নিবন্ধে এ বক্তব্যের অসত্যতা প্রমাণ করেন।

বস্তুত রবীন্দ্রনাথের পক্ষে ১৯১২ সালের ২৮ মার্চ এ ধরনের সভায় সভাপতিত্ব করা দূরের কথা, উপস্থিত থাকাই সম্ভব ছিল না। ১৯১২ সালের ১৯ মার্চ রবীন্দ্রনাথের কলকাতা থেকে 'সিটি অব প্যারিস' জাহাজে ইংল্যান্ড যাত্রার ব্যবস্থা করা হয়েছিল। এর আগের দিন জাহাজে তার মালপত্র তুলে দেওয়া হয়। কিন্তু ১৯ মার্চ অসুস্থ হওয়ার ফলে তিনি জাহাজে উঠতে পারেননি। কবিপুত্র রথীন্দ্রনাথ এ ঘটনা নিম্নরূপে বর্ণনা করেছেন যা প্রশান্তকুমার পাল সম্পাদিত রবিজীবনী (১৯৯৩), ৬ষ্ঠ খণ্ডে উদ্ধৃত হয়েছে।



'জাহাজ ছাড়বার আগের দিন রাত্রে স্যার আশুতোষ চৌধুরীর বাড়িতে বাবার নিমন্ত্রণ। কেবল খাওয়াদাওয়া নয়, সেই সঙ্গে 'বাল্মীকিপ্রতিভা' অভিনয়ের ব্যবস্থা হয়েছিল। দীনেন্দ্রনাথ বাল্মীকির ভূমিকায় অভিনয় করলেন। অসুস্থ শরীরে বাবাকে অনেক রাত অবধি জাগতে হলো। আমরা ঘরে ফিরলাম বেশ রাত করে। বাকি রাতটুকু বাবা না ঘুমিয়ে চিঠির পর চিঠি লিখে কাটিয়ে দিলেন। ভোরবেলা উঠে বাবার শরীরের অবস্থা দেখে আমরা ভয় পেয়ে গেলাম, ক্লান্তিতে অবসাদে যেন ধুঁকছেন। তাড়াতাড়ি ডাক্তার ডাকতে পাঠানো হলো।....জাহাজ আমাদের জিনিসপত্র সমেত যথাসময়ে পাড়ি দিল, কিন্তু আমাদের সে যাত্রা আর যাওয়া হলো না।'

প্রশান্তকুমার পাল রবিজীবনীর (১৯৯৩) ৬ষ্ঠ খণ্ডে আরও উদ্ধৃত করেন, ১৯১২ সালে ২১ মার্চ রবীন্দ্রনাথ ডা. দ্বিজেন্দ্রনাথ মিত্রকে লেখেন—

'আমার কপাল মন্দ কপালের ভিতরে যে পদার্থ আছে, তারও গলদ আছে নইলে ঠিক জাহাজে ওঠবার মুহূর্তেই মাথা ঘুরে পড়লুম কেন? অনেক দিনের সঞ্চিত পাপের দণ্ড সেইদিনই প্রত্যুষে আমার একেবারে মাথার উপরে এসে পড়ল। রোগের প্রথম ধাক্কাটা তো একরকম কেটে গেছে, এখন ডাক্তারের উৎপাতে প্রাণ অতিষ্ঠ হয়ে উঠেছে।'

ডাক্তারের পরামর্শে বিশ্রাম নেওয়ার জন্য রবীন্দ্রনাথ কলকাতা থেকে শিলাইদহ চলে যান ১১ চৈত্র বা ২৪ মার্চ। এর প্রমাণস্বরূপ রবীন্দ্রজীবনীকার প্রশান্তকুমার পাল ঠাকুরবাড়ির ক্যাশ বহির হিসাব উদ্ধৃত করেন। ২৫ মার্চ তিনি শিলাইদহ থেকে কাদম্বিনী দেবীকে চিঠি লেখেন। ২৮ মার্চ ১৯১২ সালে তিনি শিলাইদহ থেকে জগদানন্দ রায়কে চিঠি লেখেন। ওই দিন থেকেই তিনি শিলাইদহে গীতিকবিতা লেখা শুরু করেন। তার গীতিমাল্য কাব্যগ্রন্থে 'স্থির নয়নে তাকিয়ে আছি' কবিতাটির নিচে লেখা আছে 'শিলাইদহ ১৫ই চৈত্র ১৩১৮' (২৮ মার্চ ১৯১২ খ্রিস্টাব্দ)। গীতাঞ্জলী কাব্যগ্রন্থেও একই তারিখ রয়েছে।

২৮ মার্চ যিনি শিলাইদহে বসে কবিতা লিখেছেন, তার পক্ষে একই দিনে কলকাতার গড়ের মাঠে বক্তৃতা করা সম্ভব ছিল না।

সাবেক সচিব ও তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খান তার 'দুর্ভাবনা ও ভাবনা: রবীন্দ্রনাথকে নিয়ে' (প্রথমা প্রকাশন, ২০১৯) গ্রন্থে এ বিষয়ে অনুপুঙ্খ বিশ্লেষণ ও অনুসন্ধান করে বলেছেন—

'এই তারিখ ছাড়া রবীন্দ্রনাথ অন্য কোনো তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরোধী কোনো সভায় অংশ নিয়েছেন, এ রকম কোনো তথ্য রবীন্দ্রবিদ্বেষীরা এখন পর্যন্ত পেশ করেননি।'

দ্বিতীয়ত, ২০০১ সালে অধ্যাপক আহমদ শরীফ 'রবীন্দ্র-উত্তর তৃতীয় প্রজন্মে রবীন্দ্র মূল্যায়ন' নামে একটি প্রবন্ধ লেখেন। এই প্রবন্ধে তিনি বলেন, 'রবীন্দ্রানুরাগী ও রবীন্দ্রস্নেহভাজন অন্নদাশঙ্কর রায় বলেছেন, রবীন্দ্রনাথ তার ত্রুটি-নিন্দা-কলঙ্কের সাক্ষ্য প্রমাণ সতর্ক প্রয়াসে অপসারিত বা বিনষ্ট করতেন।'

ড. আকবর আলি খান তার পূর্বোক্ত বইয়ে 'রবীন্দ্রনাথ ও সাম্প্রদায়িকতা' অধ্যায়ে ড. আহমদ শরীফের ওপর বিরক্ত হয়ে লেখেন–

'গবেষণামূলক প্রবন্ধে এ ধরনের বক্তব্যের সমর্থনে অবশ্যই সূত্রের উল্লেখ করতে হয়। অধ্যাপক শরীফ এ বক্তব্যের ওপর ১০ নম্বর পাদটীকা বসান।

আমি খুশি হয়ে ১০ নম্বর পাদটীকাতে গিয়ে দেখি তিনি লিখেছেন, অন্নদাশঙ্কর রায়ের উক্তিটি কোথায় দেখেছি মনে পড়ছে না। গুজবভিত্তিক বক্তব্যে খিস্তিখেউর লেখা যায় কিন্তু যুক্তিভিত্তিক গবেষণামূলক প্রবন্ধ লেখা সম্ভব হয় না।'

রবীন্দ্রবিরোধীরা 'মুক্তমনা ডটকম' নামে একটি ওয়েবসাইট থেকে রবীন্দ্রনাথের নামে অপপ্রচার চালাচ্ছেন। এই ওয়েবসাইটের একটি লেখায় দেখা যাচ্ছে, সেখানে উল্লেখ করা আছে নীরদ চন্দ্র চৌধুরী তাঁর অটোবায়োগ্রাফি অব এন আননোন ইন্ডিয়ান গ্রন্থে লিখেছেন, রবীন্দ্রনাথ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরোধিতা করেছিলেন। কিন্তু তন্নতন্ন করে খুঁজে ও বই ঘেঁটে দেখা গেল নীরদ চন্দ্র চৌধুরী তার আত্মজীবনীতে রবীন্দ্রনাথ যে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরোধিতা করেছেন এরূপ কোনো মন্তব্যই করেননি। নীরদচন্দ্র চৌধুরী রবীন্দ্রানুরাগী ছিলেন না বলে তারা ধরেই নিয়েছেন, তিনি রবীন্দ্রনাথের ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরোধিতার ব্যাপারে বলেছেন।

২০১০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে এক বক্তৃতায় তদানীন্তন উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক রবীন্দ্রনাথের একটি কবিতা উদ্ধৃত করে বক্তব্য পেশ করলে সিনেটের একজন সদস্য এ উদ্ধৃতি প্রত্যাহার করতে বলেন। অবশ্য রবীন্দ্রনাথ যে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরোধিতা করেছেন, তার কোনো প্রমাণ সিনেটের সদস্য দাখিল করতে পারেননি। তবুও এ গুজব একটা গোষ্ঠী উদ্দেশ্যপ্রণোদিতভাবে ছড়াচ্ছে।

যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরোধিতা করেছিলেন–

সে সময়ে রবীন্দ্রনাথের আচরণ সম্পর্কে আমিনুল ইসলাম 'রবীন্দ্রমানস ও মুসলিম সমাজ' (২০১১) গ্রন্থে লিখেছেন,

'ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে সেদিন পথে নেমেছিল হিন্দু সংবাদপত্রগুলি, হিন্দু বুদ্ধিজীবী ও নেতাগণ। গিরিশচন্দ্র ব্যানার্জি, রাসবিহারী ঘোষ এমনকি কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর স্যার আশুতোষ মুখার্জির নেতৃত্বে বাংলার এলিটগণ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিরুদ্ধে ১৮ বার স্মারকলিপি দেন লর্ড হার্ডিঞ্জকে। রবীন্দ্রনাথ এই সময় মৌন ছিলেন।'

এ তথ্যসূত্র থেকে দেখা যাচ্ছে রবীন্দ্রনাথ প্রত্যক্ষভাবে ঢাকা ইউনিভার্সিটির বিরুদ্ধে নামেননি, আবার যারা বিরোধিতা করেছিলেন তাদের ব্যাপারেও সরাসরি প্রতিবাদ করেননি।

বঙ্গভঙ্গ রদের (১৯১১) সান্ত্বনা হিসেবে লর্ড হার্ডিঞ্জ ১৯১২ সালে ঘোষণা দেন, পূর্ববঙ্গে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করবেন। কিন্তু শুরুতেই তা বাধার সম্মুখীন হয়। লর্ড হার্ডিঞ্জের ঢাকা সফর শেষে কলকাতা ফিরে যাওয়ার পরে ১৯১২ সালের ১৬ ফেব্রুয়ারি ড. রাশবিহারী ঘোষের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ঢাকায় বিশ্ববিদ্যালয় স্থাপনের বিরোধিতা করে স্মারকলিপি দেয়। রাশবিহারী ঘোষের সঙ্গে একমত ছিলেন বিপিন চন্দ্র পাল, সুরেন্দ্রনাথ ব্যানার্জি, সুরেন্দ্রনাথ সমাজপতি, ব্যারিস্টার ব্যোমকেশ চক্রবর্তী, পেয়ারী মোহন মুখোপাধ্যায়, অম্বিকা চরণ মজুমদারের মতো নেতারা। ভাইসরয় তাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন, ঢাকায় বিশ্ববিদ্যালয় হলে সেটি কোনো মুসলিম বিশ্ববিদ্যালয় হবে না, বরং সবার জন্য উন্মুক্ত সাধারণ একটি বিশ্ববিদ্যালয় হবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায় শুরু থেকেই ঢাকায় বিশ্ববিদ্যালয়ের বিরোধিতা করে আসছিলেন। পরবর্তীকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. রমেশচন্দ্র



মজুমদার তার 'ঢাকার স্মৃতি' নামক একটি প্রবন্ধে লিখেছিলেন, 'ভাইসরয় লর্ড হার্ডিঞ্জ স্যার আশুতোষ মুখোপাধ্যায়কে বলেছিলেন, তিনি ঢাকায় বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ। তিনি সরাসরি আশুতোষ বাবুর কাছে জানতে চেয়েছিলেন, কিসের বিনিময়ে তিনি ঢাকায় বিশ্ববিদ্যালয় স্থাপনের বিরোধিতা থেকে বিরত থাকবেন। শেষ পর্যন্ত আশুতোষ মুখোপাধ্যায় কলকাতা বিশ্ববিদ্যালয়ে চারটি নতুন প্রফেসর পদ সৃষ্টির বিনিময়ে বিরোধের অবসান ঘটান।'

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় বিরোধিতার কারণ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় বিরোধিতার কারণ অনুসন্ধানে আমরা নিচে উল্লেখিত বহুমুখী ও বিচিত্র দিক খুঁজে পাই—

- বঙ্গভঙ্গ ও বঙ্গভঙ্গ রদ
- কলকাতা বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক বিরোধিতা ও এর উপাচার্য স্যার আশুতোষ মুখার্জির বিরোধিতা
- তৎকালীন কলকাতার হিন্দু এলিটদের বিরোধিতা
- আলিগড় বিশ্ববিদ্যালয় এবং অবাঙালি মুসলমান নেতাদের বিরোধিতা
- একই সময়ে বোলপুরে রবীন্দ্রনাথ কর্তৃক বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের অনুমোদনের আবেদন
- একই সময়ে ড. রাশবিহারী ঘোষ কর্তৃক যাদবপুরে জাতীয় বিশ্ববিদ্যালয় স্থাপনের আবেদন
- পূর্ববঙ্গের হিন্দু এলিটদের বিরোধিতা
- ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরও বাংলার প্রথম শিক্ষামন্ত্রী প্রভাসচন্দ্র মিত্রের বিরোধিতা

যাদের অবদানে আজকের ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য নাথান কমিশন গঠন করা হয়। নাথান কমিশনের রিপোর্ট প্রকাশের পরে ইউরোপজুড়ে শুরু হয়ে যায় প্রথম বিশ্বযুদ্ধের তোড়জোড়। ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় হবে, এই স্বপ্ন চাপা পড়ে যায় কাগজের স্তূপে। ঢাকার প্রভাবশালী স্যার নওয়াব সলিমুল্লাহ নানাভাবে ব্রিটিশ প্রশাসনকে চাপ দিয়ে বারবার বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা স্মরণ করিয়ে দিয়েছিলেন। ১৯১৪ সালে তার মৃত্যুর পরে ঢাকা বিশ্ববিদ্যালয় নিয়ে ইংরেজ প্রশাসনকে চাপ দেওয়ার কাজটি হাতে তুলে নিয়েছিলেন নবাব নওয়াব আলী চৌধুরী। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবীকে বারবার সামনে নিয়ে আসতে তার সঙ্গে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন নবাব সিরাজুল ইসলাম, স্যার সৈয়দ শামসুল হুদা, আবদুল করিম, খানবাহাদুর আহছানউল্লা ও শেরে বাংলা এ কে ফজলুল হকের মতো নেতারা।

ঢাকায় বিশ্ববিদ্যালয় স্থাপিত হলে মধ্যবিত্তদের আর কষ্ট করে কলকাতায় গিয়ে পড়তে হবে না ভেবেই ঢাকার বালিয়াটির (মানিকগঞ্জ, সাটুরিয়া) জমিদার কিশোরীলাল রায় চৌধুরী এই বিশ্ববিদ্যালয় নির্মাণে প্রচুর অর্থদান করেছিলেন। এ কারণে জগন্নাথ হলের নামকরণ হয় তাঁর পিতা জগন্নাথ রায় চৌধুরীর নামে। তার পিতা জগন্নাথ রায় চৌধুরী ঢাকা জগন্নাথ কলেজ প্রতিষ্ঠা করেন। (বর্তমান জগন্নাথ বিশ্ববিদ্যালয় ১৮৫৮ সালে ঢাকা ব্রাহ্ম স্কুল, ১৮৬৮ সালে নাম বদলে জগন্নাথ স্কুল, ১৮৮৪ সালে জগন্নাথ কলেজ এবং ২০০৫ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হয়)।

When Women Stand Out, Communities Withstand Climate Change:

My Experience as a Development Worker

Md Masud Mondol

Roll: 303



As a development worker, I have witnessed how climate change affects communities in flood-prone areas of Bangladesh. Rising water levels, riverbank erosion, loss of livelihoods, and repeated displacement have become harsh realities for many families. While these challenges affect everyone, women often carry the heaviest burden. At the same time, they have emerged as some of the strongest drivers of resilience and positive change.

Women play a crucial role in maintaining family wellbeing during times of crisis. They are responsible for collecting water, preparing food, caring for children and elderly family members, and managing households. During floods, access to clean water and sanitation becomes difficult, increasing health and protection risks. Despite these challenges, women continuously adapt and find ways to protect their families and communities.

My experience has shown that resilience is not built by infrastructure alone. Strong communities are built when women are equipped with knowledge, resources, and opportunities. Training on hygiene, disaster preparedness, and climate adaptation helps women make informed decisions and reduce risks. Improved access to safe water, sanitation, and flood-resilient facilities further strengthens their ability to cope with disasters.

Economic empowerment is equally important. Many women who once struggled to survive have transformed their lives through small businesses and income-generating activities. With increased financial security, they are able to support their families, save for emergencies, and plan for the future. Their success demonstrates that economic resilience and climate resilience are closely linked.

Women's leadership also brings important social changes. Through collective action, women challenge harmful social norms, promote girls' education, prevent child marriage, and advocate for safer and more inclusive communities. Their participation in local decision-making ensures that the needs and priorities of vulnerable groups are reflected in climate adaptation efforts.

The women I have met are not merely victims of climate change. They are leaders, entrepreneurs, caregivers, and advocates who strengthen families and communities. Their determination and courage inspire others and contribute to long-term resilience.

As climate change continues to intensify in Bangladesh, empowering women socially, economically and politically is not only a matter of equality, it is essential for sustainable development. My experience as a development worker has taught me that when women stand out, communities are better prepared to withstand climate change and build a stronger, fairer, and more resilient future.

মেঘ-পাহাড় আর অচিন পুরের দিনলিপি

সৈয়দ জিন্দার কবীর
রোল: ৩২৪

ভ্রমণ মানুষের ভেতরের চেনা মানুষটাকে বদলে দেয়, চেনা দিগন্তের ওপারে নিয়ে যায় এক নতুন জগতে। জীবনের কর্মব্যস্ততার ফাঁকে ফাঁকে যখনই সুযোগ পেয়েছি, ডানা মেলেছি অচেনা কোনো দেশে। কখনো বন্ধু, কখনো সহকর্মীদের সাথে কাটানো সেই দিনগুলো আমার জীবনের অন্যতম সেরা কিছু অধ্যায়। সুভ্যেনিরের পাতায় রইল আমার সেইসব দেশ-বিদেশের স্মৃতি জড়ানো দিনলিপি।



প্রথম আকাশ ছোঁয়া এবং এক রোমাঞ্চকর যাত্রা: ভারত ভ্রমণ (২০১৬)

২০১৬ সালের আগস্টে জীবনের প্রথম বিদেশ সফরের রোমাঞ্চ নিয়ে আমি আর আমার বন্ধু রাসেল রওনা হলাম ভারতের উদ্দেশ্যে। বাংলাদেশ থেকে আমরা প্রথমে গাড়িতে করে কলকাতা পৌঁছাই। সেখান থেকে দিল্লি যাওয়ার জন্য 'ভিস্টারা এয়ারলাইন্স'-এর টিকিট কেটেছিলাম। কিন্তু বিমানবন্দরে যাওয়ার পথে ট্যাক্সিকাবে অতিরিক্ত দরকষাকষি করতে গিয়ে জীবনের প্রথম বিমান ফ্লাইটটিই আমরা মিস করি! অগত্যা অন্য আরেকটি 'ইন্ডিগো এয়ারলাইন্স'-এর ফ্লাইটে আমরা দিল্লি পৌঁছাই।

দিল্লির লালকেল্লা, ইন্ডিয়া গেট ও কুতুবমিনার দেখে আমরা মুগ্ধ হই এবং পরবর্তীতে আগ্রায় গিয়ে ভালোবাসার প্রতীক তাজমহল দর্শন করি। তবে আসল রোমাঞ্চ তখনও বাকি ছিল। আগ্রা থেকে রাজস্থানের উদ্দেশ্যে আমরা একটি স্লিপিং কোচের নাইট টিকিট কাটি। বাসটি ছিল দোতলা, আমাদের সিট ছিল ওপরের তলায়। বাসের সিট কভার এতটাই ময়লা ছিল যে আমরা একটি নতুন বেডশিট কিনে বিছিয়ে নিই। বাসের যাত্রা শুরু হয় এবং আমরা গল্পে গল্পে সময় পার করতে থাকি। এরই মধ্যে গভীর রাতে দেড়শ কিলোমিটার বেগে চলা বাসে আমার বন্ধুর হঠাৎ তীব্র প্রাকৃতিক চাপ আসে! ভাষাগত সমস্যার কারণে চালককে বোঝাতেও পারছিলাম না। বাসের দোতলা থেকে নিচতলায় নেমে দেখি মানুষে ঠাসা, পা ফেলার জায়গা নেই। অবশেষে বাসটি রাস্তার পাশে দাঁড়ালে এক ল্যাম্পপোস্টের নিচে সে বসে পড়ে এবং স্বস্তি পায়।

পরদিন রাজস্থানের মরুভূমিতে উটের পিঠে চড়া, তরবারি নিয়ে খেলা এবং রাজধানী জয়পুরের ঐতিহাসিক স্থাপনা ঘুরে আমাদের এই পর্ব শেষ হয়। এরপর দিল্লি হয়ে আমরা চলে যাই কনকনে শীতের শহর শিমলায়। পর্যাপ্ত শীতের কাপড় না থাকায় সেখানে গিয়ে প্রথমে কাপড় কিনতে হয়েছিল। শিমলার আপেল বাগান এবং পাহাড়ি পথে ঘোড়ায় চড়ার অভিজ্ঞতা ছিল এককথায় অসাধারণ।

শিমলাতেই আমরা দর্শন করি ১০৮ ফুট উঁচু বিশাল হনুমান মন্দির। সেখানে বানরগুলোর উৎপাত ছিল দেখার মতো! তারা লোকজনের মোবাইল, মানিব্যাগ ছিনিয়ে নিয়ে যাচ্ছিল। বানরের হাত থেকে বাঁচতে আমি বুদ্ধি করে আমার মানিব্যাগটি আন্ডারওয়্যারের মধ্যে লুকিয়ে রাখি। আর খাবারের কথা বললে শিমলার সেই বড় বড় কাঁচা মরিচ আর পাহাড়ি ডাল দিয়ে ভাত খাওয়ার কথা ভুলব না, যা ক্ষুধার্ত অবস্থায় আমাদের কাছে অমৃতের মতো মনে হয়েছিল।

ঢাকা ফেরার পথে কলকাতায় প্রায় ২০-২২ বছর পর আমার মাধ্যমিক স্কুলের সহপাঠী মিহির কুমার পালের সাথে দেখা হওয়াটা ছিল পুরো ভ্রমণের সবচেয়ে আবেগঘন মুহূর্ত। এভাবেই রোমাঞ্চ, বিড়ম্বনা আর বন্ধুত্বের টানাপোড়েনে শেষ হয় আমার জীবনের প্রথম বিদেশ সফর।

ত্রিদেশীয় অভিযান: মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও সিঙ্গাপুর (২০১৯)

২০১৯ সালের ১৬ই আগস্ট আমরা তিনজন রওনা হলাম মালয়েশিয়ার উদ্দেশ্যে। আমাদের নিয়মিত ভ্রমণসঙ্গী রাসেল ছেলের অসুস্থতার কারণে এবার আসতে পারেনি। মালয়েশিয়া বিমানবন্দরে নেমেই এক অনাকাঙ্ক্ষিত অভিজ্ঞতা হলো— সন্দেহবশত আমাদের ইন্টারোগেশন রুমে নিয়ে দীর্ঘ জিজ্ঞাসাবাদ করা হলো! তবে সব প্রতিকূলতা পার করে আমরা কুয়ালালামপুর শহরে প্রবেশ করি।

কুয়ালালামপুরে আমাদের দিনগুলো ছিল রোমাঞ্চকর। আমরা সেখানে কুয়ালালামপুর

টাওয়ার এবং বিখ্যাত পেট্রনাস টুইন টাওয়ার ঘুরে দেখি। এরপর আমরা যাই বাতু কেভস–এ, যেখানে ২৭২টি সিঁড়ি বেয়ে উঠতে হয় বিখ্যাত হিন্দু মন্দিরে। এছাড়া আমরা কুয়ালালামপুরের বিখ্যাত মসজিদ ও ঐতিহাসিক সাংস্কৃতিক শহর মালাক্কা ভ্রমণ করি। গেন্টিং হাইল্যান্ডসে ক্যাবল কারে চড়ার অভিজ্ঞতা ছিল দারুণ। সেখানে ক্যাসিনোতে জুয়া খেলে জিতে আসাটা ছিল আমাদের জন্য এক অভাবনীয় প্রাপ্তি। এছাড়া মালয়েশিয়ার স্ট্রিট ফুড ছিল সত্যিই অসাধারণ। বিশেষ করে বুকিত বিনতাং–এর চমৎকার রাতের পরিবেশ আমাদের মুগ্ধ করে।

১৯শে আগস্ট রাতে বিদায়ের সময় এলো। খলিল ভাইয়ের সিঙ্গাপুরের ভিসা না থাকায় উনি মালয়েশিয়াতেই থেকে গেলেন। আমি ও লুৎফর বাসে করে সিঙ্গাপুরের উদ্দেশ্যে রওনা হলাম। খুব ভোরে সিঙ্গাপুরে নেমে ক্রুজ শিপে করে আমরা চলে গেলাম ইন্দোনেশিয়ার বাটাম দ্বীপে। একদিনে বাটামের দারুণ সৌন্দর্য উপভোগ করে সন্ধ্যায় আবার সিঙ্গাপুরে ফিরে আসি।

সিঙ্গাপুরে আমাদের পরবর্তী দুদিন ছিল ব্যস্ততায় ভরা। আমরা ঘুরে দেখি দৃষ্টিনন্দন মেরিনা বে, সিঙ্গাপুর জু এবং নাইট সাফারি। সিঙ্গাপুরের মোস্তফা সেন্টারে আমরা রাতের কেনাকাটা সারি। মজার ব্যাপার হলো, মোস্তফা টাওয়ারের আশপাশের এলাকা দেখে আমাদের কাছে মনে হয়েছে যেন একটি 'মিনি বাংলাদেশ'। এভাবে সিঙ্গাপুরের বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরে ২২শে আগস্ট বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে করে আমরা ঢাকায় ফিরে আসি।

বরফঢাকা স্বর্গের হাতছানি: ভারতের সিকিম যাত্রা (২০২০)

২০২০ সালের জানুয়ারির হাড় কাঁপানো শীতে আমাদের গন্তব্য ছিল ভারতের সিকিম। কলকাতা থেকে বিমানে শিলিগুড়ি এবং সেখান থেকে জিপে করে আঁকাবাঁকা পাহাড়ি পথ ধরে আমরা পৌঁছালাম গ্যাংটকে। পরদিন সকালে ট্যুরিস্ট গাড়িতে করে উত্তর সিকিমের বরফে ঢাকা লাচুং ও 'ইউমথাম ভ্যালি' দেখতে যাই। সেখানে চারদিকের শুভ্র বরফের সমারোহ আমরা খুবই এনজয় করি।

কিন্তু সেই বরফঢাকা রাতে আমাদের সাথে এক চরম উদ্বেগজনক ঘটনা ঘটে। প্রচণ্ড ঠান্ডায় বন্ধু রাসেল হঠাৎ নিস্তেজ হয়ে পড়ে এবং প্রায় সাড়া–শব্দহীন (No Response) অবস্থায় চলে যায়। আমরা ভীষণ আতঙ্কিত হয়ে পড়ি। সেখানে শরীর গরম করার একমাত্র উপকরণ ছিল মদ, কিন্তু আমাদের অভ্যাস না থাকায় সাথে থাকা সরিষার তেল ওর পায়ে সারারাত মালিশ করতে থাকি এবং রুম হিটারগুলো ওর চারপাশে এনে কোনোমতে রাতটি পার করি।

সকালে আমরা গ্যাংটকে ফিরে আসি। এরপর শিলিগুড়ি হয়ে খলিল ভাই ও লুৎফর বাসে ঢাকার উদ্দেশ্যে রওনা দেয়। অন্যদিকে, আমি ও রাসেল বাগডোগরাতে পৌঁছাই এবং সেখানে রাত্রিযাপন করি। এরপর বাগডোগরা থেকে কলকাতা গিয়ে পৌঁছাই। কলকাতায় আমরা বেশ ঘোরাঘুরি করি এবং সেখানে বন্ধু মিহিরের সঙ্গ পেয়ে আবারো দারুণ মুগ্ধ হই। অবশেষে কলকাতা হয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সে আমরা দেশে ফিরি। এই ভ্রমণটি যেমন ছিল আনন্দের, তেমনই ছিল এক মর্মান্তিক ও শিউরে ওঠার মতো অভিজ্ঞতা।

প্রযুক্তির আলোয় পরিপাটি দেশ: দক্ষিণ কোরিয়া ভ্রমণ (২০২৪)

২০২৪ সালের অক্টোবরে আমরা ৮ জন থাই এয়ারওয়েজে চড়ে ব্যাংকক হয়ে দক্ষিণ কোরিয়ার উদ্দেশ্যে রওনা হই। সিউলের প্রধান আন্তর্জাতিক বিমানবন্দর Incheon International Airport–এ নামার পর ইমিগ্রেশনে আমাদের মধ্যে ২–৩ জনকে পাসপোর্টসহ আটকে দেওয়া হলে আমরা বেশ উদ্বেগের মধ্যে পড়ি। পরবর্তীতে কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সাথে ফোনে যোগাযোগ করা হলে, তাঁর আন্তরিক হস্তক্ষেপ ও প্রয়োজনীয় ক্লিয়ারেন্সের মাধ্যমে আমরা সফলভাবে ইমিগ্রেশন সম্পন্ন করতে সক্ষম হই। কোরিয়ার রাজধানী সিউল শহরটি অসম্ভব গোছানো এবং পরিপাটি। সিউলের রাতের রূপ উপভোগ করে পরদিন আমরা বুলেট ট্রেনে করে বুসানে (Busan) চলে যাই।

বুসানের সাগরের ওপর তৈরি ব্রিজ এবং বিশাল সব বহুতল ভবন দেখার মতো ছিল। সেখানে আমরা বুসানের কিছু দর্শনীয় স্থান ভিজিট করি এবং চমৎকার একটি Night Cruise উপভোগ করি। আমাদের ভ্রমণের অন্যতম রোমাঞ্চকর অভিজ্ঞতা ছিল বুসানের আকাশছোঁয়া ১০১ তলা বিশিষ্ট আইকনিক স্কাইস্ক্র্যাপার Haeundae LCT The Sharp–এর সর্বোচ্চ চূড়ায় মাত্র ৫৭ সেকেন্ডে লিফটে চড়ে পৌঁছে যাওয়া। সেই অনুভূতিটা ছিল সত্যিই শ্বাসরুদ্ধকর ও অবিস্মরণীয়; মনে হচ্ছিল যেন মুহূর্তের মধ্যেই আমরা মেঘের খুব কাছাকাছি পৌঁছে গেছি! সেখানে ভ্রমণের সময় আমাদের খাবারের কিছুটা সমস্যা হচ্ছিল, তাই আমরা একটি পাকিস্তানি রেস্টুরেন্টে গিয়ে খাবার খাই।

বুসানের সফর শেষ করে আমরা পুনরায় ট্রেনে করে সিউল ফিরে আসি এবং বেশ কিছু কেনাকাটা করি। তবে ফেরার আগের রাতে আমাদের বেশ বিড়ম্বনায় পড়তে হয়। আমরা কোনোভাবেই হোটেল খুঁজে পাচ্ছিলাম না। আমাদের এলোমেলো ঘুরাঘুরি দেখে একজন মহিলার সন্দেহ হলে তিনি পুলিশে খবর দেন এবং মুহূর্তের মধ্যেই নিঃশব্দে পুলিশ চলে আসে। পরিস্থিতিটি কিছুটা ভীতিকর হলেও আমরা পুলিশকে আমাদের পরিচয় দিই এবং হোটেল খুঁজে না পাওয়ার বিষয়টি জানাই। সব শুনে পুলিশ আমাদের নিরাপদে হোটেলে পৌঁছে দিয়ে আসে। সবশেষে আমরা চোখ জুড়ানো গাছ আর ফুলে সাজানো নামি আইল্যান্ড (Nami Island) ঘুরে ১৩ই অক্টোবর বাংলাদেশে ফিরে আসি।

নদী, গুহা আর সমুদ্রের মিতালী: ভিয়েতনাম ও থাইল্যান্ড (২০২৫)

আমাদের সর্বশেষ ভ্রমন ছিল ভিয়েতনাম ও থাইল্যান্ডে। ৩০শে জানুয়ারি, ২০২৫ ভিয়েতনামের হ্যানয় শহরে নেমে অন–অ্যারাইভাল ভিসা নিয়ে আমাদের যাত্রা শুরু হয়। পরদিন আমরা বিশ্বখ্যাত 'হ্যালং বে' (Ha Long Bay) দেখার উদ্দেশ্যে রওনা হই। পথে একটি ঝিনুক ও মুক্তা চাষের খামার পরিদর্শন করি। হ্যালং বে–তে ক্রুজ শিপে ঘুরে বেড়ানো, ছোট ছোট নৌকায় নদীর বুকে চলা এবং পৃথিবীর অন্যতম বৃহৎ গুহা দেখার অভিজ্ঞতা আমাদের স্মৃতিতে চিরকাল ভাসবে।

ভিয়েতনাম পর্ব শেষ করে ৩ ফেব্রুয়ারি আমরা বিমানে থাইল্যান্ডের ব্যাংককে পৌঁছাই। ব্যাংককে আমরা পরবর্তী দুই দিন ঘুরে বেড়াই। এর মধ্যে সাফারি পার্কে কাটানো সময়টি ছিল অসাধারণ; সেখানে অনেক পশুপাখি ও জন্তু–জানোয়ার দেখার পাশাপাশি তাদের বিভিন্ন কসরত ও খেলা আমাদের মুগ্ধ করেছে। বিশেষ করে ডলফিনের নাচ ছিল এক কথায় অপূর্ব।

৫ তারিখ আমাদের পরবর্তী গন্তব্য ছিল পর্যটন শহর পাতায়া। সেখানে পৌঁছে আমরা পাতায়া বিচে যাই এবং প্যারা–সেইলিং ও বিচ কারে চড়ার মতো রোমাঞ্চকর অভিজ্ঞতা অর্জন করি। সমুদ্রের তলদেশে যাওয়ার (Undersea walk) পাশাপাশি সাগরের বুকে আমরা চমৎকার কিছু আনন্দ–মাস্তির মুহূর্ত কাটাই। এছাড়া আমরা পাতায়ার বিখ্যাত রত্ন কারখানা 'জেমস গ্যালারি' (Gems Gallery) পরিদর্শন করি এবং সেখান থেকে কিছু কেনাকাটাও করি। এভাবে থাইল্যান্ডের সৌন্দর্য উপভোগ করে পরদিন আমরা ঢাকার উদ্দেশ্যে ব্যাংকক ত্যাগ করি।

ভ্রমণের এই ডায়েরিটা উল্টালে মনে হয়—ট্যাক্সি ক্যাবের সেই দরকষাকষি, শীতের রাতে বন্ধুর জন্য উৎকণ্ঠা, কিংবা হ্যালং বে–র শান্ত জলরাশি—সবকিছুই জীবনের একেকটি অমূল্য সঞ্চয়। এই স্মৃতিগুলোই আমাদের প্রতিদিনের চেনা জীবনে বেঁচে থাকার নতুন রসদ জোগায়।

একজন সপ্তবিংশতির কথা

মোহাম্মদ দেলখোশ আহমেদ

রোল: ৪০৭

এক.

২৭তম বিসিএস এর লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে আজ। তেজকোণী পাড়ার মেস হতে আমি হেঁটে হেঁটে পিএসসিতে গেলাম। নোটিশ বোর্ডের দিকে যেতেই দেখি মারাত্মক রকমের ভীড়। অনেকক্ষন দাঁড়িয়ে দাঁড়িয়ে শুধু দেখতে লাগলাম, ভীড় আর কমে না। পরে সিদ্ধান্ত নিলাম ভীড় ঠেলেই রেজাল্ট দেখতে হবে। যেই কথা সেই কাজ। ভীড় ঠেলে অনেক কষ্টে আমি বোর্ডের নিকট যেতে পারলাম। আমি আমার রোল নম্বরটা খুঁজে পেলাম। মনের আনন্দে আবারও ভীড় ঠেলে বেড়িয়ে এলাম। বের হয়ে আসার পর আমি পকেটে হাত দিয়ে দেখি আমার মোবাইলটি (মোবাইলটি টিউশনের টাকা জমিয়ে কিনেছিলাম) নেই, মানে খোয়া গেছে! মনটা খুবই খারাপ হয়ে গেল। এমনিতেই বেকার, তার উপর আবার মোবাইল হারানো। কি আর করা, মনের কষ্টে আবারও সেই মেসের দিকে যাত্রা শুরু করলাম।

দুই.

২০০৬ সালের সেপ্টেম্বর–ডিসেম্বর মাসে ২৭তম বিসিএস এর ভাইভা পরীক্ষা। তখন ঢাকা বিশ্ববিদালয়ের বন্ধু আরিফ, মাহমুদ এবং আমি কুড়িল বিশ্ব রোডে একটি মেস নিয়ে থাকি। ভাইভা পরীক্ষার দিন সকালে দেড় ঘন্টার মত সময় হাতে নিয়ে আমি পিএসসির দিকে রওনা হলাম। কুড়িল বিশ্ব রোডে বাসের জন্য অপেক্ষা করছিলাম। প্রায় এক ঘন্টা সময় অতিবাহিত হওয়ার পরও আমি বাস ধরতে পারছিলাম না, এত ভীড়! মনের মাঝে টেনশন কাজ করছিল, পরীক্ষাটা মনে হয় আর দিতে পারলাম না। নিজের উপর খুব বিরক্ত হচ্ছিল। শেষে সিদ্ধান্ত নিলাম পরের বাসটি যে করেই হোক ধরতেই হবে, আমার হাতে আর কোন সময় নেই। পরের বাসে যেই উঠতে গেলাম, দরজা হতে কেউ একজন আমাকে ধাক্কা দিয়ে ফেলে দিল, আমি রাস্তায় পড়ে গেলাম। আল্লাহর অপার কৃপায় সেদিন আমি বেঁচে গিয়েছিলাম। তারপরও হাল ছাড়লাম না। পরীক্ষা তো দিতেই হবে। ভাইভা বোর্ডে আমার সিরিয়াল ছিল ছয় নম্বরে। প্রথম জনের ভাইভা শুরু হল এবং পাঁচ মিনিট পর বের হয়ে সোজা চলে গেলেন। আমরা জানার চেষ্টা করলাম, পরীক্ষায় কি কি জিজ্ঞাসা করেছিল, কিন্তু তা আর জানা হল না। এরপর একে একে অপর চার জনও ভাইভা বোর্ড হতে বের হয়ে মন খারাপ করে চলে গেলেন। এবার আমার পালা, হাত পা কাঁপছিল, গলা শুকিয়ে গেল। আল্লাহর নাম নিয়ে সালাম দিয়ে ভাইভা বোর্ডে ঢুকলাম। স্যার সামনের চেয়ারটাতে ইশারা করে বসতে বললেন। আমি বসলাম ঠিকই তবে টেবিলের উপর দুই হাত রেখে। স্যার ক্ষেপে গিয়ে বললেন, এভাবে বসলি কেন? সরি বলে তখন পার পেয়ে গেলাম। একের পর এক ইংরেজিতে প্রশ্ন করছেন, আমি উত্তর দিচ্ছিলাম। এবার রেগে গিয়ে প্রশ্ন করলেন, কোন বিশ্ববিদালয়ে পড়েছিস? তোর স্যারেরা কি তোকে কিছুই শিখাই নাই? সারাদিন কি ঘোড়ার ঘাস কেটেছিস? ইত্যাদি ইত্যাদি। মনটা ভীষণ খারাপ হয়ে গিয়েছিল। এবার অন্য স্যারদের বললেন, আপনারা প্রশ্ন করেন। আমার পঠিত বিষয় ছিল ভূগোল ও পরিবেশ।



আমার বিষয়ের উপর যখন প্রশ্ন করলেন, আমি প্রায় সব গুলোর উত্তর দিতে পেরেছিলাম। এভাবে প্রায় দশ–বার মিনিট জেরা করলেন। প্রশ্ন করা শেষ হলে আমাকে বললেন, এবার আসতে পারিস। আমি সালাম দিয়ে চলে যেতে লাগলাম এবং যেই দরজা ধরে টান দিলাম, তখন স্যার বললেন, এদিকে আয়। আমি আবার স্যারের কাছে ফিরে গেলাম। এবার স্যার প্রশ্ন করলেন, আচ্ছা আমি যদি তোকে প্রশাসন ক্যাডার দেই তাহলে কি তুই পারবি? আমি স্যারকে বললাম, কেউ তো শিখে এসে প্রশাসন চালায়না, এসে শিখে এবং প্রশাসন চালায়। আমিও মনে করি, আমি পারব।

তিন.

২০ জানুয়ারী, ২০০৭। দুপুর দুইটার দিকে খবর পেলাম, আজ বিসিএস ভাইভার ফল প্রকাশ হয়েছে। তবে অনেকের ধারনা আমার চান্স হবে। মাগরিব নামাজের পর আনিস নামে ঢাকা বিশ্ববিদালয়ের আমার ঘনিষ্ঠ বন্ধু ফোন দিয়ে বলল, ডাঃ পলাশের নিকট রেজাল্ট শীট আছে, ওকে তোমার রোল নম্বরটা দাও। কি মনে করে আমি পলাশকে আমার রোল নম্বরটা দিলাম। পলাশ মিনিট পাচেক পরে আমাকে ফোন দিল এবং বলল, তোমার বিসিএস (প্রশাসন) ক্যাডারে হয়েছে। প্রথমে আমি বিশ্বাস করিনি। আমি তো অবাক! আমি পলাশের নিকট মানে পিজি হাসপাতালের দিকে রওনা দিলাম। অবশেষে পিজিতে পৌছার পর পলাশ আমাকে বলল, তোমার তো হয়নি? শুনে আমার মেজাজ খারাপ হয়ে গেল। পরে আমাকে একটি শীট দেখিয়ে শান্তভাবে বলল, দেখ তো এটা কার রোল নম্বর? আমার রোল নম্বর দেখে নিশ্চিত হলাম। আমি বাসায় ফোন দিয়ে জানালাম– আমার বিসিএস (প্রশাসন) ক্যাডারে হয়েছে। সেদিন আনন্দে বাড়ীতে আমার বাবা–মা, ছোট ভাই, ভাই–ভাবী, স্ত্রী, শশুর–শাশুড়ী কেউ ঘুমায়নি, আনন্দে সবাই কেঁদেছে। সেদিন আনন্দে অবশ্যই আমারও ঘুম হয়নি। পরের দিন আমি বাড়ীতে গেলাম এবং অনেক পরিবর্তন লক্ষ্য করলাম। আমার কদর বেড়ে গেছে হাজার গুন! যারা আমার খেলার সাথী ছিল তারাও যেন আমাকে সম্মান করতে শুরু করেছে। চায়ের দোকানে যখন চা খাচ্ছিলাম, তখন আমার পরিচিত মানুষ গুলো অবাক দৃষ্টিতে আমাকে দেখছে। সে এক ভীষণ অনুভূতি! ২০০৭ সালের ৩০ মে, ২৭ বিসিএস এর ভাইভা ফল বাতিল করা হল। শুনে আমার মাথার উপর আকাশ ভেঙ্গে পড়ল। আমি স্তম্ভিত হয়ে গেলাম। তিন থেকে চার মাস আমি প্রায় অস্বাভাবিক ছিলাম। হাটতে, চলতে, খেতে, নাইতে সব সময় মনে হতো আমি কি যেন হারিয়ে ফেলেছি, আমার জীবন হতে কি যেন চলে গেল, ইত্যাদি ইত্যাদি। এখন আমার বিসিএস নাই, আমার কেউ আর খবর নেয়না, আমাকে কেউ কদরও করেনা। অবশেষে আল্লাহর অশেষ কৃপায় ১৮ বছর পর প্রশাসন ক্যাডারে যোগদান করলাম ঠিকই কিন্তু আমার বাবা যিনি খুব বেশি খুশি হতেন– তিনি আর দেখে যেতে পারলেন না।

সাহিত্য ও সাহিত্যচর্চা

মোঃ মনজুরুল ইসলাম
রোল: ১৪২



বর্ণের কলা–ই সাহিত্য। একজন লেখক বর্ণের পর বর্ণ সাজিয়ে সাহিত্যের ইমারত নির্মাণ করেন। তাঁর লেখনী, কথার বুনন মানুষের হৃদয় ছুঁয়ে যায়। সাহিত্য শিল্পের একটি অংশ। মানুষের চিন্তা চেতনা, আবেগ, বোধ, বাস্তব বা কাল্পনিক জীবন ও শিল্প সম্পর্কে লেখকের লিখিত অনুভূতিকে আমরা সাহিত্য বলি। পৃথিবীতে জন্মের পর মানুষ 'Innocent' থাকে, বাস্তবতার সাথে সাথে নিজের বোধ পরিবর্তন হয় যাকে বলে Experience তা আমরা জ্ঞানের সমার্থক হিসেবে বিবেচনা করি। চূড়ান্ত বিচারে জ্ঞানার্জনের মাধ্যমে Greater Innocence এ পৌঁছায়। সাহিত্য মানুষকে Greater Innocence অর্থাৎ প্রজ্ঞাবান হতে সাহায্য করে। সাহিত্যকে বলা হয় মানব ও সমাজ জীবনের দর্পণ বা প্রতিচ্ছবি। মনের সুখ–দুঃখ, আনন্দ–বেদনা এবং মানবজীবনের শাশ্বত ও চিরন্তন অনুভূতি প্রতিফলিত হয় সাহিত্যে। ইংরেজি 'লিটারেচার' (Literature)–এর প্রতিশব্দ হিসেবে 'সাহিত্য' শব্দটি আমরা ব্যবহার করে থাকি। বাংলাতে 'সাহিত্য' শব্দটি 'সহিত' শব্দ থেকে সৃষ্ট। 'সহিত' শব্দমূলের সঙ্গে য প্রত্যয় যুক্ত হয়ে সাহিত্য শব্দটি গঠিত হয়েছে। সহিত–এর অর্থ–সংযুক্ত, সমন্বিত, সঙ্গে, মিলন, যোগ, সংযোগ, সাথে বা সম্মিলন। প্রকৃতপক্ষে সাহিত্য একটি মনের সাথে অন্য মনের, একটি হৃদয়ের সাথে অন্য হৃদয়ের ভাব তৈরি করে। শ্রীশ চন্দ্র দাস বলেন, নিজের কথা, পরের কথা বা বাহ্য–জগতের কথা সাহিত্যিকের মনোবীণায় যে সুরে ঝংকৃত হয়, তাহার শিল্পসংগত প্রকাশই সাহিত্য।"

সাহিত্যের বৈশিষ্ট্য সম্পর্কে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, 'অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের ও ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলাই সাহিত্যের কাজ।" সাহিত্যের আদি শব্দশিল্প হলো–'কবিতা'। মানবসমাজ ও সভ্যতার বিবর্তনের ধারায় মানুষের জীবন–যাপন, জীবন–উপভোগ ও মনের সূক্ষ্মতর ভাব, অনুভূতি বা জীবন–অভিজ্ঞতাকে শিল্পময় করে মননশীলভাবে প্রকাশের প্রয়োজনে কবিতা ছাড়াও নাটক, উপন্যাস, ছোটগল্প, প্রবন্ধ, নিবন্ধ প্রভৃতি সাহিত্য–আঙ্গিক সৃষ্টি হয়েছে।

বর্তমান বিজ্ঞান ও প্রযুক্তির যুগে সাহিত্যের প্রয়োজনীয়তা হারিয়ে যায়নি। আমরা ফেসবুকে খুব সুন্দর করে একটি পোস্ট দিই। কথার বুনন দ্বারা মানুষকে আকৃষ্ট করতে চেষ্টা করি; অন্যরা যেন আমার আবেগ অনুধাবন করতে পারে। সেখানেই সৃষ্টি হতে পারে অনন্য সাহিত্য। আত্মপ্রকাশের কামনা থেকেই সাহিত্য সৃষ্টি হয়। রবীন্দ্রনাথের কথায়:

..... অলৌকিক আনন্দের ভার
বিধাতা যাহারে দেয়, তার বক্ষে বেদনা অপার,
তার নিত্য জাগরণ; অগ্নিসম দেবতার দান
উর্ধ্বশিখা জ্বালি চিত্তে আহোরাত্র দগ্ধ করে প্রাণ।

গীতিকার লিখেছেন, নিজে আনন্দ লাভ করেছেন, পাঠকশ্রোতাকে আনন্দ দান করেছেন। সম্ভবত কল্পনার অন্য এক জগতে নিয়ে গেছেন, গীতিকার কল্পনা করেছেন, আমাদেরকে দিয়েছেন নিজস্ব কল্পনাজগত।

যদি মন কাঁদে
তুমি চলে এসো, চলে এসো
এক বরষায়
এসো ঝর ঝর বৃষ্টিতে
জল ভরা দৃষ্টিতে...

এ গান শুনে আমরা কল্পনার রাজ্যে ভেসে যাই। চোখ ভিজে আসে। সাহিত্যের ক্ষমতা অপরিসীম। সাহিত্য রচনা করা মানে আকাশে লেখা যা সবাই দেখতে পায়। আমরা দৈনন্দিন জীবনে যা লিখি তা নিজের জন্য লেখা, কিন্তু রবীন্দ্রনাথ, নজরুলের লেখা সাহিত্য হয়ে উঠেছে।

আমরা যখন শুনি...
কারার ঐ লৌহ–কপাট
ভেঙ্গে ফেল কররে লোপাট রক্ত–জমাট
শিকল–পূজার পাষাণ–বেদী।
ওরে ও তরুণ ঈশান।
বাজা তোর প্রলয়–বিষাণ! ধ্বংস–নিশান
উঠুক প্রাচী–র প্রাচীর ভেদি

শরীরকে ধাক্কা দেয় মনের মধ্যে আগুন জ্বলে, সাহিত্যের শক্তি এমনই। Wordsworth বলেন 'Poetry is the spontaneous overflow of powerful feeling.' সাহিত্যের মাধ্যমে মানুষ অতীত, বর্তমান ও ভবিষ্যতকে এক সাথে পায়। সাহিত্য দেশ, কাল, সীমানার গণ্ডি পেরিয়ে যায়। T. S. Eliot আমাদেরকে The Wasteland এর যারা বিংশ শতাব্দীর আধ্যাত্মিক অনুর্বরতা দেখিয়ে দেন। সাহিত্য সকল জ্ঞান এবং প্রজ্ঞার ভাণ্ডার।

সাহিত্য মানবতাবোধ জাগ্রত করে। তাই তো Tolstoy এর মতে সাহিত্য ছাড়া 'men would be like wild beasts'। মানুষের প্রতি মানুষের অবহেলা এবং অবমাননার বিরুদ্ধে আঘাত হেনে লালন উদাত্ত কণ্ঠে গেয়েছেন– 'মানুষ ভ'জে মানুষ ধর, মন যাবি তুই ভব–পার।'

বঙ্কিমচন্দ্র বলেন 'কবিরা জগতের শিক্ষাদাতা কিন্তু নীতি ব্যাখ্যার দ্বারা তাহারা শিক্ষা দেন না। তাহারা সৌন্দর্যের চরমোৎকর্ষ সৃজনের দ্বারা জগতের চিত্তশুদ্ধি বিধান করেন।' তিনি আরও বলেন 'কাব্য গড়ে, বিজ্ঞান ভাঙ্গে।' মানুষ প্রযুক্তির জন্ম দিতে পারে, সভ্যতা গড়ে তুলতে পারে কিন্তু সাহিত্য রচনা করতে পারে না। শুধু সাহিত্যিকের মাধ্যমেই সাহিত্যের জন্ম সম্ভব।

ফেসবুক আর মোবাইল ফোনের যুগে মহাদেব সাহার 'চিঠি দিও' কবিতাটি পড়ে কারো মন চঞ্চল না হয়ে পারে?

করুণা করে হলেও চিঠি দিও, খামে ভরে তুলে দিও
আঙ্গুলের মিহিন সেলাই
ভুল বানানেও লিখো প্রিয়, বেশি হলে কেটে ফেলো তাও,
এটুকু সামান্য দাবি, চিঠি দিও, তোমার শাড়ির মতো
অক্ষরের পাড়–বোনা একখানি চিঠি।

সাহিত্য মানে ভালবাসা। সাহিত্য আমাদের কিভাবে বাস করতে হয় তা শেখায়। নিজের আবেগ আর ভাললাগাকে অন্যের সাথে মিলিয়ে দেয়। Microcosmic বিষয়কে Macrocosmic ভাবে দেখতে সাহায্য করে। বিজ্ঞান যেমন নিউক্লিয়ার শক্তিকে কাজে লাগিয়ে বৃহত্তর শক্তি সৃষ্টি করে সাহিত্য সম্ভবত সৃষ্টিশীলতায় বিজ্ঞানের চেয়ে এগিয়ে থাকে। অন্তরের মধ্যে সুপ্ত থাকে আবেগের কুঁড়ি। তা ফুলের মত সাহিত্য হয়ে ফুটে ওঠে সকলের কাছে। তার সৌন্দর্যে মানুষকে আকৃষ্ট করে।

রুমমেট আর ঘুমমেট

সোনিয়া চৌধুরী
রোল: ১১৬

অদ্ভুত এক আতঙ্ক আর অজানা ভয় নিয়ে ফাউন্ডেশন ট্রেনিং–এ এসেছিলাম। ভয়ের কারণ হলো, আসার আগে সকলেই বলেছে ট্রেনিং–এ নাম এসেছে বলে এত খুশি হবেননা। যাওয়ার পর বুঝবেন কি পরিমাণ কষ্ট। পিটি, ক্লাস, পরীক্ষা, এসাইনমেন্ট করতে করতে জীবন শেষ হয়ে যাবে। কত যে নিয়ম আর শৃঙ্খলা মানতে হয়– এই বয়সে এইসব কি ভাল লাগবে?

রোজা রেখে ২৮ ফেব্রুয়ারী যখন পিএটিসি–র বাস থেকে নামি তখন ক্যাম্পাসের এত সুন্দর সুন্দর ফুল আর পরিবেশ দেখে আমি মুগ্ধ হয়ে যাই। রেজিস্ট্রেশন শেষে যখন ডরমিটরির ৪০৫ নম্বর রুমে আসি। কিছুক্ষণ পর আমার রুমমেট আসে। নাসিমার সাথে আমার প্রথম পরিচয় শুরু হয় এই প্রশ্ন দিয়ে –"আজকে কোর্স ব্রিফিং–এ কি শাড়ি পড়তে হবে?" কী আশ্চর্য! নাম কি, বাড়ি কোথায়, ক্যাডার কি এসব বাদ দিয়ে আমার প্রথম প্রশ্নই ছিল এটা। উনিও প্রশ্ন শুনে 'জানিনা' বলে নিজের কাজে ব্যস্ত হয়ে পড়লেন। তখন মোবাইলে এলিনা ম্যাডামের "সবাইকে ড্রেস কোড মেনে অডিটরিয়ামে থাকতে হবে" ম্যাসেজ পেলাম। তাড়াতাড়ি নিজেকে রেডি করে ব্রিফিং–এ গিয়ে কোর্স ও ম্যানেজমেন্ট টিমের সকল সম্মানিত সদস্য স্যারদের সাথে পরিচিত হলাম। আর সাথে সাথে ডান দিকে হাঁটতে হবে, সময়ের পাঁচ মিনিট আগে ক্লাসে ঢুকতে হবে, কাঁটা চামচ দিয়ে খেতে হবে, নিয়ম না মানলে শো–কজ পেতে হবে ইত্যাদি নিয়ম শৃঙ্খলা সম্পর্কে জানলাম। পরদিন স্মৃতিসৌধে ফুল দিয়ে শ্রদ্ধা শেষে আমাদের উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে আমাদের কোর্স শুরু হয়। কোর্সের সময়কাল পহেলা মার্চ হতে আটাশে জুন।

ইফতারির জন্য ক্যাফেটরিয়াতে গিয়ে যখন বসলাম তখন অনেক নতুন মুখের সাথে পরিচিত হলাম, ছবি তুললাম। খুব ভাল একটা সময় কাটালাম। ভাবলাম, যাক, শুরুটা যেহেতু সুন্দর হয়েছে সামনের দিনগুলোও হয়তো ভালই কাটবে। কিন্তু এরপর প্রতিদিনের টাইট শিডিউল, ক্লাস রুটিন, কেডেন্স হল, অডিটরিয়াম, ক্যাফেটরিয়া, ডরমিটরিতে ছুটাছুটি করতে করতে সব আনন্দ হারিয়ে যেতে লাগল। রোজা থাকায় সকালের পিটি–টা হতোনা, কিন্তু বিকেলে মাঠে স্পোর্টস–এর জন্য হাজিরা দেওয়ার নিয়মটা ছিল খুবই বিরক্তিকর।

আমার রুমমেট বি সেকশনের হওয়াতে প্রায়ই তার ক্লাস অন্য রুমে পড়তো। আমি এ সেকশনের ক্লাসে অনেকটাই একা হয়ে যেতাম। যাদের সাথে ডাইনিং–এ পরিচিত হয়েছিলাম তাদের সবারই নিজস্ব বন্ধু সার্কেল রয়েছে। অনেকে আবার ২৭–এর ১৭ বছরের যুদ্ধের প্রথম দিন থেকেই একে অপরকে চিনে। তাই আমার সাথে গল্প করার চেয়ে তাদের নিজেদের সার্কেলের মধ্যে গল্প করা ও ক্লাস করাতেই তারা বেশি স্বাচ্ছন্দ্যবোধ করতো।

একা আমি কী করবো, কার সাথে কথা বলবো বুঝে উঠতে পারিনা। তবে দূর হতে একটা মেয়েকে প্রায়ই দেখতাম– কী সুন্দর দেখতে! তার হাসিটা



ছিল অনেক প্রাণখোলা। পরিচিত হলাম ওর সাথে– নাম তার চিত্রা। গল্প করেও বেশ ভাল লাগলো। এরপর থেকে ওর পাশেই বসা শুরু করলাম। কিন্তু সমস্যা বাঁধল অন্য জায়গায়। সারাদিনের এত পিটি, লেকচার, ক্লাস, এসাইনমেন্ট ও নিতে পারেনা। ক্লাসটা শুরু হলেই ওর আস্তে আস্তে ঘুম পেতে শুরু করে। দেখলাম এটা অনেকের ক্ষেত্রে হয়। লেকচার শুরু হলে ক্লাসে অনেকে ঘুমিয়ে যায়। সাথে চিত্রারও ঘুম পায়। অনেক কষ্ট করে টিস্যু ভিজিয়ে, চোখ পানি দিয়ে মুছে চিত্রা ঘুম তাড়ানোর চেষ্টা করে। তবু ঘুম যেন তাকে ছাড়তে চায়না। বলে, কী আশ্চর্য! ক্লাসটা শুরু হলেই ঘুম আসে। তাই আমার ঘুমের সঙ্গী চিত্রার নাম দিলাম 'ঘুমমেট'।

আমার রুমমেট আর ঘুমমেট নিয়ে পিএটিসি–র দিনগুলো ভালই চলছিল। প্রত্যেক বৃহস্পতিবার পিএসটিসি হতে বিকাল চারটায় বাস ছাড়ে, শাহবাগের আরপিএটিসিতে বিকাল সাড়ে পাঁচটার মধ্যে পৌঁছে দেয়। আবার শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টায় পিএটিসির গাড়িতে করে ব্যাক করতাম। মাঝের দুদিনের জন্য পরিবারের সাথে সময় কাটাতাম। কিন্তু বিপত্তিটা ঘটে যখন রোজার পর সকালের পিটি শুরু হয়। সকালে ঘুম থেকে উঠে সাদা ড্রেস আর ক্যাডস পরে পিটি শেষ করে এসে রুমে ফ্রেস হয়ে শাড়ি পরে নাস্তা খেয়ে ক্লাসে যাওয়াটা ছিল অনেক চ্যালেঞ্জিং। ডরমিটরি থেকে ক্যাফেটরিয়া যেমন দূর তেমনি ক্যাডেন্স হল কিংবা আইটি রুমে ক্লাস করতে লিফট ধরাটা বড়ই বিরক্তকর। এত লম্বা লাইন থাকতো তার উপর ক্লাসে পাঁচ মিনিট আগে ঢুকতে হয়। প্রায় দিনই আমি ঝটপট নাস্তা করে ক্লাসে চলে আসতাম। এসেই প্রথম কাজ ছিল এসি থেকে দূরে বসা আর চিত্রার জন্য জায়গা রাখা। কিন্তু কিছু কিছু সিরিয়াস স্টুডেন্ট এতই সকালে আসতো যে প্রায়ই আমাদের পিছে বসতে হতো। পিছনে বসার অবশ্য আলাদা মজা আছে। ক্লাস ভাল না লাগলে দেও ঘুম! আসলে আমি তেমন ঘুমাতামনা। কারণ ঘুম তাড়ানোর জন্য আমি সারা ক্লাসেই শুধু লিখতাম। কিন্তু বেচারা আমার ঘুমমেট! ওতো পারলে চা খাওয়ার ব্রেক না গিয়ে একটু ঘুমানোটাই যেন বেশি পছন্দ করতো।

অনেক স্যারের ক্লাস প্রতিদিন করা হতো। তবে সবচেয়ে ভাল লাগে আরিফ স্যারের ক্লাস। স্যার এত সুন্দর ক্লাস নেয় যে, প্রত্যেক ক্লাসে স্যারকে পাঁচে পাঁচ দিয়ে দিতাম, মানে একশতে একশ। কিন্তু স্যারের একটা জিনিস ভয় লাগতো– কেউ কিছু চাইলে হাসি দিয়ে তার উল্টোটা করতেন। যেমন, কেউ বললো "স্যার, এই বয়সে সকালে আড়াই কিলোমিটার হাঁটতে পারিনা, হাঁটার ট্র্যাক একটু কমিয়ে দেন।" কিন্তু স্যার উত্তরে বলেন, "আগামীকাল হতে তিন কিলোমিটার করে দিব।"অথবা, কেউ বললো "স্যার, আগামী সপ্তাহে ডিপার্টমেন্টাল পরীক্ষা আছে, আমাদের পরীক্ষাটা পিছিয়ে দেন।" কিন্তু স্যার উত্তরে বলতো, "ঠিক আছে, একদিন আগেই পরীক্ষাটা নিয়ে নিবো, এটাই ট্রেনিং–এর পার্ট।"

বার্ড, কুমিল্লাতে আমার রুমমেট আর ঘুমমেট একসাথে পড়ে তখন আমি সে কী খুশি! তবে আমার ডিপার্টমেন্টাল এক্সামের ডেট পড়ায় সবকিছু কেমন যেন এলোমেলো হয়ে গেল। বার্ড–এ সবাই কতো ঘুরাঘুরি করে, পিএটিসির মতো নিয়ম শৃঙ্খলা নাই, মজা করে, কিন্তু সারাদিন ডিপার্টমেন্টাল পরীক্ষার প্রিপারেশন নিয়ে আমার সারা সময় চলে যায়। মাত্র সাতদিনের প্রিপারেশনে পরীক্ষা দিয়ে আমি তো মহাখুশি। সবাইকে বলি, পরীক্ষা অনেক ভাল হয়েছে। কিন্তু অনেকের কমেন্টস শুনে মনে হলো, যদি পাশ করি তাহলে প্রথম পত্র পাশ করবো চিত্রার বই পড়ে, দ্বিতীয় পত্র পাশ করবো নাসিমা বইয়ে ট্যাগ লাগিয়ে দেওয়ায়, আর তৃতীয় পত্র আল্লাহ দয়া করলে। এখানে আমার কোন কৃতিত্ব নাই!

যাই হোক, সকালের পিটি, ক্লাস, বিকালে ড্রাইভিং, সুইমিং, স্পোর্টস, সন্ধ্যার ক্লাস সব মিলিয়ে পিএটিসি ট্রেনিং–এর সময় গুলো আমার রুমমেট ও ঘুমমেট–কে নিয়ে ভালই কেটে যাচ্ছে। ভোরে ট্র্যাকে হাঁটার সময় যখন অজস্র রঙবেরঙের সুবাসিত ফুলের মধ্য দিয়ে হাঁটি, কিংবা বৃষ্টি হলেও করিডরের মধ্য দিয়ে গল্প করতে করতে ক্লাসে বা খেতে যাওয়ার সময়টুকুতে মনে হয়, কেন যে পিএটিসিতে আসার আগে সবাই এই ট্রেনিং নিয়ে ভয় দেখিয়েছিল। আসলে পিএটিসির ট্রেনিং–এর এই সময়টা এত খারাপ না। হয়তো নিজের কর্মক্ষেত্রে গিয়ে এই সময়গুলোই অনেক মিস করবো।

মেগালিথিক:
প্রাগৈতিহাসিক ঐতিহ্য, খাসি কিংবদন্তি ও নৃতাত্ত্বিক উত্তরাধিকার

মোহাম্মদ আব্দুল হাই
রোল: ১২৭

বাংলাদেশের ইতিহাসের গভীরে প্রবেশ করলে দেখা যায়, এই ভূখণ্ড কেবল মধ্যযুগীয় রাজ্য, সুলতানি শাসন কিংবা ঔপনিবেশিক অধ্যায়ের ধারক নয়; বরং এর অতীত আরও বহু দূরে, প্রাগৈতিহাসিক যুগ পর্যন্ত বিস্তৃত। সেই সুদূর অতীতের নীরব সাক্ষ্য বহন করে চলেছে কিছু রহস্যময় পাথরের স্থাপনা—মেগালিথ। সিলেটের জৈন্তাপুর অঞ্চলে ছড়িয়ে থাকা এসব মেগালিথিক নিদর্শন বাংলাদেশের প্রত্নঐতিহ্যের এক অনন্য অধ্যায়, যা এখনও পর্যাপ্তভাবে আলোচিত হয়নি।

"মেগালিথ" শব্দটি এসেছে গ্রিক Mega অর্থাৎ "বৃহৎ" এবং Lithos অর্থাৎ "পাথর" শব্দ থেকে। অর্থাৎ বৃহৎ পাথরের নির্মাণই মেগালিথ। পৃথিবীর বিভিন্ন অঞ্চলে—বিশেষত ইউরোপ, আফ্রিকা, দক্ষিণ ভারত ও দক্ষিণ-পূর্ব এশিয়ায়—মেগালিথিক সংস্কৃতির বিস্তার দেখা যায়। সাধারণত এসব পাথরের কাঠামো সমাধি, স্মৃতিস্তম্ভ, ধর্মীয় উপাসনাস্থল কিংবা পূর্বপুরুষ স্মরণে নির্মিত হতো।



বাংলাদেশের জৈন্তাপুরে অবস্থিত মেগালিথিক নিদর্শনগুলো শুধু প্রত্নতাত্ত্বিক সম্পদ নয়; বরং এগুলো খাসি-জৈন্তিয়া জনগোষ্ঠীর প্রাচীন সংস্কৃতি, লোকবিশ্বাস এবং সামাজিক ঐতিহ্যেরও জীবন্ত দলিল। বর্তমানে এসব নিদর্শন বাংলাদেশ প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সংরক্ষিত পুরাকীর্তি।

জৈন্তাপুর: ইতিহাস ও ভূপ্রকৃতি

জৈন্তাপুর সিলেট শহর থেকে প্রায় ৪০ কিলোমিটার উত্তরে জৈন্তিয়া পাহাড়ের পাদদেশে সিলেট-তামাবিল সড়কের পাশে এসব মেগালিথিক অবস্থিত। ইতিহাসে এটি জৈন্তিয়া রাজ্যের সমতলভূমির রাজধানী হিসেবে পরিচিত। অপরদিকে বর্তমান ভারতের মেঘালয়ের নর্থিয়াং ছিল জৈন্তিয়া রাজ্যের পাহাড়ি রাজধানী।

বাংলাপিডিয়ার তথ্যমতে, জৈন্তাপুর অঞ্চল একসময় জলমগ্ন সমভূমি ছিল। পরবর্তীকালে নদী ও পাহাড়ি পলিমাটির কারণে অঞ্চলটি বসবাসের উপযোগী হয়ে ওঠে। এই ভৌগোলিক বিচ্ছিন্নতা অঞ্চলটিকে স্বতন্ত্র সাংস্কৃতিক বিকাশের সুযোগ দেয়। গবেষকদের মতে, মেগালিথিক সংস্কৃতির বিকাশে এই ভূপ্রকৃতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

জৈন্তাপুরের মেগালিথিক স্থাপনার ধরন

জৈন্তাপুর অঞ্চলে প্রধানত তিন ধরনের মেগালিথিক স্থাপনা দেখা যায়—

১. মেনহির (Menhir)

উল্লম্বভাবে স্থাপিত বিশাল পাথরের স্তম্ভ। এগুলো সাধারণত স্মৃতিস্তম্ভ, গোত্রীয় মর্যাদা কিংবা ধর্মীয় প্রতীকরূপে ব্যবহৃত হতো।

২. ডলমেন (Dolmen)

কয়েকটি পাথরের উপর অনুভূমিকভাবে স্থাপিত সমতল পাথরের স্ল্যাব। দেখতে অনেকটা পাথরের টেবিলের মতো। অনেক ক্ষেত্রে এগুলো সমাধি বা আনুষ্ঠানিক আচার-অনুষ্ঠানের স্থান হিসেবে ব্যবহৃত হতো।

৩. সিস্ট (Cist)

পাথরের তৈরি বাক্সসদৃশ কাঠামো, যেখানে মৃতদের অস্থি সংরক্ষণ করা হতো। খাসি-জৈন্তিয়া সমাজে মৃত পূর্বপুরুষের অস্থি সংরক্ষণের রীতি অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল।

জৈন্তাপুরের প্রধান মেগালিথিক ক্লাস্টার

১. জৈন্তেশ্বরী বাড়ির সামনের মেগালিথিক

জৈন্তেশ্বরী বাড়ির দক্ষিণ পাশে প্রধান প্রবেশপথের দু'পাশে সারিবদ্ধভাবে এই মেগালিথগুলো দাঁড়িয়ে আছে। এখানে মোট দশটি মেগালিথিক স্থাপনা রয়েছে। এর মধ্যে নয়টি মেনহির ও দশটি ডলমেন। মেনহিরগুলোর গড় উচ্চতা প্রায় ২.৪০ মিটার। ডলমেনগুলোর দৈর্ঘ্য প্রায় ৩.৫০ মিটার এবং প্রস্থ প্রায় ২.৬২ মিটার। এখানকার পাথরগুলোর মসৃণতা ও বিন্যাস দেখে ধারণা করা হয় যে, এগুলো বিশেষ পরিকল্পনার মাধ্যমে নির্মিত হয়েছিল। কিছু গবেষকের মতে, এগুলো রাজকীয় দরবার কিংবা ধর্মীয় আনুষ্ঠানিকতার অংশ ছিল।

২. জৈন্তেশ্বরী বাড়ির বিপরীত দিকের পাথরগুচ্ছ

প্রধান ফটকের সামনের অংশে অবস্থিত এই

ক্লাস্টারে মোট নয়টি মেনহির ও দশটি ডলমেন রয়েছে। বর্তমানে বহু পাথর ভেঙে গেলেও এখনও তাদের বিশালত্ব দর্শনার্থীদের বিস্মিত করে। সবচেয়ে উঁচু মেনহিরটির উচ্চতা প্রায় ৩.৭৫ মিটার। এখানকার পাথরগুলো তুলনামূলকভাবে কম মসৃণ, যা সম্ভবত ভিন্ন সময় বা আলাদা নির্মাণশৈলীর ইঙ্গিত বহন করে।

৩. বড় দেউলের পশ্চিমের মেগালিথিক প্রত্নস্থান

এখানে অবস্থিত বৃহৎ ডলমেনটি জৈন্তাপুরের সবচেয়ে বিশাল পাথর স্থাপনাগুলোর অন্যতম। এর দৈর্ঘ্য প্রায় ৬.৫০ মিটার এবং এটি নয়টি পাথরের স্তম্ভের উপর স্থাপিত। এত বিশাল পাথর কীভাবে পাহাড়ি অঞ্চল থেকে এনে স্থাপন করা হয়েছিল, তা এখনও গবেষকদের বিস্মিত করে।

৪. মোকামবাড়ি

মোকামবাড়িতে বর্তমানে ভগ্নপ্রায় কিছু মেনহির ও ডলমেন রয়েছে। পাশাপাশি এখানে জৈন্তিয়া আমলের একটি প্রাচীন মসজিদের ধ্বংসাবশেষও দেখা যায়। ফলে এটি প্রাগৈতিহাসিক ও মধ্যযুগীয় ঐতিহ্যের এক অনন্য মিলনস্থল।

৫. চাঙ্গিল বা মুক্তাপুর গুচ্ছ

নয়াগাঙ নদীর উত্তর তীরে অবস্থিত এই ক্লাস্টারে সাতটি মেগালিথ রয়েছে। এখানকার দুটি মেনহির এখনও অক্ষত অবস্থায় দাঁড়িয়ে আছে। একটি মেনহিরের উপরের অংশে ত্রিশূল প্রতীক খোদাই করা রয়েছে, যা স্থানীয় ধর্মীয় প্রভাবের সাক্ষ্য বহন করে।

৬. খাসিয়াহাটির মেগালিথিক

খাসিয়াহাটির মেগালিথিক গুচ্ছ নান্দনিক খোদাইয়ের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

এখানকার মেনহিরগুলোর গায়ে পদ্ম, চক্র ও ত্রিশূল প্রতীক খোদাই করা আছে। গবেষকদের মতে, এগুলো পরবর্তী হিন্দু ধর্মীয় প্রভাবের ফল। কাছেই অবস্থিত "শচীন খাসিয়ার বাড়ি" এলাকায় এখনও প্রাচীন মন্দির, কূপ এবং ইটের কাঠামোর ধ্বংসাবশেষ দেখা যায়।

খাসি কিংবদন্তি: "উ মার ফালিঙ্কি" ও দেবপাথরের উপাখ্যান

খাসি–জৈন্তিয়া জনগোষ্ঠীর মধ্যে মেগালিথিক স্থাপনার উৎপত্তি নিয়ে একটি অত্যন্ত জনপ্রিয় কিংবদন্তি প্রচলিত আছে। এই কাহিনির কেন্দ্রীয় চরিত্র "উ মার ফালিঙ্কি"।

লোককথা অনুযায়ী, প্রাচীন নর্থিয়াংপুঞ্জির রাজপ্রাসাদে এক পরিচারিকা বাস করতেন। তাঁর পুত্র ফালিঙ্কি ছিলেন অত্যন্ত শক্তিশালী, সুদর্শন ও সাহসী যুবক। তাঁর অসাধারণ শক্তির কারণে মানুষ তাকে "উ মার ফালিঙ্কি"—অর্থাৎ শক্তিমান ফালিঙ্কি নামে ডাকত। রাজ্যের দুর্গম অঞ্চলে ভারী কাজ কিংবা অসম্ভব কাজের দায়িত্ব তার উপরই অর্পণ করা হতো।

একদিন তিনি বন্ধুদের সঙ্গে রেলিয়েং এলাকায় বেড়াতে যান। ফেরার পথে প্রবল বর্ষণ শুরু হলে সবাই আশ্রয় নেয়। তখন বন্ধুরা হাস্যরস করে বলে—

"তুমি তো এত শক্তিশালী! ওই বিশাল পাথরটাকে ছাতা বানিয়ে নিয়ে যাও না কেন?"

ফালিঙ্কি কথাটি মজা হিসেবেই গ্রহণ করেন। তিনি একটি বিশাল সমতল পাথর কাঁধে তুলে নেন এবং রাতের অন্ধকারে সেটি বহন করে নর্থিয়াংয়ে নিয়ে আসেন। পরে তিনি সেটিকে কয়েকটি ছোট পাথরের উপর স্থাপন করেন।

পরদিন দেখা গেল, যেখান থেকে পাথরটি আনা হয়েছিল সেখান থেকে অদ্ভুত গর্জনের শব্দ ভেসে আসছে। শব্দটি ছিল যেন মানুষের ভিড়ের



কোলাহলের মতো। এতে নর্থিয়াংবাসীরা আতঙ্কিত হয়ে পড়ে। রাজা বিষয়টি তদন্তের নির্দেশ দেন।

পরে ডিম ভাঙার মাধ্যমে ভাগ্য নির্ণয়ের একটি প্রাচীন আচার পালন করে জানা যায়, ফালিঙ্কি যে পাথরটি এনেছেন, সেটি আসলে একটি "দেবপাথর", যা রেলিয়েংবাসীর কাছে পূজিত ছিল।

ফালিঙ্কি নিজের ভুল স্বীকার করেন এবং ক্ষমা প্রার্থনা করেন। পরে রাজার নির্দেশে বিভিন্ন গোত্র সেই দেবপাথরের চারপাশে নিজেদের নামে পাথর স্থাপন করতে শুরু করে। ধীরে ধীরে পুরো অঞ্চলজুড়ে মেগালিথ স্থাপনের ঐতিহ্য গড়ে ওঠে। লোকবিশ্বাস অনুযায়ী, সেই থেকেই নর্থিয়াংয়ে মেগালিথিক সংস্কৃতির আনুষ্ঠানিক সূচনা। আজও নর্থিয়াং অঞ্চলে শত শত মেনহির ও ডলমেন দাঁড়িয়ে আছে।

সি. ল্যান্ডের গবেষণা ও "Maw-Shong Thait"

জৈন্তাপুরের মেগালিথিক ঐতিহ্য নিয়ে গুরুত্বপূর্ণ গবেষণা করেন নৃতত্ত্ববিদ সি. ল্যান্ড (C. Land)। তাঁর বিখ্যাত প্রবন্ধ "The Maw-Shong Thait Near Jaintiapur" ১৯৬০ সালে Journal of the Asiatic Society of Pakistan-এ প্রকাশিত হয়। তিনি "মাও-শং থাইত" নামে পরিচিত কিছু পাথর কাঠামোর বিশদ বিশ্লেষণ করেন।

সি. ল্যান্ড দেখান যে, জৈন্তাপুরের সব মেগালিথ সমাধি নয়। কিছু মেগালিথ ছিল পথচারীদের বিশ্রামস্থল বা "Resting Stones"। পাহাড়ি অঞ্চল থেকে ভারী বোঝা বহনকারী মানুষজন পথের মাঝে এসব পাথরের উপর বোঝা নামিয়ে বিশ্রাম নিতেন।

তাঁর গবেষণা থেকে আরও জানা যায়—

- মেগালিথিক স্থাপনাগুলোর ব্যবহার ছিল বহুমাত্রিক
- এগুলো ধর্মীয়, সামাজিক ও ব্যবহারিক জীবনের অংশ
- খাসি-জৈন্তিয়া সমাজে পাথর স্থাপন ছিল গোত্রীয় মর্যাদার প্রতীক

সি. ল্যান্ডের গবেষণা জৈন্তাপুরের মেগালিথিক সংস্কৃতিকে আন্তর্জাতিক গবেষণার পরিসরে পরিচিত করে তোলে।

নৃতাত্ত্বিক বিশ্লেষণ

গবেষকদের মতে, জৈন্তাপুরের মেগালিথিক সংস্কৃতির শিকড় নব্যপ্রস্তর যুগ পর্যন্ত বিস্তৃত।

খাসি-জৈন্তিয়া জনগোষ্ঠী অস্ট্রো-এশিয়াটিক ভাষাগোষ্ঠীর অন্তর্ভুক্ত। ধারণা করা হয়, তারা দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে এই অঞ্চলে এসে বসতি স্থাপন করে। তাদের সমাজ ছিল মাতৃতান্ত্রিক এবং পূর্বপুরুষ পূজাকেন্দ্রিক।

মেগালিথিক স্থাপনাগুলো ছিল—

- মৃত পূর্বপুরুষ স্মরণের প্রতীক
- গোত্রীয় পরিচয়ের চিহ্ন
- সামাজিক মর্যাদার প্রকাশ
- সামষ্টিক স্মৃতির ধারক

উপসংহার

জৈন্তাপুরের মেগালিথিক নিদর্শন শুধু প্রত্নতাত্ত্বিক স্থাপনা নয়; এগুলো বাংলাদেশের প্রাগৈতিহাসিক ইতিহাসের এক জীবন্ত দলিল। এসব পাথরের স্তম্ভের মধ্যে লুকিয়ে আছে হাজার বছরের লোকবিশ্বাস, ধর্মীয় চেতনা, সামাজিক কাঠামো ও সাংস্কৃতিক স্মৃতি।

আজ প্রয়োজন যথাযথ সংরক্ষণ, গবেষণা এবং আন্তর্জাতিক পরিচিতির মাধ্যমে এই ঐতিহ্যকে বিশ্বদরবারে তুলে ধরা। কারণ, জৈন্তাপুরের মেগালিথ আমাদের মনে করিয়ে দেয়—ইতিহাস শুধু পুঁথির পাতায় নয়, পাথরের বুকেও লেখা থাকে।




২৭ জীবনের কথা বলে, স্বপ্নের কথা বলে

এ কে এম খাইরুল আলম
রোল: ২১২

২৭ বিসিএসে যোগ দেওয়ার পর, ঈদ উদযাপনের জন্য প্রথমবার গ্রামের বাড়ি ফিরলাম। ফ্যামিলিগত কারণে পুরো ইউনিয়নের মানুষ গুলো, মোটামুটি আমার পরিচিত। কিন্তু তাদের মুখে আমার জন্য যে অনুভূতি প্রকাশ পেল, তা শুনে চোখ অশ্রুসিক্ত হয়ে গেল। প্রত্যেকেই বলছিল, "আমরা তোমার জন্য কত দোয়া করেছি, তুমি কল্পনাও করতে পারবে না।" সেই মুহূর্তে অনুভব করলাম—জীবন সত্যিই কতটা অদ্ভুত, কতটা অনন্য।

জীবন, কখনো কখনো, আমাদের অপ্রত্যাশিত অধ্যায়ে নিয়ে যায়। নভেম্বর ২০২৪, ২৭ বিসিএসের মামলা জয়ের প্রস্তুতির মাঝেই আমার জীবনের সবচেয়ে কঠিন মুহূর্ত এসে হাজির হলো। গত কয়েক মাসে শরীরের ওজন কিছু কমেছিল, তবে আমি গুরুত্ব দিইনি, ভেবেছিলাম অফিসিয়াল কাজের চাপ। স্ত্রীর পীড়াপীড়িতে অবশেষে ডাক্তার দেখালাম, অনেকগুলো টেস্ট করালাম। কিন্তু কোনো কিছু তখনও বুঝতে পারিনি।

ইবনে সিনা হাসপাতালে রিপোর্ট হাতে পেয়ে মনটা নড়বড়ে হয়ে গেল। তখনও পুরোপুরি স্পষ্ট হয়নি, কী হয়েছে, শুধু মনে হচ্ছিল—ভালো কিছু নয়। এরপর এই টেস্ট, সেই টেস্ট, কত যে টেস্ট করালাম। এই ডাক্তার সেই ডাক্তার অনেক ডাক্তারকে দেখানো হল। এভাবে প্রায় এক মাস কেটে গেল। অবশেষে যেটা ধরা পড়লো, তাহলো প্রাণঘাতী রক্ত রোগ লিম্ফোমা! এরপর ভিসা পাওয়া নিয়ে শুরু হল আরেক যুদ্ধ। অনেক কষ্টের পরে ভারতের ভিসা পেলাম। ভারতের চেন্নাইয়ে অ্যাপোলো ক্যান্সার সেন্টারে চিকিৎসা শুরু করলাম। চেন্নাইয়ের অ্যাপোলো ক্যান্সার সেন্টার ও বাংলাদেশের স্কয়ার হাসপাতালে ছয়টি কেমোথেরাপি সেশন নিলাম। এমনকি ঈদুল



ফিতরের সময়ও অ্যাপোলো হাসপাতালে থেকে কেমোথেরাপি নিলাম। মে ২০২৫, কেমোথেরাপি শেষ হলো। প্রতিটি সেশন ছিল ভয়, চিন্তা, হতাশা আর ধৈর্যের লড়াই। কিন্তু আল্লাহর রহমতে, আজ আমি সুস্থ।

সুস্থতার পর, ঈদে গ্রামের বাড়ি ফেরার সেই মুহূর্ত—সবার চোখে আনন্দ, ভালোবাসা ও দোয়া—সব মিলিয়ে হৃদয় ভরে গেল। আমি বুঝতে পারলাম, জীবন কত অমূল্য, কত অনন্য।

জীবন সত্যিই অদ্ভুত। কখনো আনন্দ, কখনো হতাশা, কখনো দুঃখ, কখনো অস্পষ্টতা, কখনো নিশ্চিত। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো—ধৈর্য, বিশ্বাস, চেষ্টা এবং আল্লাহর রহমত। আজ এই স্মৃতিগুলো শুধু আমার নয়; ২৭ পরিবারের প্রত্যেকটা সদস্যের।



2007 in 2026

S.M. Habibur Rahman

Roll: 410

Life often unfolds in paradoxes. Dreams may be realized long after they are first conceived, and victories may be delayed until justice finally intervenes. My journey from Jahangirnagar University to the Bangladesh Public Administration Training Centre (BPATC) is one such paradox. The title encapsulates the essence of my story: a success achieved in 2007 but capitalised in 2026. This story explores the long arc of my aspiration, struggle, and eventual triumph, reflecting on the meaning of patience, resilience and destiny.

Sitting at my dormitory of BPATC in 2026, I often think back to the days at Jahangirnagar University, a place that shaped my intellectual and emotional world, between 1996 and 2001, when my dreams were still tender but vivid. The university life was not only about lectures, exams, and friendships; it was also about nurturing dreams. The campus bus rides were my sanctuary of imagination. Those bus rides were more than journeys across campus—they were journeys into the future. As the bus rolled past the green fields of BPATC, I would gaze out of the window and picture myself in the administration service. In those moments, BPATC was not just a training center—it was a symbol of the life I wanted to live, the place where my youthful ambition would be shaped into service for the nation. The thought of training at BPATC fascinated me. To me, BPATC symbolized discipline, leadership, and the transformation of ordinary graduates into capable administrators. I envisioned myself wearing the badge of responsibility, serving the people, and contributing to the governance of Bangladesh. The dream was clear, and the path



seemed straightforward: succeed in the Bangladesh Civil Service (BCS) examination, join the administration cadre, and undergo training at BPATC.

After completing my studies, I prepared rigorously for the Bangladesh Civil Service (BCS) examination. In 2007, like all of my batchmates, my efforts bore fruit. I succeeded in the 27th BCS exam and was selected for the administration cadre. Yet, fate had other plans. The government imposed a ban, and our success was suspended in uncertainty. What should have been the beginning of our career turned into a prolonged wait. The joy of achievement was overshadowed by disappointment. The door to BPATC, which I had imagined opening in 2007, remained closed.

The years that followed were marked by patience and perseverance. we carried the weight of unfulfilled success, knowing that we had earned our place but had been denied entry. This period tested our resilience. Many would have abandoned hope, but I held on to the belief that Allah would bestow His benedictions on us and justice would prevail. Dreams, when genuine, do not fade. They remain alive, even when delayed. our dream of serving in the administration cadre was not extinguished by the ban; it was merely postponed. we continued to nurture the vision, waiting for the right moment when destiny would align with justice. This long wait taught me humility and perseverance. It reminded me that life is not always fair, but resilience can turn setbacks into eventual triumphs.

At last, in 2025, the Supreme Court delivered a verdict that changed everything. The ban was lifted, and we were officially allowed to join the administration cadre. The verdict was not just a legal decision; it was the restoration of dignity, the recognition of merit, and the fulfilment of a long-awaited promise. Nineteen years of waiting culminated in a moment of triumph. The dream that had been delayed was finally fulfilled, proving that justice, though slow, is inevitable. Had I joined the administration cadre in 2007, my journey would have been different. But the delay gave me perspective. It made me appreciate the value of dreams fulfilled after long struggles.

The journey from 2007 to 2026 taught me profound lessons. First, success is not always immediate. Sometimes, it is delayed by circumstances beyond our control. Second, patience is essential. Without patience, dreams may wither under the weight of disappointment. Third, justice, though delayed, eventually arrives. The Supreme Court's verdict was proof that truth and merit cannot be suppressed forever.

"2007 in 2026" is the story of a dream delayed but not denied. It is the story of patience rewarded, resilience tested, and destiny fulfilled. In 2026, the long-awaited moment finally unfolded—I joined the administration cadre with my fellow mates, and the doors of BPATC opened wide to welcome me. Standing in the 80th FTC, I realized that the seeds planted in 2006 had blossomed, though the harvest came years later.

লাদাখ, ইন্ডিয়া

রুক্ষ, ভয়ংকর এডভেঞ্চার আর সৌন্দর্যের মাঝে বিশ্বের সবচেয়ে উঁচু সড়ক পথ উমলিংলা পাস জয়ী প্রথম বাংলাদেশী আমি...

ফররুখ আহমেদ

রোল: ৩০৫

সম্পূর্ণ একা – এক্কান ব্যাগ প্যাক নিয়ে ৩ জুন ২০২৪ সন্ধ্যা রাতে গাজীপুরের জয়দেবপুর থেকে ট্রেনে কমলাপুর রেলস্টেশনে গিয়ে রাতের ট্রেনে দর্শনা সীমান্তের (২৫০ কিমি) উদ্দেশ্যে যাত্রা শুরু করি। ৪ জুন সকালে ভারতের গেদে বর্ডার ইমিগ্রেশন সম্পন্ন করে ট্রেনে করে শিয়ালদহ, কলকাতা (১৫০কিমি) পৌঁছাই।

অগ্রিম টিকিট না থাকায় ৪০০ রুপিতে ট্রেনের সাধারণ কামরায় দাঁড়িয়ে ও ফ্লোরে বসে হাওড়া থেকে পুর্বা এক্সপ্রেসে ২২ ঘণ্টায় নয়াদিল্লীর পাহাড়গঞ্জে (১৪৬২ কিমি) পৌঁছি ৫ জুন ২০২৪। সেদিন-ই ১৩ ঘণ্টার বাসে দিল্লী থেকে জম্মু (৫৯০ কিমি) এবং শেয়ার ট্যাক্সিতে ২৭০ কিমি পাড়ি দিয়ে শ্রীনগরে রাত কাটাই। টানা ৭২ ঘণ্টা ঘুমহীন ক্লান্ত আমি — লাদাখ যেতেই হবে। মে থেকে অক্টোবর—এই ছয় মাস লাদাখের সঙ্গে যোগাযোগ সম্ভব; বাকি সময় তুষারাবৃত হয়ে অঞ্চলটি বিচ্ছিন্ন থাকে। লাদাখ-তিব্বত মালভূমি ঘিরে রয়েছে হিমালয়, কারাকোরাম, হিন্দুকুশ, তিয়ানশেন ও কুনলুন পর্বতমালা। লেহ শহরটি প্রায় ৩,৫০০ মিটার উচ্চতায়, যেখানে অক্সিজেন কম থাকায় Acute Mountain Sickness-এর ঝুঁকি থাকে।

৪র্থ দিনে ৬ জুন শ্রীনগর থেকে সোনমার্গ পার হয়ে পৌঁছাই ১১,৫৭৫ ফুট উচ্চতার Zoji La Pass-এ, যা কাশ্মীর ও লাদাখকে যুক্ত করেছে। পথে এভালাঞ্জ ও বোল্ডার ধসে আমি প্রায় ৩ ঘণ্টা আটকে ছিলাম। সরু পাহাড়ি রাস্তা, গভীর খাদ আর বরফঢাকা শৃঙ্গ যাত্রাকে করে তোলে ভয়ংকর অথচ রোমাঞ্চকর। জোজিলা পার হয়েই শুরু রুক্ষ লাদাখ। এরপর ১২,১৯৮ ফুট উচ্চতার Namika La Pass, যা কারগিল ও লামায়ুরুর মাঝে অবস্থিত। লেহ-কারগিল হাইওয়েতে দেখতে পেলাম Lamayuru Moonland—চাঁদের পৃষ্ঠের মতো অদ্ভুত ভূদৃশ্য। Fotu La Pass (৪,১০৮ মিটার) পার হয়ে প্রবেশ করি Dras-এ, যা বিশ্বের দ্বিতীয় শীতলতম জনবসতিপূর্ণ এলাকা।

পাকিস্তান সীমান্তের টাইগার হিলের কাছাকাছি এসে পাহাড়ের মহিমা তীব্র হয়ে ওঠে—মনে হয়



চিত্রঃ নুব্রা ভ্যালী

আকাশ ছুঁয়ে ফেলেছি। ১৯৯৯ সালের Kargil War-এর স্মৃতি বহনকারী কারগিল পেরিয়ে যেতে যেতে নীরবতা আর যুদ্ধের অনুভব আমাকে আচ্ছন্ন করে। লেহ-লাদাখের দিকে এগোতে গিয়ে বাসযাত্রা হয়ে ওঠে সাহস, সৌন্দর্য ও বিস্ময়ের এক অনন্য মিশ্রণ। ৪র্থ দিনের শেষে ৪৩৯ কিমি পথ পাড়ি দিয়ে ১৬ ঘণ্টায় Leh-এ পৌঁছেই তীব্র শ্বাসকষ্ট, মাথাব্যথা, বমি ও ক্লান্তি শুরু হয়। হোটেল স্টাফ দ্রুত অক্সিজেন দেয়; নাক দিয়ে রক্তও ঝরতে থাকে। শ্রীনগর থেকেই পোর্টেবল অক্সিজেন, ডায়ামক্স, প্যারাসিটামলসহ প্রয়োজনীয় ওষুধ নিয়েছিলাম। কম অক্সিজেনের কারণে Acclimatization-এর জন্য ২৪ ঘণ্টা বিশ্রাম ও প্রচুর পানি পান করি—না হলে Acute Mountain Sickness প্রাণঘাতী হতে পারত। ৬ষ্ঠ দিনে পারমিট নিয়ে ঘুরি Magnetic Hill, Gurudwara Pathar Sahib, Indus Zanskar Confluence, Leh Palace, Shanti Stupa ও Hall of Fame Ladakh – লাদাখে সবুজ গাছপালা নেই — শুধুই পাথুরে শুষ্ক ভূদৃশ্য, তবুও অপার সৌন্দর্য।

৭তম দিন ৯জুন রোমাঞ্চকর, ভীতিকর ভ্রমণ শুরু -- লেহ থেকে সাউথ পুলু (South Pullu) পেরিয়ে পৌঁছাই বিশ্বের ১১তম উচ্চতার মোটরেবল রাস্তা খারদুংলা (Khardung La) পাস ৫,২০৯ মিটার, যেখানে তুষারাচ্ছন্ন পর্বত শৃঙ্গ ও শ্বাসরুদ্ধকর দৃশ্য মন ভরিয়ে দেয়।

গিরিখাত নেমে যায় মনোরম Nubra Valley-তে যেখানে শায়ক নদী (Shyok River) এবং নুব্রা নদী (Nubra River) নদীর মিলনস্থল। নুব্রা নদীকে সিয়াচেন নদী নামেও ডাকা হয়, যা শায়ক নদীর একটি উপনদী। লেহ-এর চেয়ে নিচু হওয়ায় কিছুটা উষ্ণ ও অক্সিজেন লেভেল একটু ভাল।

উপত্যকায় অবস্থিত Diskit গ্রামে প্রাচীন মঠ দেখে চলে আসি বিশ্বের সবচেয়ে উঁচু মরুভূমি লেহ থেকে ১৩০ কিমি দূরত্বের হুন্ডারে (Hunder)-এ। ভ্রমণপ্রেমীদের জন্য এক অবিস্মরণীয় স্মৃতি দু-কুঁজওয়ালা উটের পিঠে মরুভূমি ভ্রমণের বিরল অভিজ্ঞতা অর্জন করলাম।

৮ম দিন, ১০ জুন। খুব ভোরে উঠে হুন্ডার থেকে তুরতুক গ্রামের ছোট্ট ভ্রমণ শেষ করে নুব্রা ভ্যালি পেরিয়ে ২৩০ কিলোমিটার দূরের প্যাংগং লেকের উদ্দেশ্যে রওনা হই। লাদাখের অন্যতম রোমাঞ্চকর অফ-রুট হলো শায়ক নদীর তীরঘেঁষা পথ, যেখানে পাথুরে রাস্তা ও ছোট ছোট পানির স্রোত পার হতে হয়। কঠিন হলেও এই যাত্রা অ্যাডভেঞ্চারপ্রেমীদের জন্য দারুণ উপভোগ্য। নদী, পাহাড় ও মরুভূমির অপূর্ব সৌন্দর্যের ১১ ঘণ্টার পথ পেরিয়ে ডুরবুক, টাংসস্টে ও লুকুং হয়ে পৌঁছাই স্বপ্নিল প্যাংগং (Pangong Tso) লেকে।

প্রচণ্ড ঠান্ডার Pangong Lake প্রায় ১৩৪ কিমি দীর্ঘ; এর দুই-তৃতীয়াংশ চীনের দখলে, বাকি অংশ ভারতের লাদাখে। সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ৪,৩৫০ মিটার উচ্চতায় অবস্থিত এই লেকের পানি লবণাক্ত এবং শীতে সম্পূর্ণ বরফে জমে যায়। লেক তীর

ঘেঁষে চ্যাংথাং উপত্যকার দুর্গম অফ–রুট পথে স্পাংমিক, মেরাক, খুগস্তাং হয়ে ৩০ কিমি দূরের বসতি Mann–এ রাত কাটাই। মাইনাস তাপমাত্রা, স্বল্প অক্সিজেন ও অতিউচ্চতাজনিত কারণে নাক দিয়ে রক্তক্ষরণ হচ্ছিল—অক্সিজেন নিয়েও অবস্থা ভয়াবহ। তবুও লক্ষ্য একটাই—Umling La পৌঁছানো।

৯ম দিন, ১১ জুন। Mann বসতি থেকে যাত্রা শুরু করে অফ–রোডে এগোই Rezang La–এর দিকে, যা প্রায় ১৬,০০০ ফুট উচ্চতায় অবস্থিত। ১৯৬২ সালের Sino Indian War–এর স্মৃতি বহনকারী এই অঞ্চল আজও ইতিহাসের সাক্ষী। এরপর পৌঁছাই Chushul–এ, প্রায় ১৪,২৭০ ফুট উচ্চতার সীমান্ত গ্রাম, যা চিন–ভারতের প্রকৃত নিয়ন্ত্রণ রেখা লাগোয়া এবং কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ। চারপাশের শুষ্ক ভূমি ও দূরের তুষারশৃঙ্গ অন্য জগতে নিয়ে যায়। সেখান থেকে প্রায় ১৫০ কিমি দুর্গম অফ–রোড পাড়ি দিয়ে পৌঁছাই Hanle–এ, যা ৪,৫০০ মিটার উচ্চতার প্রত্যন্ত গ্রাম। এখানে অবস্থিত Indian Astronomical Observatory এবং Hanle Dark Sky Reserve—তারাভরা আকাশ দেখার জন্য বিখ্যাত। বছরে প্রায় ২৭০টি পরিষ্কার রাত পাওয়া যায়। সপ্তদশ শতাব্দীর এক প্রাচীন মঠ, যা নির্জনতায় আধ্যাত্মিক আবহ সৃষ্টি করেছে। Hanle পৌঁছে প্রচণ্ড ঠান্ডা, কম বায়ুচাপ ও অতিউচ্চতাজনিত অসুস্থতায় নাক দিয়ে রক্ত পড়া ও স্মৃতিভ্রম দেখা দেয়, ফলে ১০ম দিন পুরোটা বিশ্রামে কাটাতে হয়।

১৩ জুন ২০২৪—আমার জীবনের অন্যতম স্মরণীয় দিন। প্রয়োজনীয় অক্সিজেন ক্যান সঙ্গে নিয়ে হানলে থেকে বিশ্বের সর্বোচ্চ মোটরযোগ্য সড়ক উমলিংলা (Umling La) অভিযানে যাত্রা শুরু করি। ১০৫ কিলোমিটার দীর্ঘ এই দুর্গম পথে পৌঁছাতে প্রায় ৭ ঘণ্টা সময় লাগে। ১৯,০২৪ ফুট উচ্চতার উমলিংলা পৌঁছাতে হানলে থেকে ফুটি–লা (Futi la) হয়ে চিসুমলে রুটে ইনার লাইন পারমিট নিয়ে এগিয়ে যাই। উমলিং লা (Umling La) ২০২১ সালের ডিসেম্বরে নির্মাণ শেষ হলেও ২০২৩ সালে এটি সাধারণের জন্য উন্মুক্ত করা হয়। চিসুমলে থেকে ডেমচক সংযোগকারী এই সড়কটি কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ – সারাক্ষণ আর্মি প্রহরায় থাকে। চিসুমলে পৌঁছাতেই আর্মির চেকপোস্টে জানানো হয়—বাংলাদেশিদের প্রবেশ নিষিদ্ধ।

টানা ১১ দিনের ক্লান্তিকর যাত্রা শেষে স্বপ্নের দুয়ারে এসে থেমে যাওয়ার কষ্ট অসহনীয় ছিল। হতাশা আর আবেগে চিৎকার করে উঠি—আমি উমলিং লা যাবই। আমাকে নিকটবর্তী একটি সেনা ক্যাম্পে নেওয়া হয়। আসাম ফ্রন্টিয়ার্সের এক মেজরের সঙ্গে কথা বলার পর তিনি সদয় হয়ে অনুমতি দেন। বিদায়ের সময় মুচকি হেসে বললেন, "উমলিং লা–য় তুমিই প্রথম বাংলাদেশি।"

উমলিং লা (Umling La)–য় মর্মান্তিক এক পরিস্থিতির মুখোমুখি হয়েছিলাম। প্রানপ্রিয় সন্তান দিনান্তীর উদ্দেশ্যে ছবি ও ভিডিও ধারণ করতে গিয়ে তীব্র ঠান্ডা, কম অক্সিজেন (প্রায় ৫৫%), অতিউচ্চতার প্রভাব, নিম্ন বায়ুচাপ এবং প্রচণ্ড বাতাসে মুহূর্তেই অসুস্থ হয়ে পড়ি। মাত্র ১০–১২ মিনিটের মধ্যেই অজ্ঞান হয়ে ঢলে পড়েছিলাম – আমার একমাত্র সন্তান "দিনান্তী"–র মুখটাই চোখের সামনে ভেসে উঠছিল। অজ্ঞান হয়ে পড়ার পর আর্মির রেসকিউ টিম আমাকে প্রায় ৪২ কিলোমিটার দূরের চিসুমলে ক্যাম্পে নিয়ে যায়। তিন ঘণ্টা পর জ্ঞান ফিরে আসে – অক্সিজেন সাপোর্ট ও গরম বিছানায় রেখে ধীরে ধীরে কিছুটা সুস্থ করে তোলে। তবে নাক ও গলা দিয়ে প্রচুর



রক্তক্ষরণ হচ্ছিল—ইনার ড্রেস রক্তে ভিজে যায়। ইনার ড্রেস পরিবর্তন করে কোনোভাবে হ্যানলের হোমস্টে ফিরে আসি। কিন্তু নাক দিয়ে রক্ত পড়া থামছিল না, শরীর ছিল ভীষণ দুর্বল। সেই মুহূর্তে মাথায় শুধু একটাই প্রশ্ন — জীবিত অবস্থায় দেশে ফিরতে পারব?

১৫ জুন, ভ্রমণের ১৩তম দিনে হানলে হোমস্টে–র পরিবারের আন্তরিক যত্নে কিছুটা সুস্থ হয়ে লেহ ফেরার যাত্রা করি। নির্জন উপত্যকা আর মনোমুগ্ধকর দৃশ্যের রাস্তা কখনও কঠিন, কখনও মসৃণ – প্রতিটি বাঁকে নতুন সৌন্দর্য ধরা দিচ্ছে। পথে চুমাথাং (Chumathang) হট হট স্প্রিং–এ কিছু সময় কাটাই, যেখানে উষ্ণ প্রস্রবণের পানি শীতল পরিবেশে দারুণ আরাম দিচ্ছিল।

লাদাখের রাজধানী লেহ প্রবেশের মুখেই অবস্থিত বিখ্যাত 'থ্রি ইডিয়টস' সিনেমার শুটিং লোকেশন—ড্রুক হোয়াইট লোটাস স্কুল, যা শে (Shey) এলাকায় অবস্থিত – যেখানে ফুংসুখ ওয়াংডু বা র‍্যাঞ্চোর স্কুল।

১৬ জুন আজ কোরবানির ঈদ। লাদাখ থেকে আমার ফেরার প্লান হচ্ছে লেহ –> কারু –> উপশি –> তাংলাং লা পাস –> মোরি প্লেইনস –> পাং –> লাচুং লা পাস –> নাকিল লা পাস –> সারচু (লাদাখ–হিমাচল সীমান্ত) –> বারালচা লা পাস –> জিসপা –> কেলং –> অটল টানেল/রোহতাং পাস –> মানালি (হিমাচল প্রদেশ)। ১৪ তম দিনে ভোর ৩:৩০ টায় লেহ থেকে ৩৭০ কিমি সড়ক পথে হিমাচলের ট্যুরিস্ট স্পট কেলং (Keylong) যাত্রা শুরু করি। লেহ–মানালি যাত্রাপথে গ্লেসিয়ারের উপত্যকা ও বরফে ঢাকা শৃঙ্গের মুখোমুখি আমি। হিমালয়ের মনোমুগ্ধকর প্রাকৃতিক সৌন্দর্য, একের পর এক উচ্চ পার্বত্য গিরিপথ অতিক্রমের পথে তাংলাংলা (Tanglang La) একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং উচ্চতম গিরিপথ সমুদ্রপৃষ্ঠ থেকে ৫,৩২৮ মিটার উচ্চতায় অবস্থিত। দুর্গম যাত্রাপথ ১০ ঘণ্টার হলেও, সমুদ্রপৃষ্ঠ থেকে ৪,৮৯০ মিটার উচ্চতায় অবস্থিত বারালাচা লা (Baralacha La) গিরিপথে গ্লেসিয়ারে আমি এক জায়গায় ৮ ঘণ্টা আটকে ছিলাম। অক্সিজেন ক্যান, পানি আর শুকনো খাবার—সবই শেষ। টানা ১৪ দিনের যাত্রার ক্লান্তি, অত্যধিক উচ্চতা, স্বল্প অক্সিজেন ও কম বায়ুচাপের প্রভাবে আমি পর্বত চূড়ায় বরফের মাঝে উদভ্রান্তের মতো ছুটে যাচ্ছিলাম। গাড়ির ড্রাইভার দৌড়ে এসে আমাকে সামলে নিয়ে গাড়ির ভেতরে আটকে রাখে। মনে হচ্ছিল আমি আর জীবন্ত ফিরতে পারব না –– সেই মুহূর্তে আমি সম্পূর্ণভাবে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেছিলাম। কেলং পৌঁছালে হিমাচলের শান্ত পরিবেশ ও প্রাকৃতিক সৌন্দর্য কিছুটা সামলে উঠি।

সমুদ্রপৃষ্ঠ থেকে প্রায় ৩,০৮০ মিটার উচ্চতায় কেলং (Keylong) ভারতের হিমাচল রাজ্যের লাহৌল এবং স্পিতি জেলার প্রশাসনিক কেন্দ্র। কেলং (Keylong) রাত্রিযাপন করে ১৫ তম দিন ১৭ জুন ভোরে ৭৮ কিমি মানালি–কুল্লু যাত্রা করি। কুল্লু থেকে ৭৮ কিমি দূরে হরিয়ানা রাজ্যের রাজধানী চণ্ডীগড় (CDG) চলে যাই। চণ্ডীগড় থেকে কলকাতা যাওয়ার জন্য ১৬ তম দিন ১৮ জুন ভোর রাত ২:৩০ নেতাজি এক্সপ্রেস (১২৩১২) ট্রেনের ৩২ ঘণ্টা জার্নিতে কলকাতা পৌঁছাই। ১৭ তম দিন ১৯ তারিখ সকাল ১০:৩০ মিনিটে হাওড়া, কলকাতা পৌঁছে সোজা ঘুম। ১৮ তম দিন ২০ তারিখ ভোর ৭:৩০ মিনিটে বেনাপোল বর্ডারে ইমিগ্রেশন সম্পন্ন করে জয়দেবপুর, গাজীপুর।

স্মৃতির আঁচল ও এক নদী ভালোবাসা

খান মোঃ রাসেল

রোল: ১১৭



কত বছর কেটে গেল! অথচ চোখ বন্ধ করলেই আমি স্পষ্ট দেখতে পাই সেই রূপকথার মতো গ্রামখানি—আমাদের বড়দিয়া। নবগঙ্গা নদীর তীর ঘেঁষে গড়ে ওঠা একটা শান্ত, স্নিগ্ধ জনপদ। নদী–নালা, খাল–বিল, আম–জাম বাগানের ছায়া আর দিগন্ত জোড়া সবুজ মাঠের সেই অপরূপ প্রকৃতি যেন আজও আমার বুকে শ্বাস নেয়।

শৈশবের সেই দিনগুলো ছিল মেঘের মতো মুক্ত। সকাল হলেই বন্ধুদের সাথে কলকাকলি করতে করতে স্কুলের দিকে রওনা হওয়া। পড়াশোনার চেয়ে মন পড়ে থাকত কখন স্কুলের ঘণ্টা বাজবে। আর যদি দিনটা হতো বর্ষার, তবে তো কথাই নেই! স্কুল ছুটি হতেই বইয়ের ব্যাগটা বুকে চেপে ধরে বৃষ্টির মধ্যে বন্ধুদের সাথে এক দৌড়। শরীর বেয়ে নামতো শ্রাবণের ধারা, আর আমাদের মুখে থাকতো বিজয়ের হাসি।

বিকেল হলেই আমাদের ঠিকানা ছিল গ্রামের খেলার মাঠ। মুষলধারে বৃষ্টির মধ্যেও কাদার ভেতর ফুটবল নিয়ে দাপাদাপি করার সেই আনন্দ, আজও আমার মনে ঠিক ততটাই উজ্জ্বল হয়ে আছে। মাঝে মাঝে আবার একটু দুষ্টুমিও পেয়ে বসত। স্কুল ফাঁকি দিয়ে অন্যের গাছের আম



পেড়ে খাওয়া, কিংবা বন্ধুদের সাথে দল বেঁধে উদ্দেশ্যহীনভাবে টো টো করে ঘুরে বেড়ানো—হৃদয় নাড়া দেওয়া সেসব স্মৃতি আজ কেবলই অতীত। সময়ের নিয়মে সেই স্কুলবন্ধুরা আজ যে যার কর্মস্থলে ব্যস্ত, জীবনের তাগিদে সবাই ছড়িয়ে–ছিটিয়ে গেছে। জানি, সেই সোনালী দিনগুলো আর কোনোদিন ফিরে পাবো না।

তবে এই বাঁধনহারা শৈশবের একটা অন্ধকার দিকও ছিল—বাবার কড়া শাসন! বন্ধুদের সাথে আড্ডা, খেলাধুলা আর টো টো করে ঘুরে বেড়ানোর অপরাধে বাবার কাছ থেকে কত যে বকা খেয়েছি, কত যে মার খেয়েছি, তার কোনো ইয়ত্তা নেই। বাবা যখন রাগে কাঁপতেন, তখন আমার একমাত্র আশ্রয়স্থল, আমার একমাত্র 'ঢাল' হয়ে দাঁড়াতেন আমার মা।

বাবার মারের হাত থেকে বাঁচার জন্য মায়ের পিঠের পেছনে গিয়ে লুকাতাম। মা নিজের আঁচল দিয়ে আমাকে ঢেকে রাখতেন। বাবার রাগ কমলে মায়ের সেই চওড়া আঁচলের তলে মুখ লুকিয়ে যে শান্তি পেতাম, তা আজ পৃথিবীর কোনো এসির ঘরে বা নরম বিছানায় খুঁজে পাই না।

আজ মা এই পৃথিবীতে নেই। কিন্তু মায়ের সেই নিঃস্বার্থ ভালোবাসার প্রতিটি মুহূর্ত আমার অস্তিত্বে মিশে আছে। মনে পড়ে, আমরা ভাইবোনেরা বাইরে থেকে ফিরতে যত দেরিই করি না কেন, মা কখনো আমাদের না খাইয়ে নিজে এক লোকমা ভাতও মুখে তুলতেন না। রান্নাঘরের হ্যারিকেনের আলোয় আমাদের জন্য থালা সাজিয়ে বসে থাকা মায়ের সেই ক্লান্ত কিন্তু মমতাময়ী মুখখানি আমি কোনোদিন ভুলব না। পৃথিবীতে একমাত্র মা–ই পারেন কোনো স্বার্থ ছাড়া, কোনো শর্ত ছাড়া সন্তানকে এভাবে ভালোবাসতে।



এখন জীবনের ব্যস্ততায়, ভিড়ের মাঝেও মাকে বড্ড বেশি মনে পড়ে। মাঝে মাঝে বুকটা যখন হু হু করে ওঠে, তখন চারপাশের মানুষের অজান্তেই চোখের কোণের কান্নাটা লুকিয়ে ফেলি।

আমার ফেলে আসা শৈশব আর আমার মা—এই দুটোই আমার জীবনের সবচেয়ে বড়, সবচেয়ে মধুর স্মৃতি। জীবনের বাকিটা পথ আমি এই স্মৃতির আলোটুকু সম্বল করেই কাটিয়ে দিতে চাই। নবগঙ্গার তীরে ফেলে আসা সেই মা আর মাটির গন্ধই আমার বেঁচে থাকার অক্সিজেন।

প্রথমবার মা হওয়া এবং প্রথমবার বিসিএস ক্যাডার হওয়া

প্রীতিলতা প্রামাণিক

রোল: ৩১৪



২৭ তম বিসিএস আমার জীবনের সাথে ওতোপ্রতোভাবে জড়িত। কোথাও '২৭ তম দরপত্র বিজ্ঞপ্তি' বা '২৭ তম প্রীতি ফুটবল ম্যাচ' লেখা দেখলেও চমকে উঠতাম। ২০০৫ সালের জুন মাসে যখন ২৭ তম বিসিএস এর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়, তখন প্রচন্ড অসুস্থতা নিয়েই ফরম তুলি। ২০০৫ সালের নভেম্বর সিজারিয়ান ইন্টারসেকশনের মাধ্যমে একটি পুত্র সন্তানের মা হই,তার ঠিক দুদিন পরেই ছিল প্রিলিমিনারী পরীক্ষা। রাজশাহীতে মুক্তি ক্লিনিকের ৫ম তলার কেবিনে ভর্তি ছিলাম। ক্লিনিকে যাবার সময় একটি পেনসিল বক্স এবং এডমিট কার্ড লুকিয়ে নিয়ে গিয়েছিলাম সঙ্গে করে।সিজারিয়ান অপারেশনের বড় ধকলের পর বাড়ির কেউ রাজি ছিলোনা পরীক্ষা দিতে যাবার জন্য। অজ্ঞান অবস্থা থেকে জ্ঞান ফিরে আসামাত্রই আমার স্বামীর কাছে প্রিলিমিনারী পরীক্ষা দিতে যাবার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করি। আমার ব্যাকুলতা দেখে সে রাজি হয়ে যায়। নার্সের সহযোগিতায় একটি আটপৌরে শাড়ি পেঁচিয়ে, হাতের স্যালাইন খুলে রেখে আমার স্বামী আমাকে টিচার্স ট্রেইনিং কলেজ, রাজশাহী কেন্দ্রে আমাকে পরীক্ষা দিতে নিয়ে যায়। সেখানে দুজন পরিক্ষার্থীকে অনুরোধ করা হয়, তারা যেন আমাকে পরীক্ষা কেন্দ্রের সঠিক রুমে বসিয়ে দেয় এবং ফেরার পথে যেন হলগেটে পৌঁছে দেয়। অচেনা, অজানা দুজন পরিক্ষার্থী ভাইয়ের প্রতি আমার আজীবনের কৃতজ্ঞতা। ছেলে দুটি আমাকে পাঁজাকোলা করে টিচার্স ট্রেইনিং কলেজের লম্বা করিডোর পেরিয়ে হলরুমের হাতলওয়ালা চেয়ারে আমার অসুস্থ শরীরটাকে বসিয়ে দেয়। পরীক্ষা শেষে তারা ফিরে এসে অনুরূপভাবে আমাকে হলগেটে পৌঁছে দেয়। যেদিন প্রিলিমিনারী পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়, দুরুদুরু বুকে রেজাল্ট দেখতে গিয়ে দেখি আমার রেজিস্ট্রেশন নম্বরটি জ্বলজ্বল করছে। ২০০৬ সালের মার্চ মাসে যখন ২৭ তম বিসিএস এর লিখিত পরীক্ষা শুরু হয় তখন আমার ছেলের severe pneumonia. ডাক্তার এসে সকালে ইনজেকশন দিতো, নেবুলাইজ করতো। তখন শুরু হতো বাচ্চাটির চিৎকার। তাকে ঐ অবস্থায় ফেলে রেখে দৌড়ে যেতাম রাজশাহী কলেজের কলা ভবনের দ্বিতীয় তলায় লিখিত পরীক্ষা দিতে। সবাই লিখিত পরীক্ষার জন্য কত পড়াশোনা করছে, আমার তখন বাচ্চার অসুস্থতা নিয়ে দুঃশ্চিন্তা। এখনও মনে পড়ে, লিখিত পরিক্ষায় ইংরেজিতে একটা Amplification ছিল– Time is the best healer আর Composition ছিল– Qualities of a good civil servants.

২০০৬ এর অক্টোবরে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করার জন্য আমাকে টানা ৩দিন ঢাকায় অবস্থান করতে হয়। ছোট বাচ্চাটাকে রাজশাহীতে ফেলে রেখে ঢাকাতে অবস্থান করার কারণে আমার প্রচন্ড শারিরীক অসুবিধা শুরু হয়। ২০০৭ সালের জানুয়ারি মাসে যখন আমি Primary Teacher Training Institute এ প্রশিক্ষনার্থী ছিলাম, তখন ২১ জানুয়ারি ২৭ তম বিসিএস এর চুড়ান্ত ফলাফল প্রকাশিত হয়।আমরা ঐ প্রতিষ্ঠানের ৫ প্রশিক্ষনার্থী উত্তীর্ণ হই। Superintendent স্যার আমাদের ফুল দিয়ে সাদরে বরণ করে নেন। ঐ



দিন আমার বন্ধু রাব্বির সাথে পথে দেখা হয়। দুজনে রিকশা থেকে মুখ বাড়িয়ে আমাদের দুজনের একই বিসিএস এ উত্তীর্ণ হওয়ার খবর শেয়ার করি।এর পরের দীর্ঘ ইতিহাস আমাদের সকলের জানা। রাজপথে, আদালতে কেটে গেছে ১৮টি বছর! তারপরেও বিধাতা 'ভাগ্যের লিখন না যায় খন্ডন' বলে কিছু একটা আমাদের জন্য রেখে দিয়েছেন আমদের জন্য। এত বছর পরে এত বাধা পেরিয়ে আজ আমরা ২৭ তম বিসিএস এর প্রথম ফলাফলে উত্তীর্ণরা চাকরিতে জয়েন করতে পেরেছি। এর থেকে অলৌকিক আর কি হতে পারে! প্রিলিমিনারী পরীক্ষার দুদিন আগে জন্ম নেওয়া আইকনিক ছেলেটি আজ বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তার বয়স ২৭ তম বিসিএস এর সমান।

জাপানের পথে পথে: সংস্কৃতি ও সৌন্দর্যের খোঁজে

আফরোজ জাহান

রোল: ২১০

ওসাকা: ইতিহাস, আলো ও প্রাণবন্ত রঙ

২৩ ডিসেম্বর, ২০২৩। শীতের সকালে বিমানবন্দরে দাঁড়িয়ে আমি আনন্দে উচ্ছ্বসিত।হালকা কুয়াশা, ব্যস্ততা এবং ভ্রমণের আনন্দ মিলিয়ে মনে হচ্ছিল যেন হৃদয়ও আমার সঙ্গে উড়ছে। আমার প্রথম গন্তব্য ছিল ওসাকা—জাপানের প্রাণবন্ত শহর, যেখানে আধুনিকতা ও ঐতিহ্য একসাথে মিলেছে।

ওসাকা ক্যাসল–এর প্রাচীন প্রাসাদের চারপাশে কুয়াশা ভেসে আসছিল, আর সোনালী আলো প্রাসাদের দেয়ালকে যেন স্বপ্নময় আভায় মোড়িয়ে দিয়েছে। প্রাচীন প্রাসাদের চারপাশে বাগান আর বৃক্ষ যেন এক শান্ত পরিবেশ তৈরি করেছে, যেখানে শুধু নীরবতা এবং ইতিহাসের ছোঁয়া ছিল। হালকা শীতের বাতাস, পাতা ঝরা রাস্তা এবং প্রাচীন দেয়ালের সৌন্দর্য আমাকে মনে করিয়ে দিল, ইতিহাস কেবল বইয়ে নয়, চোখে দেখা যায়।

ওসাকা ক্যাসল

রাতের দোতোনবোরি এলাকা এক আলোকিত স্বপ্নের নগরী। রঙিন বাতি, মানুষের হাসি, স্ট্রিট ফুড–এর গন্ধ—সবকিছু মিলিয়ে একটি জীবন্ত ছবি তৈরি করছিল। আমি গরম তাকোইকি খাচ্ছিলাম এবং পাশের দোকান থেকে ওকোনোমিয়াকি কিনে চেষ্টা করছিলাম। রাস্তার মধ্যে বাজানো সঙ্গীত, মানুষের হাসি, আর বিভিন্ন দোকানের আলো—সব মিলিয়ে মনে হচ্ছিল, শহর যেন আমাকে স্বাগত জানাচ্ছে।

কিয়োটো: ইতিহাস, শান্তি ও জাদুকরী নকশা

পরের দিন যাত্রা শুরু কিয়োটো। প্রাচীন রাজধানী, যেখানে ইতিহাস আর প্রকৃতির সৌন্দর্য একত্রে মিলেছে। ফুশিমি ইনরি তায়শার হাজার হাজার লাল তোড়ো পথ যেন এক জাদুকরী নকশা। সেই লাল ফ্রেমের মধ্য দিয়ে হাঁটতে হাঁটতে মনে হচ্ছিল, আমি যেন অন্য সময়ে, অন্য জগতে পৌঁছেছি।

আরাশিয়ামার বন, হালকা শীতের বাতাস এবং নদীর ধারে ছোট কফি শপে গরম মাচা লাটে বসে থাকা—সবকিছু এক মধুর স্বপ্নের মতো। স্থানীয়রা প্রথাগত পোশাকে হাঁটছিল, তাদের শান্ত মনোভাব এবং সৌজন্য আমাকে মুগ্ধ করল। কিয়োটোর ছোট ছোট রাস্তা, প্রাচীন মন্দির এবং ছায়াছন্ন পথ আমাকে ভ্রমণের আসল আনন্দ শেখাল—দেখা নয়, অনুভব করা।

সোনার দুর্গ" বা "গোল্ডেন প্যাভিলিয়ন

আমি কিয়োটোর বিখ্যাত গিয়ন এলাকা ঘুরে দেখলাম, যেখানে প্রাচীন চায়ের দোকান এবং কাঠের বাড়ির মধ্যে রূপালী আলো পড়ছে। সন্ধ্যার সময়, স্থানীয়রা আমাকে একটি ছোট রেস্টুরেন্টে আমন্ত্রণ জানাল। সেখানে কাইসেকি ডিনার খেতে খেতে আমি স্থানীয় খাদ্য সংস্কৃতির রঙিন জগতে হারিয়ে গেলাম। প্রতিটি পদ ছিল এক শিল্পকর্ম, যা শুধু চোখ নয়, মনকেও মুগ্ধ করেছিল।

ইয়োকোহামা: সমুদ্রের কোলাহল ও নীল আলো

পরবর্তী গন্তব্য ইয়োকোহামা। সমুদ্রের শহর, যেখানে বন্দরের কোলাহল, লাল লাইটহাউস এবং স্কাই গার্ডেনের দৃশ্য একসাথে মুগ্ধ করল। রাতের হিমায়িত বাতাসে শহরের আলো যেন আমার জন্যই ঝলমল করছে।


ইয়োকোহামার চায়না টাউন এবং বিখ্যাত রামেন স্ট্রিট—প্রতিটি মুহূর্ত যেন গল্পে পরিণত হচ্ছে। স্থানীয় সুশি এবং তাজা সামুদ্রিক খাবার স্বাদে ভ্রমণকে আরও প্রাণবন্ত করে তুলল। সমুদ্রের ঢেউয়ের শব্দ এবং মানুষের হাসি একত্রে ভ্রমণকে আবেগময় ছোঁয়া দিল। বন্দরের পাশ দিয়ে হেঁটে চলা, দূরে নীল সমুদ্র আর লাল বাতি—এমন দৃশ্য কল্পনাতেও বিরল।

আমি ইয়োকোহামার মিনাতো মিরাই 21–এ রাতে গেলাম। উঁচু দৃষ্টিকোণ থেকে শহরের আলো এবং সমুদ্রের মিলন যেন এক স্বপ্নময় ছবি ফুটিয়ে তুলল। শহরের লাইটশো, মানুষের গুঞ্জন, এবং হালকা বাতাস সব মিলিয়ে একটি আবেগময় মুহূর্ত তৈরি করল।

টোকিও: আধুনিকতা, ঐতিহ্য এবং উৎসব

২৯–৩১ ডিসেম্বর। যাত্রা চলল টোকিও। শহর, যেখানে আধুনিকতা এবং ঐতিহ্য একত্রে মিলেছে। শিবুয়া ক্রসিং–এর ব্যস্ত রাস্তা, হ্যারাজুকুর রঙিন ফ্যাশন, এবং আসাকুসার সেনসোজি মন্দির—সবকিছু একত্রে হৃদয়ে আনন্দ জাগাল।

শীতের সূর্য অস্ত যায়, শহরের আলো পুরো শহরকে এক বিশাল উৎসবময় মঞ্চে পরিণত করল। স্থানীয় মার্কেট থেকে টেম্পুরা এবং হোমমেড সুশি খেতে খেতে শহরের প্রাণবন্ত সংস্কৃতির সঙ্গে নিজেকে মিশে যেতে দেখলাম। প্রতিটি রাস্তা, প্রতিটি দোকান, প্রতিটি মানুষের



হাসি—সবকিছু এক অভূতপূর্ব অভিজ্ঞতা।

৩১ ডিসেম্বর, নতুন বছরের রাত। টোকিও টাওয়ার থেকে শহরের আলো এবং আতশবাজি দেখলাম। প্রতিটি আলো যেন নতুন আশার প্রতীক। জনস্রোত, হাসি এবং নতুন বছরের গুঞ্জন—সব মিলিয়ে এক অসাধারণ মুহূর্ত তৈরি করল। রাতের ঠাণ্ডা হাওয়া, আলোর ঝলকানি, এবং আশেপাশের মানুষের উৎসাহ—সবকিছু এক আবেগময় মুহূর্ত তৈরি করল।

টোকিও টাওয়ার

নতুন বছরের প্রথম সকাল: আশা, প্রার্থনা এবং নতুন শুরু

১ জানুয়ারি, ২০২৪। নতুন বছরের প্রথম সকাল। শান্ত জাপানি মন্দিরে প্রার্থনা। নতুন বছর, নতুন আশা এবং জীবনের অগণিত সম্ভাবনার প্রতিশ্রুতি অনুভব হলো। প্রতিটি শহর, প্রতিটি মুহূর্ত, প্রতিটি স্বাদ এবং প্রতিটি আলো আমাকে মনে করিয়ে দিল, ভ্রমণ কেবল দেখার নয়, অনুভব করার।

আমি মন্দিরের ধীর নীরবতা অনুভব করলাম, যেখানে মানুষ প্রার্থনা করছিল, আর আমি নিজের জন্য নতুন বছরের পরিকল্পনা এবং স্বপ্ন স্থির করলাম। নতুন দিনের সূর্য যখন মন্দিরের চুড়া ছুঁলো, তখন মনে হলো, জীবনও ঠিক এমনই নতুন সম্ভাবনা নিয়ে আসে—প্রতিটি মুহূর্তই একটি নতুন গল্প।

ওসাকা, কিয়োটো, ইয়োকোহামা এবং টোকিও—প্রতিটি শহর নিজস্ব গল্প বলেছে। প্রতিটি অভিজ্ঞতা মনে করিয়েছে, পৃথিবী কত বিস্ময়কর! এই ভ্রমণ কেবল জায়গা দেখার নয়, এটি আবেগ, স্বপ্ন এবং নতুন অভিজ্ঞতার মেলবন্ধন। জাপান আমার হৃদয়কে স্পর্শ করেছে, চোখকে মুগ্ধ করেছে এবং আত্মাকে নতুনভাবে জাগিয়ে তুলেছে।

এই যাত্রা কেবল ভ্রমণ নয়, এটি অনুভূতি, আবিষ্কার এবং স্বপ্নের সংমিশ্রণ। প্রতিটি শহরের আলাদা স্মৃতি, খাবার, রাস্তা, বাতাস এবং মানুষের সৌজন্য—সবকিছু মিলিয়ে জীবনকে আরও সমৃদ্ধ করেছে।

বাবার শেষ হাসি

মো: আলী আশরাফ সিদ্দিকী জাকীর

রোল: ১০১

ছোটবেলা থেকে বাবার একটাই কথা—"তোকে আমি ম্যাজিস্ট্রেট বানাবো।" তখনো বুঝতাম না ম্যাজিস্ট্রেট কী বা তার কাজ কেমন। কিন্তু বাবার এই অদম্য ইচ্ছাই আমার জীবনের একমাত্র লক্ষ্য হয়ে দাঁড়ায়। অবশেষে ২৭তম বিসিএস পরীক্ষার চূড়ান্ত ফলাফলে যখন আমার নাম প্রশাসন ক্যাডারে এলো, তখন বাবার আনন্দের সীমা ছিল না। পাড়ার সবাইকে মিষ্টিমুখ করাচ্ছিলেন আর বলছিলেন, আমার ছেলে আজ এলাকার সবচেয়ে বড় কর্মকর্তা। কিন্তু সেই আনন্দ বেশিদিন স্থায়ী হলো না।

২০০৭ সালের ২১শে জানুয়ারি। হঠাৎ করেই ২৭তম বিসিএস বাতিল হয়ে যাওয়ার খবর এলো। এ যেন আমাদের মাথায় আকাশ ভেঙে পড়ার মতো অবস্থা। সেদিন আমার চেয়েও বেশি ভেঙে পড়েছিলেন বাবা। নিজের কষ্টের চেয়ে তিনি আমার কষ্টের কথা ভেবে বেশি কাঁদতেন। সেই চোখের জল আর



কোনোদিন শুকোয়নি। বুকভাঙ্গা কান্না আর দীর্ঘশ্বাস নিয়ে ২০১৮ সালে বাবা আমাদের ছেড়ে চিরবিদায় নিলেন। তাঁর চোখের পানি মুছে দেওয়ার সুযোগ আমার আর হলো না। এর কিছুদিন পর মা-ও আমাদের ছেড়ে চলে গেলেন। বাবা-মাকে হারিয়ে তখন আমি একেবারে একা।

কিন্তু সৃষ্টিকর্তার লিখন অন্যরকম ছিল। দীর্ঘ আইনি লড়াই শেষে একসময় আদালত ২৭তম বিসিএস পুনর্বহাল করে এবং আল্লাহ আমার চাকরি ফিরিয়ে দিয়েছেন। আজ আমি বাবার স্বপ্নের সেই ম্যাজিস্ট্রেট। লাল ফিতার ফাইল, ব্যস্ত আদালত, গাড়ির হর্ন—সব আছে, শুধু নেই বাবা। প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে যার মুখ দেখে কাজে বের হতাম, আজ সেই বাবা নেই, মা-ও নেই। এই বিশাল প্রাপ্তির সুখ কার সাথে ভাগ করব? চারপাশের কোলাহলের মাঝেও আমার ভেতরের শূন্যতা আমাকে কুঁড়ে কুঁড়ে খায়। আমি জানি, দূর আকাশের কোনো এক তারা থেকে বাবা ঠিকই দেখছেন তার ছেলে আজ ম্যাজিস্ট্রেট। এটাই এখন আমার জীবনের একমাত্র সান্ত্বনা।



ইচ্ছে মৃত্যু

মোহাম্মদ নাজমুল আহসান

রোল: ৪৩৫

আজ খুব একটা মৃত্যু দরকার
অন্তত সাত দিনের জন্য ;
ভরা পূর্ণিমায় লক্ষ্মীপ্যাঁচা দেখবো ।

আজ খুব একটা মৃত্যু দরকার
অন্তত এক ঘন্টার জন্য ;
ইশ্বরের কাছে এক গাদা অভিযোগ তুলবো ।

আজ খুব একটা মৃত্যু দরকার
অন্তত ছাপান্ন কোটি সেকেন্ডের জন্য ;
অনন্ত অতীতে গিয়ে
নিকষ অমাবস্যায় হুতুম প্যাঁচাটাকে বধ করবো।

Photo Gallery

Registration










Paying Tribute to the National Marturs' Memorial











Inaugural Ceremony

















Rector's Tea


FOUNDATION TRAINING COURSE
01 March - 28 June 2026
RECTOR'S TEA
Wednesday, 01 April 2026
Indoor Games Hall
Bangladesh Public Administration Training Centre
Savar, Dhaka


FOUNDATION TRAINING COURSE
01 March - 28 June 2026
RECTOR'S TEA


RECTOR'S TEA


লাক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র


ন প্রশিক্ষণ কেন্দ্র


Bangladesh Public Administration Training Centre
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র




FOUNDATION TRAINING COURSE
RECTOR'S TEA




Training Centre

Session with the Hon'ble Information and Broadcasting Minister



Session with the Hon'ble Adviser to the PM





Session with the Guest Speakers










Academic Session










Debate and Seminar











Iftar and Dua

















Mess Night











Mess Night











Mess Night











Mess Night











Secretariat Attachment

















District and Upazila Attachment

















District and Upazila Attachment




















জেলা প্রশাসন, মৌলভীবাজার
জেলা আইন শৃঙ্খলা কমিটির সভা




নেত্রকোণা সার্কিট হাউজ




৮৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের মাঠ-সংযুক্তির অংশ হিসেবে
উদ্বুদ্ধকরণের মাধ্যমে বসতবাড়ি ও রাস্তার ধারে
সজিনা চারা/কাটিং রোপন কার্যক্রমের
শুভ উদ্বোধন
তারিখ : ১২ মে ২০২৬ খ্রি.
আয়োজনে : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জলঢাকা, নীলফামারী





District and Upazila Attachment

















District and Upazila Attachment

















BARD Attachment












“দারিদ্র্য হ্রাসকরণ ও পল্লী উন্নয়ন” শীর্ষক সংযুক্তি কার্যক্রম
(২৬–৩০ এপ্রিল, ২০২৬)
প্রধান অতিথি: ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক
মহাপরিচালক, আরডিএ, বগুড়া
যৌথ আয়োজনে
পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা







Study Tour: Cox's Bazar & Rohingya Camp











Study Tour: Cox's Bazar & Rohingya Camp










Study Tour: Cox's Bazar & Rohingya Camp

















Study Tour: Cox's Bazar & Rohingya Camp











Sports








জলতরঙ্গ


জয়ন্ত বিথী


বৈশাখী

Sports











Sports











Morning PT











Lunch-Dinner











BRAC, JICA, ADB, Eco Text Visit







BRAC, JICA, ADB, Eco Text Visit







Miscellaneous

























আমাদের সিআরটি

Collage: Pains to be Painted


আমরণ অনশন
২৭তম বিসিএসে বঞ্চিতদের বিক্ষোভ ১৭ জন গ্রেপ্তার
পরিজন নিয়ে আমরণ অনশনে ২৭তম বিসিএসের বঞ্চিতরা
পুনর্বহালের দাবীর
সমকাল



জনতার প্রতিরোধ:
আন্দোলনের ক
অধিকারের সংগ্রাম

পরিজান নিয়ে আমর
২৭তম বিসিএসের

দাবি আদায়ের দৃ



২৭ তম বিসিএস এর ১৮ বছর আগের আন্দোলন কর্মসূচির প্রকাশিত সংবাদ নিয়ে এই কোলাজ তৈরিতে যাঁরা ছবি ও পত্রিকা সরবরাহ করে সহযোগিতা করেছেন তাঁদের প্রতি স্যুভেনির কমিটি কৃতজ্ঞ। এক্ষেত্রে বিশেষভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি ৮০ তম বুনিয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষনার্থী আনোয়ারুজ্জামান (সুমন), তড়িৎ হোসেন খান (অপু), আবু তালেব (যোগদান করেননি) ও গুলজার হোসেন (যোগদান প্রক্রিয়াধীন)।